XVI. 5. 1–3

XVI s.1

শ্রীশ্রীহরিঃ ।।

শরণং ।

IMPERIAL LIBRARY

# ।। আয়ুর্ব্বেদ দর্পণঃ ।।

চানকগ্রাম নিবাসি

শ্রীশ্রীনারায়ণ রায় কর্ত্তৃক সংগৃহীতঃ

চরক সুশ্রুত বাগ্‌ভট হারিত ভাবপ্রকাশ প্রভৃতি এবং রসায়ন

গ্রন্থরসরত্নাকর রসেন্দ্রচিন্তামণি প্রভৃতি এবং নানা তন্ত্র প্রণীত গদ্যপদ্য

তদীয়ার্থে সাধুভাষা সহিত বহু পণ্ডিত কর্ত্তৃক সংশোধিত

হইয়া প্রভাকর মুদ্রাযন্ত্রে মুদ্রিত হইল ।

এই গ্রন্থের প্রয়োজন সুস্থ শরীরের রক্ষোপায় এবং আতুরব্যাধি মুক্ত্যু পায় হেতব প্রয়োজনানুসার সংগ্রহ সুচারু গ্রন্থ প্রায় পঞ্চাশৎ সহস্র শ্লোক গদ্যপদ্যে হইবেক, ইহাতে একশত খণ্ড হইবেক, মাসিক পঞ্চাশত সংখ্যক শ্লোকেতে খণ্ড নিরূপিত হইল, প্রতি খণ্ডের মূল্য এক মুদ্রা কেবল মুদ্রাঙ্কিত জন্য ব্যায় লওয়া মাত্র এতদ্গ্রন্থের যাবদ্বৃত্তান্ত প্রতিখণ্ডে নির্ঘণ্ট পত্র দৃষ্টি করিলে বোধ হইবেক, বিস্তরলেখা এস্থলে নিষ্প্রয়োজন, দর্পণে সাকল্য কলেবর বাহ্যে প্রতিবিম্বিত হয়, আয়ুর্ব্বেদ দর্পণে নিখিল কলেবরান্তর্বাহ্য প্রতিবিম্বিত এবং অন্তর্বহির্জ্ঞান এবং দেহস্থিতি নিবৃত্তি রক্ষাবৃত্তি দৃষ্ট হয় ইতি ।

এই গ্রন্থ যাঁহার প্রয়োজন হইবেক কলিকাতা নগরে আহিরিটোলা গ্রামে শ্রীযুত শম্ভুচন্দ্র হালদার মহাশয়ের বাটীতে তত্ত্ব করিলে পাইতে পারিবেন।

শকাব্দাঃ ১৭৬২ । সন ১২৪৭ সাল তারিখ ২৪ জ্যৈষ্ঠ ।

## নির্ঘণ্ট


মায়া বন্দনা ১
গণপতি প্রভৃতি বন্দনা ১
গ্রন্থাভিপ্রায় ২
ব্রহ্মপ্রজাপতিপ্রভৃতিকেনমস্কার ৩
আয়ুর্বেদ লক্ষণ ৩
আয়ুর্বেদ নিরুক্তি ৪
আয়ুর্লক্ষণ ৪
আয়ুর্বেদ ক্রম ৪
ব্রহ্মা প্রাদুর্ভাব ৪
দক্ষ প্রাদুর্ভাব ৫
অশ্বিনীকুমার প্রাদুর্ভাব ৫
ইন্দ্রপ্রাদুর্ভাব ৬
আত্রেয় প্রাদুর্ভাব ৭
চরক মত আয়ুর্বেদ লক্ষণ ১০
ভরদ্বাজ প্রাদুর্ভাব ১১
রোগ দোষ কথন ১৩
চরক প্রাদুর্ভাব ১৬
ধন্বন্তরি প্রাদুর্ভাব ১৭
সুশ্রুত প্রাদুর্ভাব ১৯
প্রথমোল্লাস সমাপ্ত ২২
চিকিৎসা ২৩
সৃষ্টিক্রম ২৩
ধন্বন্তরিকর্ত্তৃক সুশ্রুতকে প্রকৃতির উপদেশ ২৩
ইন্দ্রিয় উৎপত্তি ২৪
ষোড়শ বিকার ২৬
ইন্দ্রিয়াধিদেবতা ২৬
প্রকৃতি পুরুষসাধর্ম্ম্য ২৭
প্রকৃতি পুরুষবৈধর্ম্ম্য ২৭
প্রকৃতি নাম ২৭
প্রকৃতি গুণ ২৮
সত্ত্বগুণি গুণ ২৮
রজোগুণি গুণ ২৮
তমোগুণি গুণ ২৯
বুদ্ধি তত্ত্বোৎপত্তি ২৯
অহঙ্কার তত্ত্বোৎপত্তি ৩০
ত্রিবিধাহঙ্কার ৩১
মনোলক্ষণ ৩১
মনোগুণ ৩১
ইন্দ্রিয় বিষয় ৩২
পঞ্চতন্মাত্রোৎপত্তি ৩২
পঞ্চভূতোৎপত্তি ৩৩
আকাশ গুণ ৩৩
বায়ুগুণ ৩৩
অগ্নিগুণ ৩৪
জল গুণ ৩৪
পৃথিবীগুণ ৩৪
সপ্ত বিকৃতি ৩৪
অষ্ট প্রকৃতি ৩৪
ষোড়শ বিকার ৩৫
চতুর্বিংশতি তত্ত্ব ৩৫
জীবগুণ ৩৫
দ্বিতীয়োল্লাস সমাপ্তি ৩৬
রজস্বলাস্বভাব কথন ৩৭
রজস্বলা কৃত্য ৩৮
রজস্বলা নিষিদ্ধ কৃত্য ৩৮
নিষিদ্ধ করণে দোষ ৩৯
প্রসিদ্ধ করণে বিধি ৪০

## নির্ঘণ্ট


স্বামি কর্ত্তব্য - ৪০
গর্ভাধানরাত্রি - ৪১
যুগ্মাযুগ্ম ফল - ৪১
স্বামি নিষিদ্ধ কর্ম্ম - ৪১
পত্নী বিহিত ঐ - ৪২
পত্নী নিষিদ্ধ ঐ - ৪২
নিষিদ্ধ রাত্রি - - ৪২
গর্ভোৎপত্তিক্রম - ৪২
দম্পতীদের সন্তান দোষ ৪৩
গর্ভে জীবস্থিতি - ৪৪
গর্ভে যমকোৎপত্তি ৪৫
গর্ভে কন্যা পুত্র নপুংসকোৎপত্তি - - ৪৫
ধাতু পরিমাণ - ৪৫
সদ্যোগৃহীত লক্ষণ ৪৭
গর্ভগ্রহণোত্তর লক্ষণ ৪৭
গর্ভিণী লক্ষণ - ৪৭
পুত্র গর্ভবতী লক্ষণ ৪৭
কন্যা গর্ভবতী লক্ষণ ৪৭
নপুংসক গর্ভবতী লক্ষণ ৪৮
নপুংসক লক্ষণ - ৪৯
বিকৃতি গর্ভ কথন - ৫০
অঙ্গ কথন - - ৫২
মস্তকাদি প্রথমাঙ্গ ৫২
দ্বিতীয়াঙ্গ তৃতীয়াঙ্গ ৫২
চতুর্থাঙ্গ - ৫৩
পঞ্চমাঙ্গ ষষ্ঠাঙ্গ সপ্তমাঙ্গ ৫৪
উপাঙ্গ - - ৫৪
প্লীহস্থান - ৫৪
যকৃৎস্থান - ৫৪
রঞ্জক পিত্তস্থান - ৫৫
ক্লোমস্থান - ৫৫
কালীয়কস্থান - ৫৫
বৃক্কস্থান - ৫৫
অন্ত্র সংখ্যা - - ৫৫
উপস্থস্থান - - ৫৫
গর্ভাশয় ৫৫
অণ্ডকোষ - ৫৬
গুহ্য পরিমাণ - ৫৬
অষ্টমাঙ্গ - - ৫৭
উপাঙ্গ - - ৫৭
তৃতীয়োল্লাস সমাপ্তি - ৫৭
দোষ কথন - ৫৮
ধাতু কথন - ৫৯
বায়ুস্বরূপ - ৫৯
বায়ু গুণ কর্ম্ম - ৬০
বায়ু নাম - - ৬০
বায়ু স্থান - - ৬০
উদান নাম বায়ুস্থানগুণকর্ম্ম ৬১
প্রাণ বায়ুস্থান ঐ ঐ ৬১
সমান বায়ুস্থান ঐ ঐ ৬১
অপান বায়ুস্থান ঐ ঐ ৬১
ব্যানবায়ুস্থান ঐ ঐ ৬১
পিত্ত স্বরূপ - ৬২
পিত্ত নাম - ৬২
পিত্ত স্থান - - ৬৩
পাচক নামক পিত্তস্থান গুণকর্ম্ম ৬৩
পাচকপিত্ত পরিমাণ ৬৫
অগ্নিস্থান - ৬৫
চন্দ্রসূর্য্য মণ্ডল - ৬৬

## নির্ঘণ্ট


| | |
|---|---|
| রঞ্জক পিত্ত গুণ কর্ম্ম | ৬৭ |
| সাধকপিত্ত গুণ ঐ | ৬৭ |
| আলোচক পিত্ত গুণ ঐ | ৬৭ |
| ভ্রাজক পিত্ত গুণ ঐ | ৬৭ |
| শ্লেষ্মস্বরূপ — — | ৬৭ |
| ঐ নাম — | ৬৭ |
| ঐ স্থান — | ৬৮ |
| ক্লেদন নাম কফ গুণ কর্ম্ম | ৬৮ |
| অবলম্বন নামকফ ঐ ঐ | ৬৯ |
| রসন নাম কফ ঐ ঐ | ৬৯ |
| স্নেহন নাম কফ ঐ ঐ | ৬৯ |
| শ্লেষ্মনন"ম ঐ ঐ | ৬৯ |
| ধাতু নিরূপণ — | ৬৯ |
| ধাতু গুণ কর্ম্ম — | ৬৯ |
| রস নিরূপণ — | ৭০ |
| রস স্বরূপ — — | ৭০ |
| রস স্থান — | ৭০ |
| রস কর্ম্ম — | ৭০ |
| রক্ত স্বরূপ — | ৭০ |
| রক্তস্থান — — | ৭১ |
| মাংস স্বরূপ — | ৭১ |
| মাংস পরিমাণ সংখ্যা | ৭২ |
| মেদঃস্বরূপ — — | ৭৪ |
| মেদঃস্থান — | ৭৪ |
| অস্থি স্বরূপ — | ৭৪ |
| অস্থিস্থান — — | ৭৫ |
| অস্থি সংখ্যা — | ৭৫ |
| অস্থিপ্রয়োজন — | ৭৭ |
| মজ্জস্থান — | ৭৭ |
| শুক্রোৎপত্তি — | ৭৭ |
| চতুর্থোল্লাস সমাপ্তি | ৭৭ |
| আহার গতি কথন | ৭৮ |
| ষড়বিধাহার — — | ৭৮ |
| আশয়নিরূপণ — | ৭৮ |
| শ্লেষ্মা স্বরূপ — | ৭৯ |
| পাক স্বরূপ — | ৭৯ |
| গ্রহণী স্বরূপ — — | ৭৯ |
| মলমূত্র স্বরূপ — | ৮০ |
| রসাদি সপ্তধাতু কথন | ৮০ |
| রসাদি পাক কা | ৮১ |
| রসভাগদ্বয় — | ৮২ |
| রক্তভাগদ্বয় — — | ৮৪ |
| মাংসভাগদ্বয় — | ৮৪ |
| মেদোভাগদ্বয় — | ৮৫ |
| অস্থিভাগদ্বয় — | ৮৬ |
| মজ্জভাগদ্বয় — | ৮৭ |
| শুক্রোৎপত্তি — — | ৮৭ |
| শুক্রভাগদ্বয় — | ৮৮ |
| ধাতু কথন — | ৮৮ |
| ওজঃস্বরূপ — | ৮৯ |
| ওজঃ প্রমাণ — | ৮৯ |
| আর্ত্তবোৎপত্তি — | ৯০ |
| বাজীকরণ প্রয়োজন | ৯২ |
| বালক শুক্র সম্ভব | ৯৩ |
| শুক্র স্বরূপ — | ৯৪ |
| গর্ভ জনন যোগ্য শুক্র লক্ষণ | ৯৫ |
| শুক্রস্থান — | ৯৫ |
| শুক্রক্ষরণ মার্গ — | ৯৬ |
| শুক্র ক্ষরণ কারণ | ৯৬ |
| আর্ত্তব স্বরূপ — | ৯৬ |
| ঋতু সাব — — | ৯৭ |
| গর্ভগ্রহণ যোগ্য আর্ত্তবলক্ষণ | ৯৭ |
| ধাতু বিষয়াতিরিক্তগুণ — | ৯৮ |
| ধাতুমল — | ৯৮ |
| উপধাতু — — | ৯৮ |
| দোষাদি স্থান কথন — | ৯৯ |
| আশয়ানুক্রম — | ১০০ |
| পঞ্চমোল্লাস সমাপ্ত | ১০০ |

॥ শ্রীগণেশায়নমঃ ॥

আদ্যাবীজস্বরূপা প্রভবতু প্রকৃতির্মম হৃদন্তর্ত্রিলোকা
যস্যাঃ সপ্তাপয়ে সুঃ কিলমুখমহতঃ ষোড়শান্যে
বিকারাঃ। ইত্থং তত্ত্বং চতুর্বিংশতিক পরিমিতং ত্ব
ময়ী তত্ত্বরূপা শ্রিত্বা নির্ম্মাতি পাতি ক্ষিপতিহি ভুব
নং যা গুণাংস্ত্রীংস্ত্রিমূর্ত্তিঃ ॥ ১ ॥ * ॥

কোন অনির্ব্বচনীয়া আদ্যাবীজস্বরূপা মমহৃদয়মধ্যবর্ত্তিনী হইয়া প্রকাশ হউন অর্থাৎ হৃৎপদ্মাস্থিত হউন, যেপ্রকৃতি হইতে মহদাদি সপ্ত বিকার হয়, যথা মহৎ অর্থাৎ তেজঃ তেজ হইতে অহঙ্কার অহঙ্কার হইতে পঞ্চতন্মাত্র তদ্যথা শব্দ তন্মাত্র স্পর্শতন্মাত্র রূপ তন্মাত্র রসতন্মাত্র গন্ধতন্মাত্র মহদাদিসপ্তপ্রকৃতি হইতে একাদশ ইন্দ্রিয় পঞ্চমহাভূত হয়েন, এবম্প্রকার চতুর্বিংশতিতত্ত্ব জগতের সম্ভব কারণ চতুর্বিংশতি তত্ত্বময়ী প্রকৃতি স্বরূপা তিনি এবং প্রকৃতি সত্ত্ব রজস্তমগুণাশ্রয় করিয়া ত্রিলোক নির্ম্মাণ পালন সংহরণ করিতেছেন আর তিনি ত্রিমূর্ত্তি প্রাতর্মধ্যাহ্ন সায়াহ্নমূর্ত্তি এবং সত্ত্ব রজস্তম গুণাত্মক ব্রহ্মা বিষ্ণু রুদ্রমূর্ত্তি হয় যাহা হইতে ॥ ১ ।

অনন্তর বহুবিঘ্ন দূরীকরণার্থ গণপতি প্রভৃতিকে বন্দনা করি ॥

বন্দে দেব গজাননস্য চরণং সর্ব্বার্থসিদ্ধিপ্রদং বিঘ্ন
ব্যূহবিনাশকং গুরুপদং সংসারনিস্তারকং। শ্রীদু
র্গাপদপঙ্কজং শিবপদং ধ্যাতং বিরিঞ্চ্যাদিভির্বাণীং
সর্ব্বজনার্চ্চিতাং ভগবতীং ভক্ত্যা সদা জ্ঞানদাং ॥২

সিদ্ধিদায়ক এবং বিঘ্ন সমূহ বিনাশক দেব গণপতির চরণ কমল

বন্দনা করি তথ সংসারনিস্তারক শ্রীগুরুপদ কমলকে ও বিধি বিষ্ণু বিরূপাক্ষ কর্তৃক চিন্তিত যে শ্রীদুর্গাচরণ কমল এবং মহেশ পদারবিন্দ তাহাকে সদা ভক্তি পূর্ব্বক বন্দন করি। এবং নিখিলজন পূজিতা জ্ঞানদাত্রী ভগবতী সরস্বতী মাতাকে বন্দন করি ॥ ২ ।

---

## ॥ অনন্তরগ্রন্থাপ্তিপ্রায়ঃ ॥

আয়ুর্ব্বেদপ্রণেতৃণাং মুনীনাং সংযতাত্মনাং ।
তন্ত্রাণি চরকাদীনি পারাবার সমানিচ । তানি
সংদৃশ্য যত্নেন পদ্যভাষা বিনির্ম্মিতঃ । সংগ্রহঃ
ক্রিয়তে চারু আয়ুর্ব্বেদস্য দর্পণঃ ॥ ৪ ॥ * ॥

আয়ুর্ব্বেদ তন্ত্রকারক এবং যোগজ্ঞানে সংযত আত্মা এতাদৃশ মুনি সকলের কৃত চরকাদি তন্ত্র সমুদ্র তুল্য বিশেষ সংহিতা সেই সকল তন্ত্র সম্যক্‌রূপে দৃষ্টি করিয়া অতি যত্নদ্বারা তত্তত্তন্ত্রোক্ত অর্থাৎ চরক সুশ্রুত বাগ্‌ভট হারীত পরাশর ক্ষারপানিজেজ্জড়ভেল জতূকর্ণ বিদেহ প্রভৃতি আয়ুর্ব্বেদ তন্ত্র এইসকল তন্ত্রোক্ত শ্লোক এবং গদ্য তদীয়ার্থ সাধুভাষা রচিত আয়ুর্ব্বেদ দর্পণ নামা গ্রন্থ সুসংগৃহীত হইল ।৪

ভিষজামায়ুর্ব্বেদ সুদর্শিনাং । ধীরা
বিনোদনকরোভবেৎ ॥ ৫ ॥ অস
ং বৈদ্যানামল্পমেধসাং সুখংবিজ্ঞা
সবিষ্যতি ॥ ৬ ॥ কৃতযত্নে নিব
কটৈঃ । বিধেয়োঽস্মিন্ দোষ
হৈঃ ॥ ৭ ॥ * ॥

এবং নির্ম্মলান্তঃকরণ পরগুণদ্বেষশূন্য
ত বৈদ্য সকলের এই গ্রন্থ আহ্লাদকর

হইবেক ৫ । এবং আয়ুর্ব্বেদতন্ত্রে অজ্ঞাতা তথা অল্পবুদ্ধি চিকিৎসক দিগের রোগাদি সুখে জ্ঞাত হওনের নিমিত্ত সাররূপ এই গ্রন্থ হইবেক। ৬।। অতএব মৎকর্ত্তৃক যত্নবৃত্ত সংগ্রহেতে যে দোষ বিধি তাহাতে সাধু এবং বিচক্ষণ পণ্ডিত কর্ত্তৃক অনুগ্রহ করণক সমাধান বিধেয় হইয়াছে ৭

কারণ আয়ুর্ব্বেদ শাস্ত্র বহুতর, সকলের দুর্ব্বোধ, বোধাগম্য এবং সমগ্র বিশেষতঃ, তদীয়ার্থ কঠিন এবং তদীয়ভাব, নিগূঢ় এই আয়ুর্ব্বেদ শাস্ত্রের যথার্থ প্রয়োজন যৎকিঞ্চিৎ জ্ঞাত হইয়া বায়ু পিত্ত কফ এই তিন দোষেরদিগের অংশাংশ কল্পনা এবংদোষনাশক কল্পনা বিশেষ রূপ হওয় অধুনা অভাব, তৎপ্রযুক্ত নানা ব্যবস্থা দৃষ্টিপূর্ব্বক বিবেচনা মতে যথাবিধি এবং যথা জ্ঞানগম্য লিখিত হইবেক, যে সাধু কিম্বা অসাধুতা তাহাতে পণ্ডিত সকল কৃত বিবেচন দ্বারা সকল সমাধান বিধান কৃপা পূর্ব্বক করিবেন ।। ৮

ব্রহ্মোবুক্ষ প্রজাপত্যশ্বি শক্র ভরদ্বাজাত্রেয়াগ্নি
বেশাদি ধন্বন্তরি সুশ্রুতেভ্যঃ । আয়ুর্ব্বেদস্যাগমশ্চ
যতবদ্যেন ভুতলে । লিখামি তমহং পূর্ব্বং সংদৃশ্য
ঋষিতন্ত্রতঃ ।। ৯ ।। * ।। * * *

যেপ্রকারে আয়ুর্ব্বেদ পৃথিবীতে আগমন হয় তদ্বৃত্তান্ত প্রথম মুনি তন্ত্রাবলোকন করিয়া লিখিতেছি ৯

।। আয়ুর্ব্বেদ লক্ষণমাহ ।।

আয়ুর্হিতাহিতং ব্যাধের্নিদানং শমনংতথা
বিদ্যতে যত্র বিদ্বদ্ভিরায়ুর্ব্বেদঃ স উচ্যতে ।

আয়ুর্ব্বেদের লক্ষণ এই আয়ুরহিত এবং অহিতরোগ রোগের শমতা যে গ্রন্থে নিরূপিত আছে সেই শাস্ত্রকে আয়ুর্ব্বেদ উক্ত করেন । ১০ ।।

॥ আয়ুর্ব্বেদ নিরুক্তিমাহ ॥

অনেন পুরুষো যস্মাদায়ুর্বিন্দতি বেত্তিচ তস্মান্মুনি
বরৈরেষ আয়ুর্ব্বেদ ইতিস্মৃতঃ॥ * ॥ ১১ । *॥

আয়ুর্ব্বেদের ব্যুৎপত্তি এই। আয়ুর্ব্বেদদ্বারা আয়ুষ্মান্ দ্রব্য এবং অনায়ুষ্মান্দ্রব্য এবংগুণ ও কর্ম্ম জ্ঞাতহইয়া তত্তদ্দ্রব্য পরিত্যাগএবং সেবন তদ্দ্বারা পুরুষ যেহেতু আয়ু লাভ করেন, এইহেতু শ্রেষ্ঠ মুনি কর্তৃক এই আয়ুর্ব্বেদ জ্ঞাত হইয়াছে এবং আপন আয়ুলাভ হেতুক অপরের এতৎ কর্ম্ম দ্বারা জ্ঞান হয় ॥ ১১ ॥

শরীর জীবয়োর্যোগো জীবনংতদবচ্ছিন্নঃকাল আয়ু
রিতি ॥ *॥ ১২ ॥ * ॥

শরীর এবং জীবের যোগ জীবন তাহাতে অবস্থিত কালই আয়ুঃ ১২

॥ অথায়ুর্ব্বেদ ক্রমমাহ। অথব্রহ্ম প্রাদুর্ভাবঃ ॥

বিধাতাথর্ব্ব সর্ব্বস্ব মায়ুর্ব্বেদংপ্রকাশয়ন্ । স্বনাম্না
সংহিতাঞ্চক্রে লক্ষ শ্লোক ময়ীমৃজুং ॥ ১৩ ॥ * ॥

এতৎ কথনানন্তর আয়ুর্ব্বেদক্রম কহি আয়ুর্ব্বেদ বিষয়ে ব্রহ্মার প্রাদুর্ভাব ব্রহ্মা অথর্ব্ববেদের সর্ব্বস্ব অর্থাৎ সার আয়ুর্ব্বেদ প্রকাশ করিয়া স্বীয় নামেতে সংহিতা করিয়াছেন অর্থাৎ ব্রহ্মসংহিত নাম

সংহিতা লক্ষ শ্লোকান্বিতা এবং কোমলা। ১৩ ॥

ততঃ প্রজাপতিংদক্ষং দক্ষংসকল কর্ম্মসু । বিধি
ধীর্নিরধিসাঙ্গমায়ুর্ব্বেদমুপাদিশৎ ॥ ১৪ ॥ * ॥

তৎপরে সর্ব্বকর্ম্ম দক্ষ যে দক্ষ প্রজাপতি তাহাকে বিধি বুদ্ধি হইয়া অনন্ত আয়ুর্ব্বেদ উপদেশ করেন,কর্ম্মদক্ষ অর্থাৎ কর্ম্ম কুশল। ১৪।

অথ দক্ষঃ ক্রিয়াদক্ষঃ স্ববৈর্দ্যৌবেদমায়ুষঃ। বেদয়ামা
সশ্বিনাংশৌ সূর্য্যাংশৌ সুরসত্তমৌ ॥ * ॥ * ॥

## ।। দক্ষপ্রাদুর্ভাবঃ ।।

তৎপরে দক্ষপ্রজাপতি কার্য্যে নিপুন স্বর্গবৈদ্য অশ্বিনীকুমার বিদ্বান্ সূর্য্যপুত্র এবং দেব প্রধান, এই দুই জনকে আয়ুর্ব্বেদ জ্ঞাত করিয়াছিলেন ।। ১৫ ।

দক্ষাদধীত্য দস্রৌ বিতেনতুঃ সংহিতাং স্বীয়াং ।
সকল চিকিৎসক লোক প্রতিপত্তি বিবৃত্তয়ে ধন্যাং ।। ১৬

তৎপরে দক্ষপ্রজাপতি হইতে বেদাধ্যয়ন করিয়া নিজতন্ত্র অশ্বিনীকুমার সংহিতা বিস্তার করিয়াছিলেন, এই সংহিতা সকল চিকিৎসক জনের প্রতিপত্তি বিশেষ উপায় নিমিত্ত ধন্যা ১৬

স্বয়ম্ভুব শিরশ্ছিন্নং ভৈরবেণ রুষা থতৎ । অশ্বিভ্যাং
সংহিতং তস্মাৎ তৌ যাতৌ যজ্ঞভাগিনৌ ।। ১৭ ।

এবং মহাদেবের ক্রোধে ব্রহ্মার মস্তক ছেদ হয়, সেই ছিন্ন মস্তক অশ্বিনীকুমার সন্ধি করিয়া যজ্ঞ ভাগী হন । ১৭ ।

দেবাসুররণে দেবা দৈত্যৈর্যে সক্ষতাঃ কৃতাঃ । অক্ষতা
স্তে কৃতাঃ সদ্যো দস্রাভ্যাময়ং তং মহৎ ।। ১৮ ।। *

এবং দেবাসুর যুদ্ধে অসুরগণ দেবতাদিগের ক্ষতবিক্ষত করেন তাহাও অশ্বিনীকুমার সদ্য অক্ষত রূপ সুস্থ করেন এম হৎ আশ্চর্য্য । ১৮ ।।

বজ্রিণোহভুদ্ভুজস্তম্ভঃ সদস্রাভ্যাং চিকিৎসিতঃ ।
সোমান্নিপতিতশ্চেন্দ্রস্তাভ্যামেব সুখী কৃতঃ ।। ১৯ ।।

তথা ইন্দ্রের ভুজস্তম্ভ হয়, সেও অশ্বিনীকুমার চিকিৎসা করেন এবং চন্দ্র হইতে পতিত ইন্দ্র অশ্বিনীকুমার কর্ত্তৃক সুখী হন্ ১৯

বিশীর্ণদশনা পূষ্ণো নেত্রে নষ্টে ভগস্য চ । শশিনো
রাজযক্ষ্মাভূদশ্বিভ্যাং তে চিকিৎসিতাঃ ।। ২০ ।।

ভগ্নদন্ত সূর্য্য নষ্টচক্ষুঃ শুক্র ও রাজযক্ষ্মী চন্দ্র ইঁহারা অশ্বিনীকুমারের চিকিৎসাতে আরোগ্য হন ২

স্মার্গবশ্চ্যবনঃ কামী বৃদ্ধঃসন্ বিকৃতিংগতঃ । বীর্য্য
বর্ণস্বরোপেতঃ কৃতোঽশ্বিভ্যাং পুনর্যুবা ॥ ২১ ॥

ভৃগুসন্তান চ্যবন মুনি বৃদ্ধ বিকৃতি প্রাপ্ত হইয়া কামাতুর হয়েন পশ্চাৎ অশ্বিনীকুমার কর্ত্তৃক চিকিৎসিত হইয়া যৌবন প্রাপ্তহয়েন এবং উত্তম বীর্য্য বর্ণস্বর প্রাপ্ত হয়েন ।২১।

এতৈশ্চান্যৈশ্চবহুভিঃ কর্ম্মভির্ভিষজাম্বরৌ । বভুবতু
র্ভৃশংপূজ্যাবিন্দ্রাদীনাং দিবৌকসাং ॥ ২২ ॥

এতাদৃশ সাফল্য কর্ম্ম এবং অন্যান্য বহুতর কর্ম্মদ্বারা বৈদ্যবর্গে অশ্বিনীকুমার ইন্দ্রাদি দেবত কর্ত্তৃক পূজ্য হইয়াছিলেন ॥ ২২ ॥

## ॥ অথেন্দ্র প্রাদুর্ভাবঃ ॥

সংদৃশ্যদস্রয়োরিন্দ্রঃ কর্ম্মাণ্যেতানি যত্নবান ।আয়ু
র্ব্বেদং নিরুদ্বেগং তৌ যযাচে শচীপতিঃ ॥ ২৩ ॥

অথ ইন্দ্র প্রাদুর্ভাবঃ ইন্দ্রদেব শচীপতি অশ্বিনীকুমারেরএতাদৃশ নৈপুন্য কর্ম্ম দৃষ্টিকরত যত্নবিশিষ্ট হইয়া উদ্বেগশূন্য আয়ুর্ব্বেদ অশ্বিনীকুমারের নিকট প্রার্থনা করিলেন ২৩ ॥

নাসত্যৌ সত্যসন্ধেন শক্রেণ কিলযাচিতৌ । আয়ু
র্ব্বেদং যথাধীতং দদতুঃ শতমন্যবে॥ ২৪ ॥ * ॥

সত্যসন্ধারি অশ্বিনীকুমার সত্যাবলম্বি সুরপতি কর্ত্তৃক যাচিত হইয়া কৃতাধ্যয়নায়ুর্ব্বেদ দেবরাজকে দান করিলেন ।

নাসত্যাভ্যামধীত্যৈষ মায়ুর্ব্বেদং শতক্রতুঃ । অধ্যা
পয়ামাস বহূনাত্রেয় প্রমুখান্মুনীন্ ॥ ২৫ ॥ * ॥

দেবরাজ অশ্বিনীকুমার হইতে এইআয়ুর্ব্বেদ অধ্যয়নকরিয়া আত্রেয় প্রভৃতি মুনি সকলকে অধ্যয়ন করাইলেন । ২৫ ।

## ॥ অথাত্রেয় প্রাদুর্ভাবঃ ॥

একদাজগদালোক্য গদাকুলমিতস্ততঃ। চিন্তয়ামাস
ভগবানাত্রেয়ো মুনিপুঙ্গবঃ ॥ ২৬ ॥ * ॥ *

অনন্তর আত্রেয় প্রাদুর্ভাবঃ ভগবান্ আত্রেয় মুনিশ্রেষ্ঠ এক সময়ে রোগাকুল সমস্ত জগৎ সর্ব্বদিগে আলোকন করিয়া চিন্তা করিলেন২৬

কিংকরোমিকুগচ্ছামি কথংলোকা নিরাময়াঃ। ভব
ন্তিসাময়ানেতান্ মশক্নোমি নিরীক্ষিতুং ॥ ২৭ ॥

অন্তঃকরণে করিলেন কি করি, কোনস্থানে গমন করি প্রাণি সকল নির্ব্ব্যাধি কিরূপে হইবেক, এই সকল পীড়িত মনুষ্যকে নিরীক্ষণ করিতে অশক্ত হই। ২৭ ॥

দয়ালুরহমত্যর্থং স্বভাবোদুরতিক্রমঃ। এতেষাং
দুঃখতোদুঃখংমমাপি হৃদয়েঽধিকং ॥ ২৮ ॥

কারণ অত্যন্ত দয়ালু আমি. স্বভাব দূরীকৃত হয় না, ইঁহারদিগের দুঃখে আমার হৃদয়েতে অধিক দুঃখ হইতেছে। ২৮।

আয়ুর্ব্বেদং পাঠয়ামি নৈরুজ্যায়শরীরিণাং।
ইতিনিশ্চিত্য ভগবানাত্রেয়স্ত্রিদশালয়ং ॥ ২৯ ॥

অতএব প্রাণিদিগের নির্ব্ব্যাধি নিমিত্ত আয়ুর্ব্বেদ পাঠ করিব এই নিশ্চয় করিয়া ভগবান্ আত্রেয় মুনি দেবালয়ে গমন করিলেন ॥ ২৯

তত্র মন্দিরমিন্দ্রস্য গত্বাশক্রংদদর্শসঃ। সিংহা
সনসমাসীনং স্তূয়মানং মহর্ষিভিঃ ॥ ৩০ ॥ * ॥

গমন করিয়া সেই স্থানে ইন্দ্রকে দর্শন করিলেন, সেই ইন্দ্র সিংহাসন স্থিত এবং মহর্ষি কর্ত্তৃক স্তবনীয়। ৩০।

সংযতং তংদিশোভাসা ভাস্করপ্রতিমত্বিষা। আয়ু
র্ব্বেদং মহাচার্য্যং শিরোধার্য্যংদিবৌকসাং ॥ ৩১

এবং দিবাকর প্রভাতুল্য আভাদ্বারা দশদিক সংপ্রাপ্ত অর্থাৎ শরীর তেজে দিক্ উজ্জ্বলা, এতাদৃশ দৃষ্ট হইল। ৩১ ॥

শক্রস্তন্তং নিরীক্ষ্যেব ত্যক্তসিংহাসনো যযৌ।
তদগ্রে পূজয়ামাস ভূশংভূরি তপঃকৃশং ॥ ৩২ ॥

সুরপতি ও দেবতাদিগের শিরোধার্য্য আয়ুর্ব্বেদ মহাচার্য্য অর্থাৎ আয়ুর্ব্বেদোপপ্রাপ্ত্যাকাঙ্ক্ষি সাঙ্গবেদাধ্যাপন কর্ত্তারা মুনিকে দর্শন করিয়া সিংহাসন হইতে গাত্রোত্থান করিয়া অতিশয় প্রচুর তপস্যায় কৃশ মুনিকে অগ্রে পূজা করিলেন। ৩২।

কুশলং পরিপপ্রচ্ছ তথাগমন কারণং। সমুনির্বক্তু
মারেভে নিজাগমন কারণং ॥ ৩৩ ॥ * ॥ *

এবং মঙ্গল জিজ্ঞাসা করিলেন, আগমন কারণ কি, সেই মুনি নিজ আগমন কারণ কহিতে আরম্ভ করিলেন ৩৩।

দেবরাজ নরাজোহসি দিব এব যতোভবান্। বিধা
ত্রাবিহিতো যস্মাৎত্রিলোকী লোকপালকঃ ॥ ৩৪ ॥

হে দেবরাজ তুমি স্বর্গ যেহেতু রাজা হইয়াছ যত্নেতে ব্রহ্মাকর্ত্তৃক তুমি ত্রিলোক পালক বিহিত হইয়াছ॥ ৩৪।

ব্যাধিভির্ব্যথিতালোকাঃ শোকাকুলিত চেতসঃ।
ভূতলে সন্তি সন্তাপংতেষাহর্তুংকৃপাংকুরু ॥ ৩৫ ॥

সেই হেতু ব্যাধিতে ব্যথাযুক্ত শোকাকুলচিত্ত মনুষ্য সকল পৃথিবী তলে হইয়াছে তাহারদিগের সন্তাপ হরণ নিমিত্ত কৃপাকর। ৩৫॥

আয়ুর্ব্বেদোপদেশং মে কুরু কারুণ্যতোনৃণাং।
তথেত্যুক্ত্বাসহস্রাক্ষো ধ্যাপয়ামাস তংমুনিং ॥ ৩৬

প্রাণি সকলের নিমিত্ত আমার সম্বন্ধে আয়ুর্ব্বেদ উপদেশ কর, এই উক্ত করিয়া সেই মুনিকে সুরপতি অধ্যয়ন করাইলেন॥ ৩৬॥

মুনীন্দ্র ইন্দ্রতঃ সাঙ্গমায়ুর্ব্বেদমধীত্যসঃ। অপ্তি
নন্দ্যতমাশীর্ভিরাজগাম পুনর্মহীং ॥ ৩৭ ॥ * ॥

মুনিবর ইন্দ্রহইতে আয়ুর্ব্বেদাঙ্গ সমুদায় অধ্যয়ন করিয়াসেই মুনিসেই

দেবরাজকে জয়াশীর্ব্বাদ দ্বারা অভিবাদন করত পুনর্ব্বার পৃথিবীতে আগমন করিলেন ॥ ৩৭

অথাত্রেয়ো মুনিশ্রেষ্ঠো ভগবান্ করুণাকরঃ।স্বনাম্না
সংহিতাঞ্চক্রে নরচক্রানুকাম্যয়া ॥ ৩৮ ॥ * ॥

অনন্তর আত্রেয় মুনি ঋষিশ্রেষ্ঠ ভগবান্ ও করুণাসাগর স্বীয় নামে সংহিতা করিলেন, অর্থাৎ আত্রেয় সংহিতা, মনুষ্য সকলের অনুগ্রহ কামনা করণক । ৩৮ ॥

ততোহগ্নিবেশং ভেলঞ্চ জতূকর্ণং পরাশরম্ ।
ক্ষারপাণিঞ্চ হারীতমায়ুর্ব্বেদমপাঠয়ৎ ॥ ৩৯ ॥ *

তৎপরে উক্ত মুনি ছয় জনকে পাঠ করাইলেন ॥ ৩৯ ॥

তন্ত্রস্যকর্ত্তা প্রথমমগ্নিবেশোহভবৎপুরা । ততো
ভেলাদয়শ্চক্রুঃস্বংস্বং তন্ত্রং কৃতানিচ ।* ॥ ৪০ ॥ * ।
শ্রাবয়ামাসুরাত্রেয়ং মুনিবৃন্দেন বন্দিতং । শ্রুত্বাচ
তানি তন্ত্রাণি হৃষ্টোহভূদত্রিনন্দনঃ ॥ * ॥ ৪১ ॥*॥

আয়ুর্ব্বেদ তন্ত্রবিষয়ে প্রথম সংহিতাকর্ত্তা, অগ্নিবেশ, পরে ভেলাদি পঞ্চজন করিলেন, পরে নানা মুনিকৃত তন্ত্র হইল, স্বকীয় স্বকীয় তন্ত্র করিয়া কৃততন্ত্র সকল সাকল্য মুনিবন্দিত আত্রেয় মুনিকে শ্রবণ করাইলেন ॥ ৪০ ॥ শ্রবণ করিয়া আত্রেয় আনন্দিত হইলেন । ৪১॥

যথাবৎসূচিতং তস্মাৎ প্রহৃষ্টা মুনয়োহভবন্ ।
দিবি দেবর্ষয়ো দেবাঃ শ্রুত্বা সাধ্বিতিতেহব্রুবন্ ॥৪২॥

সেই হেতু সকল মুনি আহ্লাদিতান্তঃকরণ হইলেন, স্বর্গে দেবঋষি এবং দেবতা সকলে শ্রবণ করিয়া সাধু এই বাক্য কহিলেন, যথা বিধি সূচনা হইয়াছে ॥ ৪২ ॥

অহো সাধ্বিতি ঘোষশ্চ লোকাং স্ত্রীননুনাদয়ৎ।
নভসি স্নিগ্ধগম্ভীরো হর্ষাদ্ভূতৈরুদীরিতঃ ॥ ৪৩ ॥

সাধু সাধু এই আশ্চর্য্য শব্দ ত্রিলোক পূরিত হইল, আকাশে গম্ভীর অথচ স্নিগ্ধ শব্দ প্রাণি সকল আহ্লাদপূর্ব্বক উদয় করিলেন ৪৩।

শিবোবায়ুর্ব্ববৌ সর্ব্বাভাভিরুন্মীলিতা দিশঃ।
নিপেতুঃ সজলাশ্চৈব দিব্যাঃ কুসুমবৃষ্টয়ঃ ॥ ৪৪ ॥

বায়ু উত্তম গতি হইলেন, দিক্‌সকল সুন্দর সুপ্রসন্ন হইল, সরোবর সকল উত্তম সজল হইল, স্বর্গে পুষ্প বৃষ্টি হইল। ৪৪।

তথাগ্নিবেশপ্রমুখান্‌বিবিশুর্জ্ঞানদেবতাঃ। বুদ্ধিঃ
সিদ্ধিঃ স্মৃতির্মেধা ধৃতিঃ কীর্ত্তিঃ ক্ষমা দয়া ॥ ৪৫ ॥
তানিচানুমতান্যেষাং তন্ত্রাণি পরমর্ষিভিঃ। ভবায়
ভূতসংঘানাং প্রতিষ্ঠাং ভুবি লেভিরে ॥ ৪৬ ॥

অনন্তর অগ্নিবেশ প্রভৃতি মুনিদিগকে জ্ঞানদেবতা প্রবেশ করিলেন মুনিদিগের সম্বন্ধে বুদ্ধি ও সিদ্ধি এবং স্মৃতি এবং মেধা তথা ধৃতি ও কীর্ত্তি ও ক্ষম এবং দয়া, এই সকল উপস্থিত হইয়া ॥ ৪৫ ॥ এতদনুমত তন্ত্র পরমঋষি কর্তৃক কৃত হইল, মুনি সকল পৃথিবীতে প্রাণি সমূহের উৎপত্তি নিমিত্ত প্রতিষ্ঠা লাভ করিলেন ॥ ৪৬।

॥ চরকমত আয়ুর্ব্বেদ লক্ষণমাহ ॥

হিতাহিতং সুখংদুঃখমায়ুস্তস্য হিতাহিতং।
মানঞ্চ তচ্চ যত্রোক্তমায়ুর্ব্বেদঃ সউচ্যতে ॥ ৪৭ ॥

চরকমত আয়ুর্ব্বেদ লক্ষণ এই হিত এবং অহিত ও সুখ এবংদুঃখ তথা আয়ুঃ এবং আয়ুরহিত এবং অহিত এবং পরিমাণ, এইসকল যে তন্ত্রে উক্ত আছে সেই আয়ুর্ব্বেদ উক্ত হয়। ৪৭ ॥

শরীরেন্দ্রিয় সত্বাত্ম সংযোগোধারি জীবিতং।
নিত্যগশ্চানুবন্ধশ্চ পর্য্যায়ৈ রায়ুরুচ্যতে॥ ৪৮॥

শরীর এবং ইন্দ্রিয় ও মন তথা আত্মা এই সাকল্য সংযোগধারী যে সেই জীবিত, অর্থাৎ এই সকল মিলিত থাকাতে জীবদ্দশায় থাকেন নিত্য গতি এবং অনুবন্ধ অর্থাৎ পরপর গতি। এই পর্য্যায় দ্বারা আয়ুঃ কথিত হয়। ৪৮।

তস্যায়ুষঃ পুণ্যতমো বেদোবেদবিদাংমতং। বক্ষ্য
তে যন্মনুষ্যাণাংলোকয়োরুভয়োর্হিতম্॥ ৪৯॥ *।

সেই আয়ুর পণ্যতম বেদ মনুষ্যদিগের ইহ পরত্রে রহিত ৪৯।

সত্বমাত্মা শরীরঞ্চ ত্রয়মেতৎ ত্রিদণ্ডবৎ। লোক
স্তিষ্ঠতি সংযোগাত্তত্র সর্ব্বং প্রতিষ্ঠিতম্॥ ৫০॥
স পুমাংশ্চেতনং তচ্চ তচ্চাধিকরণং স্মৃতম্॥ ৫১

মন এবং আত্মা ও শরীর এই তিনটী ত্রিদণ্ডের ন্যায়, লোক সংযোগহেতু স্থিতি করেন। তাহাতে সকলি প্রতিষ্ঠিত আছে॥ ৫০॥ সেই পুরুষ এবং সেই চেতন এবং সেই আধার॥ ৫১॥

## ॥ অথ ভরদ্বাজ প্রাদুর্ভাবঃ॥

একদা হিমবৎপার্শ্বে দৈবাদাগত্য সঙ্গতাঃ। মুন
য়োবহুবন্তাংশ্চ নামভিঃ কথয়াম্যহং॥ ৫২॥ *॥

এক সময়ে হিমালয়পার্শ্বে দৈববশ হেতু সকল মুনিগণ আগমন করিলেন, তাহারদিগের নাম কহিলাম, বচনদৃষ্ট হইলে সকল গোচর হইবেক, সুগম অর্থঃ॥ ৫২।

ভরদ্বাজো মুনিবরঃ প্রথমং সমুপাগতঃ। ততোঽ
ঙ্গিরাস্ততোগর্গো মরীচির্ভৃগুভার্গবৌ॥৫৩॥ পুল,

স্তোঽগস্ত্যোঽসিতো বশিষ্টঃ স পরাশরঃ। হারীতো গৌতমঃ সাংখ্যো মৈত্রেয়শ্চ্যবনোঽপিচ ।। ৫৪ ।। জমদগ্নিশ্চ গার্গ্যশ্চ কাশ্যপঃ কশ্যপোঽভিজিৎ ।। নারদো বামদেবশ্চ মার্কণ্ডেয়ঃ কপিঞ্জলঃ ।। ৫৫ ।। সাণ্ডিল্যঃ সহকৌণ্ডিল্যঃ শাকুনেয়শ্চ শৌনকঃ। আশ্বলায়নসাংকৃত্যৌ বিশ্বামিত্রঃ পরীক্ষিতঃ ।। ৫৬ ।। দেবলো গালবো ধৌম্যঃ কাপ্যকাত্যায়না বুভৌ। কাঙ্কায়নো বৈজপায়ঃ কুশিকো বাদরায়ণঃ বাদরায়ণি বা পাঠঃ ।। ৫৭ ।। হিরণ্যাক্ষশ্চগৌলাক্ষিঃ শরলোমাচ গোভিলঃ। বৈখানসা বালিখিল্লাস্তথা চান্যে মহর্ষয়ঃ ।। ৫৮ ।। ব্রহ্মজ্ঞানস্যনিধয়ো যমস্য নিয়মস্যচ। তপসস্তেজসা দীপ্তাহূয়মানা ইবাগ্নয়ঃ ।। ৫৯ ।। সুখোপবিষ্টাস্তে তত্রপুণ্যাংশ্চক্রুঃ কথামিমাং। ধর্ম্মার্থ কামমোক্ষাণাং মূলমুক্তং কলেবরম্ ।। ৬০ ।। তচ্চ সর্ব্বার্থসংসিদ্ধ্যৈ ভবেদ্যদি নিরাময়ম্ ।। * ।। ৬১ ।। * ।।

এই সকল মুনি এবং অন্য বহুমুনিএকত্রে আগমন করিয়া বসিলেন ঐঁহারা সকল ব্রহ্মজ্ঞানের নিধি, এবং যমের ও নিয়মের এবং তপস্যার তেজেতে হবনীয় অগ্নিরন্যায় দীপ্তবান, সুখেতে সকলে উপবিষ্ট হইয়া এই পুণ্য কথা কহিলেন, ধর্ম্ম এবং অর্থ ও কাম এবং মোক্ষ. এই সকলের শরীর মূল হইয়াছেন, সেই শরীর যদি নির্ব্ব্যাধি হয়, তবে সর্ব্বার্থ সাধন সম্পন্ন করিতে সমর্থ হন ।। ৬১ ।

তপঃস্বাধ্যায় ধর্ম্মাণাং ব্রহ্মচর্য্যব্রতায়ুষাং। হর্ত্তারঃ প্রসৃতা রোগা যত্র তত্রচ সর্ব্বতঃ ।। ৬২ ।। * ।। *

যেস্থানেতে রোগোৎপত্তি, সেই স্থানে তপস্যা শিক্ষিত, ধর্ম্ম ও ব্রহ্ম

চর্য্য বৃত্তেতে আয়ুঃ যাহারদিগের সর্ব্বতোভাবে রোগ সকলই হর্ত্তা হই যাছে ॥ ৬২ ॥

রোগাঃ কার্শ্যকরা বলক্ষয়করা দেহস্য চেষ্টাহরা
দৃষ্ট্যাদীন্দ্রিয় শক্তিসংক্ষয়করাঃ সর্ব্বাঙ্গপীড়াকরাঃ।
ধর্ম্মার্থাখিলকাম মুক্তিষু মহাবিঘ্নস্বরূপা বলাৎ প্রাণা
নাশু হরন্তি সন্তি যদিতে ক্ষেমঃকুতঃ প্রাণিনাং ॥ ৬৩

অতএব রোগ মনুষ্যের দেহের কৃশকর, এবং বলক্ষয় কর, এবং শরীর চেষ্টাহর, এবং দৃষ্টি প্রভৃতি ইন্দ্রিয়শক্তি ক্ষয়কর, ও সমস্ত দেহ পীড়াকর, তথা বল হইতে ধর্ম্মার্থ কাম মোক্ষ বিষয়ে মহাবিঘ্নস্বরূপ এবং শীঘ্র প্রাণ নাশক, সেই সকল রোগসত্ত্বে প্রাণিদিগের মঙ্গল কোথায় ॥ ৬৩ ॥

তত্তেষাং প্রশমায় কশ্চনবিধিশ্চিন্ত্যোভবদ্ভির্ব্বুধৈর্যোগ্যৈর্বিত্যভিধায় সংসদি ভরদ্বাজং মুনিস্তেহব্রুবন্। ত্বং যোগ্যোভগবান্ সহস্রনয়নং যাচ স্বমব্দ্ধাং ক্রমাদায়ুর্ব্বেদমধীত্য যং গদভয়ান্মুক্তা ভবামোবয়ং ॥৬৪

সেই হেতু সকল রোগের প্রশমন নিমিত্ত তোমরা যোগ্য এবংপণ্ডিত অতএব তোমারদিগের কর্ত্তৃক কোন বিধি চিন্তনীয় হইয়াছে,সভাতে এই কথা কহিয়া ভরদ্বাজ মুনিকে কহিলেন; তুমি ভাগ্যবান্ এবং যোগ্য ইন্দ্রকে যাচঞা কর, ক্রমেতে আয়ুর্ব্বেদ লাভ কর, যে আয়ুর্ব্বেদ আমরা অধ্যয়ন করিয়া রোগ হইতে মুক্ত হইব। ৬৪।

ইত্থং স মুনিভির্যোগ্যৈঃ প্রার্থিতো বিনয়ান্বিতৈঃ।
ভরদ্বাজো মুনিশ্রেষ্ঠো জগাম ত্রিদশালয়ং॥ ৬৫ ॥ *

এই প্রকার বিনয়ান্বিত এবং যোগ্য মুনি কর্ত্তৃক ভরদ্বাজ মুনিপ্রার্থিত হইয়া দেবতালয়ে গমন করিলেন। ৬৫ ॥

স ইন্দ্রসদনংগত্বা সুরর্ষিগণমধ্যগং । দৃষ্টবান্
বৃত্রহন্তারং দীপ্যমানমিবানলং ॥ ৬৬ ॥ * ॥

সেই মুনি ইন্দ্রভবনে গমন করিয়া দেবঋষি গণ মধ্যস্থিত এবং অগ্নির ন্যায় দীপ্যমান এবং বৃত্রাসুর নাশক ইন্দ্রকে দর্শন করিলেন ॥ ৬৬ ॥

দৃষ্ট্বৈব স মুনিং প্রাহ ভগবান্ মঘবা মুদা । ধর্ম্ম-
জ্ঞং স্বাগতং তেঽথ মুনিস্তং সমপূজয়ত্ ॥ ৬৭ ॥

সেই সহস্রলোচন ভগবান্ হর্ষেতে মুনিকে দৃষ্টি করিয়া কহিলেন, তোমার মঙ্গল, অনন্তর সেই ধর্ম্মজ্ঞাতা মুনিকে পূজা করিলেন ॥৬৭

সোঽভিগম্য জয়াশীর্ভিরভিনন্দ্য সুরেশ্বরং ।
ঋষীণাং বচনংসম্যগশ্রাবয়ত সত্তমম্ ॥ ৬৮ । * ॥

সেই মুনি সুরেশ্বরকে জয়াশীর্ব্বাদ দ্বারা অভিবাদন করত ঋষিদিগের সাধুত্তম বাক্য শ্রবণ করাইলেন । ৬৮ ॥

ব্যাধয়োহি সমুৎপন্নাঃসর্ব্বপ্রাণিভয়ঙ্করাঃ । তেষাং
প্রশমনোপায়ংযথাবদ্বক্তুমর্হসি। ৬৯॥তমুবাচ মুনিং
স্বাঙ্গমায়ুর্ব্বেদং শতক্রতুঃ। জীবেদ্বর্ষ সহস্রাণি দেহি
নাং রুগ্নিশম্যযং ॥ ৭০ ॥ * * * *

সর্ব্বপ্রাণি ভয়ঙ্কর ব্যাধি সমুৎপন্নহইতেছে,এসকলের প্রশান্তিউপায় যথার্থ কহিতে যোগ্য হইয়াছে । ৬৯॥ এতৎ কথনানন্তর ইন্দ্রসেই মুনিকে স্বাঙ্গ আয়ুর্ব্বেদ কহিলেন, যে আয়ুর্ব্বেদ অধ্যয়ন করতদেহি দিগের রোগ শমতা হইয়া সহস্র বৎসর জীবদ্দশায় থাকেন ৭০ ॥

হেতুলিঙ্গৌষধ জ্ঞানংসুস্থাতুর পরায়ণং । ত্রিসূত্রং
শাশ্বতংপুণ্যং বুবুধেয়ং পিতামহঃ ॥ ৭১ ॥ * ॥

রোগের কারণ,এবং রোগেরচিহ্ন, এবং ঔষধজ্ঞান,এবংসুস্থের কারণ এবং সুস্থেরচিহ্ন, এবং সুস্থের ঔষধ জ্ঞান, অর্থাৎ সুস্থের কর্ত্তব্য

স্কর্ত্তব্য, এবং অসুস্থের কর্ত্তব্যাকর্ত্তব্য, এই তিন সূত্র নিত্য,অথচ পবিত্র ব্রহ্মা যে আয়ুর্ব্বেদ জ্ঞাত হইয়াছিলেন ৭১

সোঽনন্তপারং ত্রিস্কন্দমায়ুর্ব্বেদং মহামতিঃ। যথা
বদচিরাৎসর্ব্বং বুবুধে তন্মনামুনিঃ ॥ ৭২ ॥

মহাবুদ্ধি ভরদ্বাজমুনি, অপার ত্রিস্কন্ধ আয়ুর্ব্বেদ তন্মনা হইয়া যথোপদেশ শীঘ্র বোধ করিলেন। ৭২ ॥

তেনায়ুরমিতং লেভে ভরদ্বাজঃ সুখান্বিতঃ। অন্যা
নপি মুনীংশ্চক্রে নীরুজঃ সুচিরায়ুষঃ ॥ ৭৩ ॥

সেই হেতু মুনি সুখী হইয়া অপরিমিত আয়ুর্লাভ করিলেন, এবং মুনিদিগের চিরারোগ্য এবং চিরায়ুঃ করিলেন ৭৩।

ঋষয়শ্চ ভরদ্বাজাজ্জগৃহুস্তং প্রজাহিতং। দীর্ঘমায়ু
শ্চিকীর্ষন্তো বেদং বর্দ্ধনমায়ুষঃ ॥ ৭৪ ॥

ভরদ্বাজমুনি হইতে সকললোক হিত যে আয়ুর্ব্বেদ দীর্ঘায়ুঃকরণেচ্ছুক মুনি সকলে গ্রহণ করিলেন। ৭৪।

ঋষয়স্তেন দদৃশুর্যথাবজ্জ্ঞানচক্ষুষা। সামান্যঞ্চ
বিশেষঞ্চ গুণান্ দ্রব্যানি কর্ম্ম চ ॥ ৭৫ ॥ সমবায়ঞ্চ
তজ্জ্ঞাত্বা তন্ত্রোক্তবিধিনাস্থিতাঃ। লেভিরে পরমং
শর্ম্ম জীবিতং চাপ্যনিত্বরং ॥ ৭৬ ॥ * *

ঋষি সকল সেই আয়ুর্ব্বেদ ত্রিসূত্র দ্বারা যথাবিধি জ্ঞানচক্ষুকরণক দৃষ্টি করিলেন সামান্য একত্রকর অর্থাৎ দ্রব্যগুণ তুল্যতা বিশেষ পৃথক ভাবকর অর্থাৎ দ্রব্যগুণ, অন্যথা বিপরীতগুণ, ৭৫ এবং গুণ ও দ্রব্য ও কর্ম্ম ও সমবায় অর্থাৎ ভূম্যাদি পঞ্চভূতের গুণের সহিত অপৃথক্‌তা এতৎ সাকল্য জ্ঞান করিয়া তন্ত্রোক্ত বিধিতে স্থিতি করিলেন পরম সুখ এবং অগতিশীল জীবিত লাভ করিলেন ৭৬।

অথ মৈত্রীপরঃপুণ্যমায়ুর্ব্বেদং পুনর্ব্বসুঃ। শিষ্যে
ভ্যো দত্তবান্ ষড়্ভ্যঃ সর্ব্বভূতানুকম্পয়া ॥ ৭৭ ॥

অনন্তর পুনর্ব্বসু নামামুনি, পূর্ব্বোক্ত ষড়্মুনি শিষ্যকে পবিত্রায়ুর্ব্বেদ দান করিলেন সকল প্রাণিদিগের দয়াকরণক ॥ ৭৭ ॥

॥ অথ চরক প্রাদুর্ভাবঃ ॥

যদামৎস্যাবতারেণ হরিণা বেদউদ্ধৃতঃ। তদা
শেষশ্চ তত্রৈব বেদং স্বাঙ্গ মবাপ্তবান্ ॥ ৭৮ ॥ * ॥

যেকালে মৎস্যাবতার হরি কর্ত্তৃক বেদ উদ্ধার হইয়াছিল, সেইকালে অনন্ত স্বাঙ্গ আয়ুর্ব্বেদ প্রাপ্ত হন ॥ ৭৮ ॥

অথর্ব্বান্তর্গতং সম্যগায়ুর্ব্বেদঞ্চ লব্ধবান্। একদা
স মহীবৃত্তং দ্রষ্টুং চর ইবাগতঃ ॥ ৭৯ ॥ * ॥

অথর্ব্ববেদান্তর্গত সম্যক্‌রূপ আয়ুর্ব্বেদ লাভ করিলেন, এক সময়ে সেই অনন্তদেব পৃথিবী বৃত্তি দৃষ্টি করিতে চরেরন্যায় আগমন করিলেন ॥ ৭৯ ॥

তত্র লোকান্ গদৈর্গ্রস্তান্ ব্যথয়া পরিপীড়িতান্
স্থলেষু বহুষু ব্যগ্রান্ ম্রিয়মানাংশ্চ দৃষ্টবান্ ॥ ৮০

পৃথিবীমণ্ডলে রোগগ্রস্ত এবং ব্যথাতে পীড়িত নানাস্থানে কাতরচিত্ত এবং ম্রিয়মান, এবম্প্রকার সকল দৃষ্টি করিলেন ॥ ৮০

তান্দৃষ্ট্বাতিদয়াযুক্তস্তেষাং দুঃখেন দুঃখিতঃ।
অনন্তশ্চিন্তয়ামাস রোগোপশম কারণং ॥ ৮১ ॥

সেই সকল রোগার্ত্তদিগের দৃষ্টিকরত দয়াযুক্ত অনন্তদেব, তাহারদিগের দুঃখে দুঃখিত হইলেন, ব্যাধি নিবৃত্তি কারণ চিন্তা করিলেন ॥ ৮১

সংচিন্ত্য সঃস্বয়ং তত্র মুনেঃপুত্রোবভূবহি ।
যতশ্চরইবায়াতো নজ্ঞাতঃ কেনচিদ্যতঃ ॥ ৮২ ॥
তস্মাচ্চরক নাম্নাসৌ বিখ্যাতঃ ক্ষিতিমণ্ডলে ॥
স ভাতি চরকাচার্য্যো দেবাচার্য্যো যথাদিবি ॥৮৩॥

চিন্ত করিয়া দয়ালু অনন্ত স্বয়ং মুনিপুত্র হইলেন। যেহেতুক চরের ন্যায় আগত হইলেন, কোন ব্যক্তি জ্ঞাত হইতে পারেন না, সেই হেতু চরকনামেতে ক্ষিতিমণ্ডলে বিশেষ খ্যাত হইলেন। সেই চরক চরকার্য্যরূপে দীপ্তি পাইলেন, যেমত স্বর্গে বৃহস্পতি তৎরূপ ৮২ ৮৩

সহস্রবদনস্যাংশো যেন ধ্বংসো রুজাংকৃতঃ ।
আত্রেয়স্য মুনেঃশিষ্যা অগ্নিবেশাদয়োঽভবন্ ॥
৮৪ ॥ মুনয়ো বহুবস্তৈশ্চ কৃতংতন্ত্রং স্বকংস্বকং ।
তেষাং তন্ত্রাণি সংস্কৃত্য সমাহৃত্য বিপশ্চিতাঃ ।
চরকেনাত্মনোনাম্না গ্রন্থোঽয়ং চরকঃ কৃতঃ ॥৮৫

বিষ্ণুর অংশ অনন্তদেব, যে রচক তৎকর্ত্তৃক পীড়া নাশীকৃতা হইল, অত্রেয় মুনির চরকাচার্য্যের শিষ্য অগ্নিবেশাদি প্রভৃতি হইয়াছিলেন, বহুমুনিকৃত, স্বকীয়২ তন্ত্র, সেই সকল তন্ত্র আহরণ করত সংস্কার করিয়া অর্থাৎ সংশোধন করিয়া পণ্ডিত চরককর্ত্তৃক আত্ম নামেতে চরকনামা গ্রন্থকৃতহইল, অতএব চরকসংহিতা হইল ৮৪॥৮৫

## ॥ অথ ধন্বন্তরি প্রাদুর্ভাবঃ ॥

একদা দেবরাজস্য দৃষ্টির্নিপতিতা ভুবি । তত্র তে
ন নরাদৃষ্টা ব্যাধিভির্ভৃশপিড়ীতাঃ ॥ ৮৬ ॥ তান্
দৃষ্ট্বা হৃদয়ং তস্য দয়য়াপরিপীড়িতং । দয়ার্দ্র
হৃদয়ঃশক্রো ধন্বন্তরিমুবাচ হ ॥ ৮৭ ॥ * ॥

এককালে দেবাধিরাজ ইন্দ্রের পৃথিবীতে দৃষ্টি নিপতিতা হইলে, ক্ষিতিতলে সেই দৃষ্টিতে, অতিশয় ব্যাধিতে পীড়িত তাবন্মনুষ্য দৃষ্টি করিলেন ॥ ৮৬ ॥ তাহারদিগের অবলোকন করিয়া দয়াতে আর্দ্রহৃদয় সুরপতির দয়াতে সর্ব্বতোভাবে পিড়ীতহৃদয় হইল, দয়া র্দ্রান্তঃকরণ হইয়া ধন্বন্তরিকে কহিলেন ॥ ৮৭ ।

ধন্বন্তরে সুরশ্রেষ্ঠ ভগবন্ কিঞ্চিদুচ্যতে। যোগ্যো
ভবতি ভূতানামুপকারপরোভব ॥ ৮৮ ॥ উপকা
রায় লোকানাংকেন কিংনকৃতংপুরা । ত্রৈলোক্যা
ধিপতির্বিষ্ণুরভূম্মৎস্যাদি রূপবান্ ॥ ৮৯ ॥ * ॥

হে ধন্বন্তরি তুমি সুরশ্রেষ্ঠ, হে ভগবন মৎকর্তৃক কিঞ্চিদুক্ত হইতেছে তুমি যোগ্য হইয়াছ, প্রাণি সকলের উপকারে রত হও, লোকের উপকার নিমিত্ত পূর্ব্বেকোন্ ব্যক্তিকর্তৃক কিকৃত ন হইয়াছে। যিনি স্বর্গ মর্ত্য পাতাল এই ত্রিলোকাধিপতি বিষ্ণু তিনিও মৎস্যাদিরূপ ধারণ করিয়াছেন ৮৮ ৮৯ ॥

তস্মাত্ত্বং পৃথিবীং যাহি কাশীমধ্যে নৃপোভব ।
প্রতীকারায় রোগাণামায়ুর্ব্বেদং প্রকাশয় ॥ ৯০ ॥

সেইহেতু তুমি পৃথিবীতে গমন কর, কাশীধাম মধ্যে ভূপতি হইয়া ব্যাধির প্রতীকার নিমিত্ত আয়ুর্ব্বেদ প্রকাশ কর । ৯০ ॥

ইত্যুক্ত্বা সুরশার্দূলঃ সর্ব্বভূতহিতেপ্সয়া ।
সমস্তমায়ুর্যোবেদং ধন্বন্তরিমুপাদিশৎ ॥ ৯১ ॥

দেবশ্রেষ্ঠ দেবরাজ এইবাক্য উক্ত করিয়া সর্ব্বপ্রাণিদিগের হিতইচ্ছা করত সকলআয়ুর্ব্বেদ ধন্বন্তরিকে উপদেশ করিলেন ॥ ৯১ ॥

অধীত্যচায়ুর্যোবেদমিন্দ্রাদ্ধন্বন্তরিঃ পুরা । আগত্য
পৃথিবীংকাশ্যাংজাতো বাহুজবেশ্মনি ॥ ৯২ ॥

পূর্ব্বে ইন্দ্র নিকটে ধন্বন্তরি আয়ুর্ব্বেদ অধ্যয়ন করিয়া পৃথিবীতে আগমন করিয়া কাশীতে ক্ষত্রিয় গৃহে জন্ম গ্রহণ করিলেন ॥ ৯২ ॥

বারাণসাবভবৎ খ্যাতো দিবোদাসইতিক্ষিতৌ।
বালএব বিরক্তোঽভূৎ চচারচ মহত্তপঃ ॥ ৯৩ ॥

সেই ধন্বন্তরি পৃথিবীমণ্ডলে দিবোদাস এই নামেতে খ্যাত হইয়াছিলেন, এবং বালককালেই বিবেকী হইয়া মহত্তপস্যা আচরণ করিয়াছিলেন। ৯৩ ॥

যত্নেন মহতা ব্রহ্মা তৎকাশ্যামকরোন্নৃপং। ততো
ধন্বন্তরির্লোকৈঃ কাশীরাজোঽভিধীয়তে ॥ ৯৪ ॥ * ॥

ব্রহ্মা সেই ধন্বন্তরিকে মহৎযত্ন করণক কাশীধামেতে রাজা করিলেন, অনন্তর ধন্বন্তরি লোক কর্ত্তৃক কাশীরাজ, এই অভিধেয় হইলেন ॥ ৯৪ ॥

হিতায় দেহিনাং স্বীয়া সংহিতা বিহিতামুনা। অয়ং
বিদ্যার্থিনো লোকান্ সংহিতাং তামপাঠয়ৎ ॥৯৫॥

দেহিদিগের হিত নিমিত্ত স্বীয় সংহিতা বিহিতা করিলেন, অর্থাৎ ধন্বন্তরি সংহিতা এই দিবোদাস, বিদ্যা প্রার্থিত লোকদিগের এই সংহিতা পাঠ করাইলেন ॥ ৯৫

---

## ॥ অথ সুশ্রুত প্রাদুর্ভাবঃ ॥

অথ জ্ঞানদৃশো বিশ্বামিত্রপ্রভৃতয়োঽভবন্। অয়ং
ধন্বন্তরিঃ কাশ্যাং কাশীরাজো য উচ্যতে ॥৯৬ ॥ * ॥

অনন্তর বিশ্বামিত্র প্রভৃতি জ্ঞানচক্ষুর্বিশিষ্ট হইলেন, ধ্যানেতে দেখিলেন, কাশীতে কাশীরাজ যিনি খ্যাত হইয়াছেন, তিনি সাক্ষাদ্ধন্বন্তরি ৯৬ ॥

বিশ্বামিত্রমুনিস্তেষু পুত্রং সুশ্রুতমুক্তবান্। বৎস
বারাণসীং গচ্ছ বিশ্বেশবরবল্লভাং ॥ ৯৭ ॥ * ॥

বিশ্বামিত্রমুনি কাশীরাজকে নিশ্চয় ধন্বন্তরি জ্ঞাত হইয়া সুশ্রুত নামে

পুত্রকে কহিলেন, হে পুত্র বিশ্বের ঈশ্বর মহাদেব তাহার অতিপ্রিয় তমা বারাণসীতে গমন কর ॥ ৯৭ ॥

তত্র নাম্না দিবোদাসঃ কাশীরাজোঽস্তি বাহুজঃ ।
স হি ধন্বন্তরিঃ সাক্ষাদায়ুর্ব্বেদবিদাম্বরঃ ॥ ৯৮ ॥

সেই কাশীতে দিবোদাস নামেতে কাশীরাজ ক্ষত্রিয় আছেন, তিনি সাক্ষাৎ ধন্বন্তরি, আয়ুর্ব্বেদ বেত্তার প্রধান ॥ ৯৮ ॥

আয়ুর্ব্বেদং ততোধীষ্ব লোকোপকৃতিহেতবে
সর্ব্বপ্রাণি দয়াতীর্থ মুপকারো মহামখঃ ॥ ৯৯ ॥

সর্ব্বপ্রাণির উপকার নিমিত্ত ধন্বন্তরি নিকটে আয়ুর্ব্বেদ অধ্যয়ন কর যেহেতু সর্ব্বপ্রাণির দয়া রূপই তীর্থ এবং সর্ব্বপ্রাণির উপকাররূপ মহ যজ্ঞ ॥ ৯৯ ।

পিতুর্বচনমাকর্ণ্য সুশ্রুতঃ কাশিকাংগতঃ । তেন
সার্দ্ধং সমধ্যেতৃ মুনিসূনুশতং যযৌ ॥ ১০০ ॥ *

সুশ্রুত মুনি পিতার বাক্য শ্রবণ করিয়া কাশীতে গমন করিলে তাহার সমভিব্যাহারে সমাধ্যায়ি মুনিপুত্র একশত গমনকরিলেন ১০০

অথধন্বন্তরিংসর্ব্বে বানপ্রস্থাশ্রমস্থিতং । ভগবন্তংসুর
শ্রেষ্ঠং মুনিভির্বহুভির্বৃতং ॥ ১০১ ॥ কাশীরাজং দি
বোদাসং তেঽপশ্যন্ বিনয়ান্বিতাঃ । ১০২ ॥ * ॥

অনন্তর বহুমুনি বেষ্টিত বানপ্রস্থ আশ্রমস্থিত ধন্বন্তরি দেব প্রধান এবং ভগবান্ কাশীরাজ দিবোদাসকে সেই মুনিপুত্র সকলে বিনয়ান্বিত হইয়া দর্শন করিলেন । ১০১ । ১০২ ॥

স্বাগতংব ইতিস্মাহ দিবোদাসোযশোধনঃ ॥ ১০৩
কুশলং পরিপপ্রচ্ছ তথাগমনকারণং । ততস্তে
সুশ্রুতদ্বারা কথয়ামাসুরুত্তমম্ ॥ ১০৪ ॥ ভগবন্ মান্ব .

IMPERIAL LIBRARY.

তান্ দৃষ্ট্বা ব্যাধিভিঃপরিপীড়িতান্। ক্রন্দতো ম্রিয়মা
ণাংশ্চ জাতাস্মাকং হৃদিব্যথা ॥ ১০৫ ॥ * ॥

যশোরূপ ধন যাহার এবংরূপ দিবোদাস এই কহিলেন, তোমরা সুখে আগত, তোমারদিগের মঙ্গল, এবংআগমন কারণ কি, অনন্তর সেই মুনি সকলে সুশ্রুত মুনিদ্বারা প্রত্যুত্তর করিলেন ॥ ১০৩ । ১০৪। হে ভগবন্ ধন্বন্তরি ব্যাধি কর্ত্তৃক সর্ব্বতোভাবে পীড়িতমনুষ্যদিগকে দৃষ্টিকরিয়া আমারদিগের হৃদয়ে বেদনা হইয়াছে । ১০৫ ।

আময়ানাং শমোপায়ং বিজ্ঞাতুং বয়মাগতাঃ ।
আয়ুর্ব্বেদং ভবানস্মানধ্যাপয়তু যত্নতঃ ॥ ১০৬ ॥ * ।

রোগের শমনোপায়, অর্থাৎ প্রশান্তি উপায়, বিশেষ জ্ঞাত হইবার নিমিত্তে আগত হইয়াছি । আপনি যত্নেতে আমারদিগকেআয়ুর্ব্বেদ অধ্যয়ন করান ॥ ১০৬ ॥

অঙ্গীকৃত্য বচস্তেষাং নৃপতিস্তানুপাদিশৎ । ব্যা
খ্যাতং তেন তে যত্নাজ্জগৃহুর্মুনয়োমুদা ॥ ১০৭ ॥

সেই মুনি দিগের বাক্য অঙ্গীকার করিয়া কাশীরাজ, সেই মুনিদিগের উপদেশ করিলেন । ধন্বন্তরি কর্ত্তৃক ব্যাখ্যাকৃত সেই মুনিসকল যত্নপূর্ব্বক হর্ষিত হইয়া গ্রহণ করিলেন ॥ ১০৭

কাশীরাজং জয়াশীর্ভিরভিনন্দ্য মুদান্বিতাঃ। সুশ্রু
তাদ্যাঃ সুসিদ্ধার্থা জগ্মুর্গেহং স্বকংস্বকং ॥ ১০৮ ॥

কাশীরাজকে জয়াশীর্ব্বাদদ্বারা অভিবাদন করত আহ্লাদিত হইয়া সুশ্রুতাদি মুনি সুসিদ্ধার্থ হইয়া অর্থাৎ প্রয়োজন সিদ্ধীভূত হইয় স্বীয়২ গৃহে গমন করিলেন ১০৮ ॥

প্রথমং সুশ্রুতস্তেষু স্বংতন্ত্রংকৃতবান্স্ফুটং । সুশ্রু
তস্য সখায়োঽপি পৃথক তন্ত্রাণি তেনিরে ॥ ১০৯ ॥

সেই মুনি সকলের মধ্যে প্রথম সুশ্রুত, স্বকীয় তন্ত্র ব্যক্ত করিলেন, অনন্তর সুশ্রুত সখা সকল পৃথক২ তন্ত্র বিস্তার করিলেন । ১০৯ ॥

সুশ্রুতেন কৃতং তন্ত্রং সুশ্রুতং বহুভির্যতঃ। তস্মাত্তৎ
সুশ্রুতং নাম্না বিখ্যাতং ক্ষিতিমণ্ডলে ॥ ১১০ ॥ * ॥

সুশ্রুত কর্ত্তৃক কৃত তন্ত্র বহুমনুষ্য কর্ত্তৃক সুশ্রুত প্রযুক্ত সুশ্রুত নামে ক্ষিতিমণ্ডলে বিশেষ খ্যাত হইল। ১১০ ॥

ইত্যায়ুর্ব্বেদদর্পণে আয়ুর্ব্বেদ প্রণেতৃণাং প্রাদুর্ভাব
নির্ণয় নাম প্রথমোল্লাসঃ ॥ * * ॥ * ।

ইতি প্রথমোল্লাসঃ

শ্রীগুরুপদপ্রসাদাশীর্ভ্য আয়ুর্ব্বেদদর্পণ নামা গ্রন্থোঽয়ং পঠ্যতাং সর্ব্বৈরেতস্য নিবন্ধস্য ফলং চিকিৎসাচ ॥ ১ ॥ * * * *

শ্রীগুরুপাদপদ্ম প্রসাদাশীর্ব্বাদহইতে এই আয়ুর্ব্বেদদর্পণ নামকগ্রন্থ সমস্ত জনকর্ত্তৃক পঠিত হউক, গ্রন্থের এই ফল অর্থাৎ প্রধান তাৎপর্য্য চিকিৎসা ॥ ১ ॥

চিকিৎসাচপুরুষস্যপুরুষস্তুচতুর্ব্বিংশতিতত্ত্বজীবাত্ম সমবায়স্তস্মাচ্চতুর্ব্বিংশতি তত্ত্বানাং জীবাত্মনশ্চ স্বরূপনিরূপণায় সৃষ্টিক্রমমাহ ॥ ২ ॥ *

চিকিৎসা পুরুষের পুরুষ চতুর্ব্বিংশতি তত্ত্ব এবং জীবাত্মা এই সকল পরস্পর মিলিত হইয়া একত্র স্থিতি সেই হেতুক চতুর্ব্বিংশতি তত্ত্ব এবং জীবাত্মার স্বরূপ নিরূপণ নিমিত্ত সৃষ্টিক্রম কহিতেছেন ২ ॥

আত্মা জ্যোতিশ্চিদানন্দ রূপো নিত্যশ্চনিস্পৃহঃ নির্গুণঃ প্রকৃতের্যোগাৎ সগুণঃ কুরুতে জগৎ ॥ ৩ ॥

আত্মা তেজোময়, চিদ্রূপ আনন্দময়, ধ্বংসোৎপত্তি রহিত, ইচ্ছা শূন্য, ও গুণহীন, এতাদৃশ হইয়াও প্রকৃতির যোগহেতু সগুণ হইয়া অর্থাৎ ইচ্ছাদি গুণযুক্ত হইয়া জগৎকারী হয়েন । ৩ ॥

সত্ত্বংরজস্তমশ্চেতি গুণাস্তে প্রকৃতিঃসমাঃ । সা জড়াপি জগৎকর্ত্রী পরমাত্মচিদান্বয়াৎ ॥ ৪ ॥ * ॥

স্বচ্ছন্দে সাধু, সাধুর ধর্ম্ম সত্ত্ব প্রকাশক জ্ঞান সুখহেতু । রজোরাগাত্মক দুঃখহেতু তমো আবরক মোহ হেতু, এই সকল গুণের তুল্যতার নাম, প্রকৃতি সেই প্রকৃতি জড়া হইয়াও পরমাত্মজ্ঞান সম্বন্ধ হেতুক জগৎকারিণী হয়েন ৪ ।

অথ সুশ্রুত মুপাদিশদ্ধন্বন্তরি প্রকৃতেঃ স্বরূপ বিশেষণমাহ ॥ * ॥ ৫ ॥ * * * *

অনন্তর সুশ্রুতমুনিকে উপদেশ দিতেছেন,যে ধন্বন্তরি তিনি প্রকৃতির স্বরূপ বিশেষরূপে কহিতেছেন॥ ৫। * ॥

সর্ব্বভূতানাং কারণমকারণং সত্ত্বরজস্তমো লক্ষণ মষ্ট স্বরূপং অখিলস্য জগতঃ সম্ভবহেতুরব্যক্তং নাম্নেতি॥ *॥৬॥ * ॥

অব্যক্ত অর্থাৎ অপ্রকাশীভূত মূলা প্রকৃতি সকল ভূতের সমবায়ি কারণ, অর্থাৎ সর্ব্ব বিষয় সংযোগ কারণ, স্বয়ং অকারণ, তাহার কারণ কিছুই নাই, সত্ত্বরজস্তমঃ স্বরূপ এবং অষ্টরূপ যথা অব্যক্ত মহান্, অহঙ্কার, পঞ্চতন্মাত্র, যথা শব্দতন্মাত্র, স্পর্শতন্মাত্র, রূপ তন্মাত্র, রসতন্মাত্র, গন্ধতন্মাত্র, এই অষ্টরূপ সকল জগতের সম্যক্ উৎপত্তির কারণ অব্যক্ত নাম॥ ৬॥ *॥

তদেকমনেকেষাং ক্ষেত্রজ্ঞানামধিষ্ঠানং । সমুদ্র ইবৌদকানাং ভাবানাং॥ ৭॥

সেই এক প্রকৃতি অনেক পুরুষের আধার হইয়াছেন, যেমন তাবৎ জলজন্তুর আধার সমুদ্র । ৭॥ *॥

তস্মাদব্যক্তান্ মহানুৎপদ্যতে তল্লিঙ্গ এব তল্লিঙ্গাচ্চ মহতস্তল্লিঙ্গ এবাহঙ্কার উৎপদ্যতে॥ ৮॥ সচ ত্রিবিধো বৈকারিকস্তৈজসো ভূতাদিরিতি॥ ৯॥ *

সেই অব্যক্ত হইতে মহান্ উৎপন্ন হয়, তৎস্বরূপই । অব্যক্ত স্বরূপ মহৎ হইতে তৎস্বরূপ অহঙ্কার উৎপন্ন হয়েন। সেই অহঙ্কার তিন প্রকার, বিকারজাত, তেজোজাত, ভূতাদি॥ ৮। ৯॥ *।

বৈকারিকাদহঙ্কারাত্তৈজসসহায়াত্তল্লক্ষণাদেকাদশেন্দ্রিয়াণ্যুৎপদ্যন্তে । তদ্যথা শ্রোত্র ত্বক্ চক্ষুর্জিহ্বাঘ্রাণবাক্‌হস্তোপস্থপায়ুপাদমনাংসিচ ॥ ১০ ॥

বৈকারিকাহঙ্কার হইতে তৈজস সহায়তাতে অহঙ্কার লক্ষণ, একাদশ ইন্দ্রিয় উৎপন্ন হয়েন। তদ্যথা কর্ণ ও ত্বক্ ও চক্ষুঃ ও জিহ্বাও

ও নাসা, ও বাক্য, ও হস্ত ও উপস্থ ও গুহ্যদ্বার, ও পাদ, ও মনঃ এই একাদশেন্দ্রিয় ॥ ১০ ।

তত্র পূর্ব্বাণি পঞ্চবুদ্ধীন্দ্রিয়াণি ইতরাণি পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণি উভয়াত্মকং মনঃ ॥ ১১ ॥ ❀ ॥

তাহার পূর্ব্ব পঞ্চ বুদ্ধীন্দ্রিয়। ইতর পঞ্চকর্ম্মেন্দ্রিয়, মনঃ উভয়াত্মক হয়েন, অর্থাৎ বুদ্ধীন্দ্রিয়াত্মক এবং কর্ম্মেন্দ্রিয়াত্মক। ১১।

ভূতাদেরপি তৈজসসহায়াত্তল্লক্ষণান্যেব পঞ্চতন্মাত্রাণ্যুৎপদ্যন্তে। তদযথা শব্দতন্মাত্রং স্পর্শতন্মাত্রং রূপতন্মাত্রং রসতন্মাত্রং গন্ধতন্মাত্রমিতি ॥ ১২ ॥ ❀ ॥

ভূতাদি অহঙ্কার হইতে তৈজস সহায়েতে ভূতাদ্যহঙ্কার লক্ষণ পঞ্চ তন্মাত্র উৎপন্ন হয়েন। তৎস্পষ্টই আছে, তন্মাত্র অর্থাৎ অতিসূক্ষ্ম ১২।

তেষাম্বিশেষাঃ শব্দস্পর্শরূপরসগন্ধাস্তেভ্যো ভূতানি ব্যোমানিলানলজলোর্ব্ব্যঃ। এবমেষাং তত্ত্ব চতুর্ব্বিংশতির্ব্যাখ্যাতা ॥ ১৩ ॥ ❀ ॥

তন্মাত্রদিগের বিশেষ, শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ, ইহ হইতেই পঞ্চ ভূত হয়, শব্দ হইতে আকাশ, স্পর্শ হইতে বায়ু, রূপ হইতে অগ্নি, রস হইতে জল, গন্ধ হইতে পৃথ্বী, এবংপ্রকার ইহাদিগের চতুর্ব্বিংশতি তত্ত্ব ব্যাখ্যাত হইল। ১৩।

তত্র বুদ্ধীন্দ্রিয়াণাং শব্দাদয়োবিষয়াঃ কর্ম্মেন্দ্রিয়াণাং যথা সঙ্খ্যং বচনাদানানন্দ বিসর্গ বিহরণানি ।১৪

তাহাতে বুদ্ধীন্দ্রিয় সকলের শব্দাদি বিষয়, এবং কর্ম্মেন্দ্রিয় সকলের যথা সংখ্য বাক্য, গ্রহণ, আনন্দ ত্যাগ বিক্ষেপাদি, অর্থাৎ কর্ণেন্দ্রিয় বিষয় শব্দ ত্বক্ ইন্দ্রিয় বিষয় স্পর্শ। নয়নেন্দ্রিয় বিষয় রূপ। জিহ্বেন্দ্রিয় বিষয় রস। নাসিকেন্দ্রিয় বিষয় গন্ধ। বাক্ ইন্দ্রিয় বিষয় বাক্য হস্তেন্দ্রিয় বিষয় গ্রহণ। লিঙ্গেন্দ্রিয় বিষয় আনন্দ গুহ্যেন্দ্রিয় বিষয় ত্যাগ। পাদেন্দ্রিয় বিষয় বিক্ষেপ ১৪।

অব্যক্ত মহানহঙ্কারঃ পঞ্চতন্মাত্রাণিচেত্যষ্টৌপ্রকৃ
তয়ঃ । শেষাঃ ষোড়শবিকারাঃ স্ব স্বশ্চৈষাং বিষয়োহ
ধিভূতং স্বয়মধ্যাত্মং অধিদৈবতঞ্চ ।। ১৫ ।। ❋ ।।

অব্যক্ত মহান্ অহঙ্কার পঞ্চতন্মাত্র, এই অষ্ট প্রকৃতি । শেষ ষোড়শ বিকার একাদশেন্দ্রিয় পঞ্চভূত । ইহারদিগের স্বকীয়২ বিষয় অধিকার, এবং স্বয়ংই অধ্যাত্ম, অর্থাৎ আত্মাকে আশ্রয় করিয় অবস্থিতি ১৫

অধিদৈবন্তু অথ বুদ্ধের্ব্রহ্মা । অহঙ্কারস্যেশ্বরঃ । মন
সশ্চন্দ্রমাঃ । দিশঃশ্রোত্রস্য । ত্বচোবায়ুঃ । সূর্য্যশ্চ
ক্ষুষো । রসনস্যাপঃ । পৃথিবী ঘ্রাণস্য । বাচোঽগ্নিঃ
হস্তয়োরিন্দ্রঃ । পাদয়ো র্বিষ্ণুঃ । পায়োর্মিত্রং । প্রজা
পতিরুপস্থস্যেতি ।। ১৬ ।। ❋ । ❋ । ❋ ।

ইহারদিগের অধিদৈবতই স্বয়ং বুদ্ধির ব্রহ্মা অধিদেবতা । অহঙ্কারের মহেশ । মনের চন্দ্র । শ্রবণের দিক্ । ত্বকের বায়ু । চক্ষুর সূর্য্য । জিহ্বার জল । নাসার পৃথ্বী । বাক্যের অগ্নি হস্তের ইন্দ্র । পাদের বিষ্ণু গুহ্যের বরুণ । লিঙ্গের প্রজাপতি । ১৬ ।।

তত্র সর্ব্ব এবা চেতনএষ বর্গশ্চতুর্ব্বিংশতিকঃ পুরু
ষঃ পঞ্চবিংশতিতমঃ সচ কার্য্যকারণ সংযুক্তশ্চেত
য়িতা ভবতি ।। ১৭ ।। ❋ ।।

তাহাতে সকলেই অচেতন, এই চতুর্ব্বিংশতি তত্ত্ব । পুরুষ পঞ্চবিংশতিতম সেই পুরুষ কার্য্য, এবং কারণ সংযুক্ত হইয়া চেতন বিশিষ্ট হয়েন ১৭ ।

সত্যপিতচৈতন্যে প্রধানস্য পুরুষ কৈবল্যার্থং প্রবৃ
ত্তিমুপদিশন্তি । ক্ষীরাদীনাং পোষণে প্রবৃত্তান্ক্ষী
রাদীংশ্চাত্র হেতূন্যদাহরন্তি ।। ১৮ ।। ❋ ।।

পুরুষের অচৈতন্য হইলেও সেই পুরুষের মুক্তি নিমিত্ত প্রবৃত্তিকে

উপদেশকরিয়াছেন, অর্থাৎ ঈশ্বর যেমত গো বৎসদিগের পোষণ জন্য দুগ্ধাদির প্রবৃত্তি হয় সেই প্রকার। ১৮।

॥ অথ উর্দ্ধপ্রকৃতি পুরুষয়োঃ স্বাধর্ম্ম্যমাহ ॥

উভাবপ্যনাদী উভাবপ্যনন্তাবুভাবপ্যলিঙ্গাবুভাব পিনিত্যাবুভাবপ্যপরাবুভাবপি সর্ব্বগতাবিতি ॥ ১৯ ॥

অতঃপর প্রকৃতি পুরুষের সমান ধর্ম্ম এই। উভয়ে অনাদি এবং অনন্ত ও অচিহ্ন ও নিত্য কুচিৎকালে ও প্রলয় নাই ও অপর যে স্বয়ংহইতে বিদ্যমান পর নাই ও সর্ব্বগত। ১৯ ॥

॥ অথ তয়োর্বৈধর্ম্ম্যমাহ ॥

একাত্ত প্রকৃতিরচেনা ত্রিগুণাবীজধর্ম্মিণী। প্রসব ধর্ম্মিণী অমধ্যস্থধর্ম্মিণীচেতি ॥ ২০ ॥ ❋ ॥

অনন্তর প্রকৃতি পুরুষের বিধর্ম্ম কহি। একা প্রকৃতি জড়া ত্তন্যাগুণ ত্রয়াত্মিকা সকল মহদাদি বিকারের বীজস্বরূপে অবস্থিতা পুরুষের সহিত আসক্তা হইয়া ক্ষোভ প্রাপ্ত হওত সমানতাতিক্রম করত মহ দহঙ্কার ক্রমেতে জগৎ প্রসবকারিণী সুখ দুঃখ ভোগভাগিনী ॥ ২০ ॥

বহবস্তু পুরুষাশ্চেতনাবন্তঃ। অগুণা অবীজধর্ম্মিণ অপ্রসবধর্ম্মিণ অমধ্যস্থধর্ম্মিণশ্চেতি ॥ ২১ ॥ ❋ ॥

পুরুষ অনেক চেতন বিশিষ্ট সত্ত্বাদি গুণ রহিত মহাপ্রলয়ের মহ দাদি বিকারের প্রকৃতিতে অবস্থান হেতুক অবীজধর্ম্ম জগৎ প্রসব কারিত্বাভাবে অপ্রসব ধর্ম্ম। সুখ দুঃখ ইচ্ছাদ্বেষাদি হইতে উদাসীন অর্থাৎ শূন্য ॥ ২১ ॥

॥ অথ প্রকৃতেনামান্যাহ ॥

প্রধানং প্রকৃতিঃশক্তির্নিত্যাচ বিকৃতিস্তথা। এতা নি তস্য নামানি পুরুষং যা সমাশ্রিতা ॥ ২২ ॥ ❋

প্রকৃতির নাম সকল কহিতেছি। প্রধান ও প্রকৃতি ও শক্তি ও নিত্যা

ও বিকৃতি সেই প্রকৃতির এই সকল নাম, যিনি পুরুষকে আশ্রয় করেন। ২২

॥ তস্যা গুণান্যাহ ॥

সত্বংরজস্তমস্ত্রীণি বিজ্ঞেয়ঃ প্রকৃতের্গুণাঃ। তৈশ্চ
যুক্তস্যচিত্তস্য কথয়াম্যখিলান্ গুণান্ ॥২৩॥ ॥

সেই প্রকৃতির গুণ কহিতেছেন। সত্ব ওরজঃ ও তম, প্রকৃতিরএইতিন গুণ জ্ঞাত হইয়াছে, সেই গুণযুক্ত চিত্তের গুণ সকল কহিতেছি ॥২৩

আস্তিক্যং প্রবিভজ্য ভোজনমনুত্তাপশ্চ তথ্যং
বচো মেধাবুদ্ধিধৃতিক্ষমাশ্চকরুণাজ্ঞানঞ্চনির্দম্ভতা।
কর্ম্মানিন্দিতমস্পৃহশ্চ বিনয়োধর্ম্মঃ সদৈবাদরাদে
তেসত্বগুণান্বিতস্য মনসোগীতা গুণাজ্ঞানিভিঃ ॥২৪

ধর্ম্ম মোক্ষ পরলোকাদি আছে, এই বুদ্ধিদ্বারা আচরণকরা, এবং উত্তম বিভাগ করিয়া ভোজন করা, অর্থাৎ হিতাহিত বিবেচনাপূর্ব্বক আহার, এবং সত্য বাক্য কথন ও ধারণবিশিষ্টা বুদ্ধি ও বুদ্ধি ও ক্ষম অর্থাৎ ভূতপ্রেতাপস্মার ক্রোধ লোভাদ্যাবেশ রহিত ও ধৈর্য্যা বলম্বন ও ক্ষান্তি ও করুণা এবং আত্মজ্ঞান ও কপটশূন্য ও দম্ভ রহিত ও অনিন্দিত কর্ম্ম, ও নিষ্কাম ও সকলে বিনয় ও সদাদরে ধর্ম্মাচরণ, এই সকল সত্বগুণবিশিষ্ট মনের ধর্ম্ম জ্ঞানির কহিয়াছেন ২৪ ॥

ক্রোধস্তাড়নশীলতাচবহুলংদুঃখংসুখেচ্ছাধিকা
দম্ভঃ কামুকতাপ্যলীক বচনং চাধীরতাহঙ্কৃতিঃ।
ঐশ্বর্য্যাদ্যভিমানিতাতিশয়িতানন্দোধিকশ্চাটনংপ্র
খ্যাতাহি রজোগুণেন সহিতস্যৈতে গুণাশ্চেতসঃ ॥২৫।

রজোগুণবিশিষ্ট মনের এই সকল গুণ খ্যাত আছে, ক্রোধ ও তাড়ন শীলত্ব ও অনেক দুঃখ ও অধিক সুখেচ্ছা ও দম্ভতা ও কামুকত্ব ও

মিথ্যা কথ , ও ভয়শূন্য, ও অহঙ্কার, ও ঐশ্বর্য্যাদিতে অভিমান, ও অতিশয়ানন্দ ও পরিভ্রমণ ॥ ২৫ ।

নাস্তিক্যং সুবিষং তাতিশয়িতালস্যঞ্চ দুষ্টামতিঃ
প্রীতির্নিন্দিতকর্ম্মশর্ম্মণি সদা নিদ্রালুতাহর্নিশং ।
অজ্ঞানং কিল সর্ব্বতোপি সততংক্রোধান্ধতা মূঢতা
প্রখ্যাতাস্তু তমোগুণেন সহিতস্যৈতে গুণাশ্চেতসঃ ॥২৬

তমোগুণান্বিত মনের এই সকল গুণ খ্যাত আছে,নাস্তিকভাব ও অব সন্নভাব ও অতিশয়ালস্যতা ও দুষ্টবুদ্ধিত্ব ও নিন্দিতকর্ম্মে সর্ব্বদা প্রীতি ও নিদ্রালুতা দিবারাত্রি এবং জ্ঞানশূন্য নিশ্চয় সর্ব্বতোভাবে সর্ব্বদা ক্রোধে অন্ধতা, অথচ মূঢতা ॥ ২৬ ।

তত্র প্রভূতসত্ত্বস্তু সাত্ত্বিকঃ পুরুষঃস্মৃতঃ । রাজস
স্তামসশ্চৈব ত্রিবিধস্তেন মানসঃ ॥ ২৭ ॥

সত্ত্বগুণাধিক মনুষ্য সাত্ত্বিক, রজোগুণ বহুল মনুষ্য রাজস, তমোগুণা ধিক্য মনুষ্য, তামস হয়েন । ২৭

ততোঽভবম্মহত্তত্ত্বং বুদ্ধিতত্ত্বাপরাভিধং । ত্রিগুণং
সত্ত্ববহুলং নির্ম্মলস্ফটিকোপমং ॥ ২৮ ॥ চিচ্ছায়া
প্রাপ্তচৈতন্যং তদিচ্ছাময়মীরিতম্ ॥ ২৯ ॥ ❋ ॥

সেই প্রকৃতি হইতে বুদ্ধিতত্ত্ব নামক মহত্তত্ত্ব জন্মে । সে ত্রিগুণ, কিন্তু সত্ত্বগুণ বাহুল্য এবং নির্ম্মল স্ফটিক তুল্য । আর পরমেশ্বরের জ্ঞান শক্তির প্রতিবিম্ব প্রাপ্ত হইয়া সচেতন হয়েন । যেহেতু ঈশ্বরেচ্ছা ময় প্রাপ্ত । সেই প্রকৃতির সম ত্রিগুণ হইলেও সত্ত্বগুণ বাহুল্য হয়, কারণ কি যেমত নিশ্চল হ্রদাদিতে বৃহদ্দ্রব্য পতন হইলে সেই জলা শয়ের জল যেমত বৃদ্ধি হয়,তাদৃশ জ্ঞান পুরুষ সহকারে তুল্য ত্রিগুণা প্রকৃতি হইয়াও জ্ঞানহেতুক প্রকাশক সত্ত্বগুণ বৃদ্ধি বোধ হয় অত এব বৃদ্ধ সত্ত্বপ্রকৃতি হইতে সত্ত্ববহুল বুদ্ধিতত্ত্বজন্মে । ২৯ ।

মহতস্ত্রিগুণাজ্জাতোঽহঙ্কারস্ত্রিগুণান্বিতঃ। সাত্ত্বি
কোরাজসশ্চাপি তামসশ্চেতিসত্রিধা ॥৩০॥ অহঙ্কা
রস্য রজোগুণান্বিত মনোধর্ম্মত্বাৎ ॥ ৩১ ॥ ॥

সেই ত্রিগুণ বুদ্ধি তত্ত্ব হইতে ত্রিগুণান্বিত অহঙ্কার জন্মে। সেই অহ ঙ্কার তিন প্রকার হয়েন। যথা সাত্ত্বিক অহঙ্কার। রাজস অহঙ্কার। তামসাহঙ্কার। ত্রিগুণ সত্ত্ববহুল বুদ্ধি তত্ত্বের ত্রিগুণ, বিশেষণের তাৎপর্য্য এই, অহঙ্কারোৎপাদক বুদ্ধি, তত্ত্ব ত্রিগুণ হইয়াও রজো বহুল হয়েন, কারণ রজোগুণান্বিত মনের কার্য্য অহঙ্কার। অহঙ্কার অর্থাৎ অভিমান ব্যাপার লক্ষণ ॥ ৩১ ॥

॥ অহঙ্কারস্ত্রিবিধস্তানাহ সাত্ত্বিক ইত্যাদি ॥

জায়ন্তে সাত্ত্বিকস্তস্মাদিন্দ্রিয়াণি সরাজসাৎ। তানি
শ্রোত্রং ত্বচোনেত্রং রসনা নাসিকা তথা।৩২।বাগহস্ত
চরণোপস্থ গুদান্যেকাদশং মনঃ। পঞ্চবুদ্ধীন্দ্রিয়া
ণ্যাহুঃ পূর্ব্বোক্তানীতরাণিচ ॥ ৩৩ ॥ কর্ম্মেন্দ্রিয়াণি
পঞ্চৈব কথয়ন্তি বিপশ্চিতঃ ॥ ৩৩ ॥ ॥

সেই অহঙ্কার ত্রিবিধ প্রকার হয়েন, যথা সাত্ত্বিক, রাজস, তামস, ইহাদিগের কার্য্য কহিতেছি। সরাজস, সাত্ত্বিক, অহঙ্কার হইতে একাদশ ইন্দ্রিয় জন্মে, সেই একাদশ ইন্দ্রিয় পূর্ব্ব কথিত হইয়াছে, এই স্থানে বিশেষ কথনার্থ পুনর্ব্বার শ্লোকে কথিত হইল। বুদ্ধির আশ্রয় হেতুক বুদ্ধীন্দ্রিয় পঞ্চ কর্ম্মাশ্রয় হেতুক কর্ম্মেন্দ্রিয় পঞ্চ, পণ্ডিতের কহিয়াছেন। ৩৪ ॥

সাত্ত্বিকাহঙ্কার জাতত্বাদিন্দ্রিয়াণি প্রকাশকলক্ষ
ণানি সম্যক্প্রকাশকত্বাৎ ॥ ৩৫ ॥ ॥

সাত্ত্বিক অহঙ্কার হইতে জাত প্রযুক্ত ইন্দ্রিয় সকল প্রকাশক হই য়াছেন ৩৫ ॥

মনোবুদ্ধীন্দ্রিয়ং বিজ্ঞেঃ কর্ম্মেন্দ্রিয়মপি স্মৃতং ।
মনোধিষ্ঠিতমেবেদমিন্দ্রিয়ং যৎপ্রবর্ত্ততে ॥ ৩৬ ॥

মনই বুদ্ধীন্দ্রিয়, এবং কর্ম্মেন্দ্রিয়, যেহেতুক মনঃসংযোগ ব্যতীত ইন্দ্রিয়ের প্রবৃত্তি নাই, অতএব মনের অধিষ্ঠিতই ইন্দ্রিয়সকল ৩৬

---

॥ চরকস্ত ॥

লক্ষণং মনসোজ্ঞানস্যাভাবোভাবএব চ । সতি হ্যা
ত্মেন্দ্রিয়ার্থানাং সন্নিকর্ষেণ বর্ত্ততে ॥ ৩৭ ॥ * ॥

মনের লক্ষণ এই, জ্ঞানের ভাব অভাব। অভাব যথা আত্মেন্দ্রিয়ের বিষয় নিকটস্থ হইলেও মনঃসংযোগাভাবে ইন্দ্রিয় প্রবৃত্তির অভাব অর্থাৎ ইন্দ্রিয় গোচর হয়না। ভাব যথা। আত্মেন্দ্রিয়ার্থ দূর বৃত্তি হইলে ও মনঃসংযোগদ্বারা ইন্দ্রিয় প্রবৃত্তি হয়, অর্থাৎ ইন্দ্রিয় প্রযোজন দূরস্থ হইলে ও মনের সংযোগেতে অনায়াসে ইন্দ্রিয় গ্রাহ্য হয় । ৩৭ ॥

বৈবৃত্যান্মনসোজ্ঞানং সান্নিধ্যাত্তচ্চ বর্ত্ততে। অণু
ত্বমথচৈকত্বং দ্বৌগুণৌ মনসঃস্মৃতৌ ॥ ৩৮ ॥ চি
ন্ত্যংবিচার্য্যমূহ্যঞ্চধ্যেয়ংসংকল্প্যমেবচ ॥ যৎকিঞ্চি
ন্মনসোজ্ঞেয়ং তৎসর্ব্বং হ্যর্থসংজ্ঞকং ॥ ৩৯ ॥ *

মনের দুইটি গুণ, সূক্ষ্ম এবং স্থূল কর্ত্তব্যাকর্ত্তব্য দ্বারা যে বিষয় মনঃ কর্ত্তৃক চিন্তনীয় ইষ্টানিষ্টদ্বারা অন্বেষণীয় সম্ভাবনাদ্বারা নিশ্চয় ভাবনা, জ্ঞান বিষয় গুণ দোষবত্তা বিশিষ্টদ্বারা অবধারণ বিষয় যে কিছু সুখাদি এবং অনুক্ত বিষয়াববোধ, মনের গোচর সে সকল বিষয় নামক ॥ ৩৯ ।

ইন্দ্রিয়াভিগ্রহঃকর্ম্ম মনসঃ স্বস্যনিগ্রহঃ । ঊহো
বিচারশ্চ ততঃ পরংবুদ্ধিঃ প্রবর্ত্ততে ॥ ৪০ ॥ * ॥

ইন্দ্রিয়ের সর্ব্বতোভাবে গ্রহণীয়, গ্রাহ্য যে কর্ম্ম স্বীয় মনের নিশ্চয় গ্রাহ্য, আলোচনা জ্ঞান মীমাংসা, অনন্তর বুদ্ধি প্রবৃত্তি। ৪০ ॥

ইন্দ্রিয়েণেন্দ্রিয়ার্থোহি সমনস্কেন গৃহ্যতে। কল্প্য
তে মনসাতূর্দ্ধং গুণতোদোষতোথবা ॥ ৪১ ॥ জায়
তে বিষয়ে তত্র যা বুদ্ধির্নিশ্চয়াত্মিকা। ব্যবস্যতি
তয়াবক্তুং কর্ত্তুংবা বুদ্ধি পূর্ব্বকং ॥ ৪২ ॥ * ॥

মনোবিশিষ্ট ইন্দ্রিয় কর্ত্তৃক ইন্দ্রিয়বিষয় গ্রাহ্য হয়, মনের দ্বারা গুণের এবং দোষের সীম কল্পনা হয়, মনোবিষয়ে যে বুদ্ধি স্থিরা জন্মে সেই বুদ্ধি দ্বারা বুদ্ধিপূর্ব্বক করণের নিমিত্ত উদ্যোগী হয় ৪২ ॥

শব্দঃ স্পর্শশ্চ রূপঞ্চ রসোগন্ধোহনুক্রমাৎ। বুদ্ধী
ন্দ্রিয়াণাং বিষয়াঃ সমাখ্যাতামহর্ষিভিঃ ॥ ৪৩ ॥
বাচ্যংগ্রাহ্যঞ্চ গন্তব্যমানন্দং ত্যজ্যমেবচ। কর্ম্মে
ন্দ্রিয়াণাং বিষয়াজ্ঞাতব্যো বিষয়োহৃদঃ ॥ ৪৪ ॥ *

ক্রমশঃ শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ, এই পঞ্চ বিষয়, পঞ্চবুদ্ধীন্দ্রিয়, শ্রবণ, ত্বক্, লোচন, রসন, নাসিকার, কথন, গ্রহণ, গমন, হর্ষণ, মোচন, এই পঞ্চ বিষয় পঞ্চকর্ম্মেন্দ্রিয় বাক্, হস্ত, পাদ, উপস্থ, গুহ্যের, এবং মনের বিষয় মহাঋষি কর্ত্তৃক কথিত হইয়াছে ৪৪ ॥

তামসাদপ্যহঙ্কারাত্তন্মাত্রাণি সরাজসাৎ। পঞ্চা
ল্পসত্বসম্বন্ধাতিলিঙ্গানি ভবন্তিহি ॥ ৪৫ ॥ * ॥

সরাজস, তামস, অহঙ্কার হইতে পঞ্চতন্মাত্র হয়েন, এতৎ পূর্ব্বে কথিত হইয়াছে, অত্র বিশেষ কথনার্থ পুনঃ শ্লোক কথিত হইল। অল্প সত্ত্ব সম্বন্ধ হেতুক পঞ্চতন্মাত্র, সরাজস, তামস, লক্ষণ হয়েন, অল্প সত্ত্বসম্বন্ধ হেতুক, অপ্রকাশক পরং সূক্ষ্ম বাহ্যেন্দ্রিয়ের অগ্রাহ্য যোগিদিগের ইন্দ্রিয় গ্রাহ্য ॥ ৪৫ ।

তন্মাত্রেভ্যোবিয়দ্বায়ুরগ্নিবারি বসুন্ধরাঃ । এতা
নিপঞ্চজায়ন্তে মহাভূতানি তৎক্রমাৎ ॥ ৪৬ ॥ *॥

সেই পঞ্চ তন্মাত্র হইতে তন্মাত্রগুণোত্তরোত্তর বৃদ্ধিদ্বারা ক্রমশ পঞ্চ মহাভূত জন্মে যথা শব্দতন্মাত্র হইতে আকাশ জন্মে, শব্দতন্মাত্র সহিৎ স্পর্শতন্মাত্র হইতে শব্দগুণস্পর্শ বায়ুজন্মে, শব্দতন্মাত্র স্পর্শতন্মাত্র সহিৎ রূপতন্মাত্র হইতে শব্দ স্পর্শ রূপ গুণো অগ্নি জন্মে, শব্দ তন্মাত্র স্পর্শতন্মাত্র, রূপতন্মাত্র সহিৎ, রসতন্মাত্র হইতে শব্দস্পর্শ রূপ রসগুণো বারিজন্মে, শব্দতন্মাত্র, স্পর্শতন্মাত্র, রূপতন্মাত্র, রসতন্মাত্র সহিৎ গন্ধতন্মাত্র হইতে পৃথিবীজন্মে । ৪৬

চরকস্ত ॥ মহাভূতানি খং বায়ুরগ্নিরাপঃ ক্ষিতি
স্তথা । শব্দঃস্পার্শশ্চ রূপঞ্চ রসোগন্ধশ্চ তদ্‌গুণাঃ ॥
৪৭ ॥ তেষামেকগুণঃ পূর্ব্বো গুণবৃদ্ধিঃ পরেপরে ।
পূর্ব্বঃপূর্ব্বগুণশ্চৈব ক্রমশো গুণিষুস্মৃতঃ ॥ ৪৮ ॥ *।

অস্যার্থ পূর্ব্ব বাক্যার্থ পোষক জন্য, পঞ্চমহাভূতের প্রত্যেকের গুণ কহিতেছেন পঞ্চমহাভূতের শব্দাদি গুণ, ইহারদিগের এক গুণ পূর্ব্বপরে উত্তরোত্তর গুণ বৃদ্ধি, পূর্ব্ব ভূতের প্রথম যে গুণ, ক্রমেতে পরভূতের গুণেতে যুক্ত হএন । ৪৮ ।

শব্দঃ শ্রোত্রেন্দ্রিয়ঞ্চাপি ছিদ্রাণিচ বিবিক্ততা ।
নিয়তং কথিতা এতে গুণাগুণবিচারিভিঃ ॥ ৪৯ ॥ *

শব্দকর্ণেন্দ্রিয় ছিদ্র পৃথকতা এই আকাশের গুণ, গুণ বিচারি ব্যক্তি কর্ত্তৃক কথিত হইয়াছে । ৪৯ ॥

স্পার্শস্ত্বগেন্দ্রিয়ঞ্চাপি স্পন্দনং লঘুতাতনোঃ । চেষ্টা
সর্ব্বশরীরস্য বায়োরেতে গুণাঃস্মৃতাঃ ॥ ৫০ ॥ * ॥

স্পর্শ স্পর্শেন্দ্রিয় শরীরের স্পন্দন ও লঘুতা, শরীরের সমুদায়চেষ্টা, বায়ুর এই সকল গুণ ॥ ৫০ ॥

রূপংনেত্রেন্দ্রিয়ং পাকঃ সন্তাপ স্তীক্ষ্ণতা তথা ।
বর্ণোভ্রাজিষ্ণুতামর্ষঃ শৌর্য্যং বহ্নেগুর্ণা অমী ॥ ৫১ ॥

রূপ নেত্রেন্দ্রিয় আহার পাক, এবং তাবদ্দ্রব্য পাক, উষ্ণতা, তীক্ষ্ণতা, অর্থাৎ শীঘ্রকারিতা, গৌরপ্রভৃতি বর্ণ, দীপ্তি, ক্রোধ, বীরত্ব, এই সকল অগ্নির গুণ । ৫১ ॥

রসোরসেন্দ্রিয়ংশৈত্যং স্নেহশ্চ গুরুতাতথা । সর্ব্ব
দ্রবসমূহশ্চশুক্রংবারি গুণাঃস্মৃতাঃ ॥ ৫২ ॥ ❋ ॥

রস রসনেন্দ্রিয় শীতত্ব, স্নেহত্ব, গুরুত্ব, দ্রব্য সমুদায়শুক্র, সেই সকল জলের গুণ । ৫২ ॥

গন্ধোঘ্রাণেন্দ্রিয়ঞ্চাপি কাঠিন্যং গৌরবংতথা ।
বসুন্ধরাগুণাএতে গদিতা গুণবেদিভিঃ ॥ ৫৩ ॥ ❋ ॥

গন্ধ এবং ঘ্রাণেন্দ্রিয় ও কাঠিনতা ও গুরুত্ব এইসকল গুণপৃথিবীর।৫৩

শব্দঃস্পর্শশ্চরূপঞ্চ রসোগন্ধশ্চতৎক্রমাৎ । তন্মা
ত্রাণাং বিশেষাস্যুঃ স্থূলভাবমুপাগতাঃ ॥ ৫৪ ॥ ❋ ॥

শব্দতন্মাত্রাদি ক্রমেতে শব্দাদি পঞ্চস্থূল হইয়া, তন্মাত্রের বিশেষ হয়, অর্থাৎ তন্মাত্র পরম সূক্ষ্ম, শব্দপ্রভৃতি পঞ্চ, স্থূলবাহ্যেন্দ্রিয় গ্রাহ্য ৫৪ ॥

প্রকৃতিঃ কারণাযোগাত্মতা বিকৃতি রেবসা । মহ
ত্তত্বাদয়ঃ সপ্তশক্তের্বিকৃতয়ঃ স্মৃতাঃ ॥ ৫৫ ॥ ❋ ॥

প্রকৃতিই কারণ, যেহেতুক কারন ব্যতিরেকে প্রকৃতি বিকৃতিহয়েন। যথা মহত্তত্বাদিসপ্ত প্রকৃতির বিকার । মহান অহঙ্কার পঞ্চতন্মাত্র এইসপ্ত ॥ ৫৫ ।

ইন্দ্রিয়াণাং সভূতানাং কারণত্বান্মহর্ষিভিঃ । মহ
ত্তত্বাদয়ঃসপ্ত প্রোক্তাঃপ্রকৃতয়োপিচ ॥ ৫৬ ॥ ❋ ॥

ইন্দ্রিয় সকলের এবং সর্ব্বভূতের কারণ হেতুক মহত্তত্বাদিসপ্ত . ও

প্রকৃতি, অতএব অষ্টপ্রকৃতি যথা প্রকৃতি মহান অহঙ্কার পঞ্চতন্মাত্র ॥ ৫৬ ॥

দশেন্দ্রিয়াণি চিত্তঞ্চমহাভূতানি পঞ্চচ। এতানি
সৃষ্টিৎজানদ্বিভর্বিকারাঃ ষোড়শস্মৃতাঃ ।। ৫৭ ॥ ✻ ॥

দশেন্দ্রিয় এবং মন তথা পঞ্চমহাভূত এই ষোড়শ বিকার, প্রকৃত্যাদি অষ্টপ্রকৃতি, যেকারণ তাহার কার্য্য এই ষোড়শবিকার ॥৫৭।

এবংচতুর্ব্বিংশতিভিস্তত্বৈঃ নির্ম্মিতবপুর্গৃহে। জীবাত্মা নিয়তের্নিয়ো বসতিস্বান্ত দূতবান্ ॥ ৫৮ ॥ ✻ ॥

এইরূপ চতুর্ব্বিংশতি তত্ব নির্ম্মিত, দেহরূপ গৃহেতে শুভাশুভনিয়মকালায়ত্ত জীবাত্মা মনোদূতবিশিষ্ট হইয়া, বাসকরিতেছেন। তত্ব অর্থাৎ অব্যক্ত প্রভৃতি অষ্টপ্রকৃতি ষোড়শবিকার এই চতুর্ব্বিংশতি তত্ব ॥ ৫৮ ॥

সদেহী কথ্যতেপাপ পুণ্য দুঃখ সুখাদিভিঃ। ব্যাপ্তোবদ্ধশ্চ মনসাকৃত্রিমৈঃ কর্ম্মবন্ধনৈঃ ॥ ৫৯ ॥ ✻ ।

পাপ পুণ্য দুঃখ সুখাদি কর্ত্তৃক, ব্যাপ্ত কৃত্রিমকর্ম্ম বন্ধন দ্বারা মনের সহিত বদ্ধ যে সেই দেহী ৫৯ ॥

ইচ্ছাদ্বেষ সুখাসুখানি বিষয়জ্ঞানং প্রযত্নো মনঃ
সংকল্পশ্চবিচারণাস্মৃতিরথো বুদ্ধিঃকলা বিজ্ঞতা।
প্রাণসংযোপারিযাপনংগুদবশাদ্বায়োরধঃপ্রেরণংনেত্র।
মেষ নিমেষকৃত্য করণোৎসাহাশ্চজীবেগুণাঃ ॥ ৬০

দেহ এবং জীবাত্মার সংযোগ কারণ কর্ত্তৃক, মন সহিত সংযোগে যে যে গুণ উৎপন্ন হয়, তৎকথিত হইতেছে, । ইচ্ছা অর্থাৎ সুখ নিমিত্তাভিলাস, দ্বেষ অর্থাৎ দুঃখ হেতুক মন প্রবৃত্তি সুখ অর্থাৎ প্রীতি অসুখ অর্থাৎ অপ্রীতি। শব্দাদিজ্ঞান কার্য্যবিষয়ে। তৎপরতা প্রযত্ন। সংশয়াত্মক মনের কর্ম্ম সংকল্প অর্থাৎ অবধারণ। বিতর্ক অনুসন্ধানদ্বারা বস্তুনিশ্চয় পূর্ব্বানুভূত বস্তুস্মরণ। নিশ্চয়াত্মিকা শিক্ষা

শাস্ত্রাদি বোধ হৃদয়স্থিত বায়ুর ঊর্দ্ধ মুখাদি প্রাপন অপানস্থিত বায়ুর অধঃ প্রেরণ। নেত্রোন্মীলন এবং নিমীলন। কার্য্যারম্ভে সামর্থ দ্বারা উৎসাহ মনযুক্ত জীবাত্মার এই সকল গুণ। ৬০।

ইত্যায়ুর্ব্বেদ দর্পণে সৃষ্টি প্রকরণ নাম দ্বিতীয়োল্লাসঃ ॥ ❋ ॥ ❋ ॥ ❋ ॥

ইতি দ্বিতীয়োল্লাসঃ

।। রজস্বলা স্বভাব কথনং ।।

চিকিৎসায়াং শরীরীহ্যধিকৃতঃ সশরীরীযথোৎপ-
দ্যতে তদ্বোধয়িতুং গর্ভোৎপত্তি ক্রমমাহ ।। ১ ।। * ।।

চিকিৎসা বিষয়ে শরীরে অধিকার, সেই শরীর যেরূপে উৎপন্ন হয়
তদ্বোধ নিমিত্ত গর্ভের উৎপত্তি ক্রম কহিতেছেন ১

গর্ভোৎপত্তি ভূমিস্তু রজস্বলাস্ত্রী। ততো রজস্বলা
স্বভাব মাহ ।। ২ ।। * ।।

গর্ভোৎপত্তি ভূমি রজস্বল স্ত্রী অতঃপরং রজস্বলা স্বভাব কথিত হই
য়াছে ।। ২ ।

দ্বাদশাদ্বৎসরাদূর্দ্ধমাপঞ্চাশৎ সমাঃস্ত্রিয়ঃ। মাসি
মাসি ভগদ্বারা প্রকৃত্যৈ বার্ত্তবং স্রবেৎ ।। ৩ ।। * ।।

স্ত্রীলোকের দ্বাদশ বৎসরের পর পঞ্চাশদ্বর্ষ পর্য্যন্ত মাসে২ যোনি
মুখ হইতে স্বাভাবিক আর্ত্তবস্রাব হয়, ঋতুকালিক ভবরক্তনামআর্ত্তব
এবং রজ ।। ৩ ।।

আবর্ত্তস্রাবদিবসা দৃতঃ ষোড়শ রাত্রয়ঃ। গর্ভগ্রহণ
যোগ্যস্তু সএব সময়ঃস্মৃতঃ ।। ৪ ।। * ।।

আর্ত্তবস্রাব দিবসাবধি ষোড়শরাত্রি পর্য্যন্ত গর্ভ গ্রহণ যোগ্য। সকল
স্ত্রীর ঋতু কাল । ৪ ।

ঋতুর্দ্বাদশরাত্রংহি ব্রাহ্মণ্যা দশরাত্রিকং। ক্ষত্রি
য়ায়া অষ্টরাত্রংশূদ্রায়াস্তুষড়রাত্রিকং ।। ৫ ।। * ।।

ব্রাহ্মণীর দ্বাদশ রাত্রপর্য্যন্ত ঋতু। ক্ষত্রাণীর দশরাত্র বৈশ্যার অষ্ট
রাত্র শূদ্রার ষট্‌রাত্র বিপ্রবর্ণ স্ত্রী এবং সর্ব্বত্র ।। ৫ ।।

ঋতুস্তুদ্বাদশরাত্রংভবতিদৃষ্টার্ত্তবঃ। এবমদৃষ্টার্ত্তবো
প্যস্তীত্যেকেভাষন্তে ।। ৬ ।। * ।।

ঋতু দ্বাদশরাত্র দৃষ্টার্ত্তব হয় ।এবংঅদৃষ্টার্ত্তবও হয়পণ্ডিতেরা কহেন।৬

পীন প্রসন্নবদনাং প্রক্লিন্নাত্মমুখদ্বিজাং নরকামাং প্রিয়কথাং স্রস্তকুক্ষ্যক্ষি মূর্দ্ধজাং । স্ফুরদ্ভুজ কুচশ্রোণি নাভ্যূরুজঘন স্ফিচং হর্ষোৎসুক্যপরাং চাপি বিদ্যাদৃতুমতীমিতি ॥ ৭ ॥ ❋ ॥

ঋতুমতী স্ত্রীর লক্ষণ । স্থূল অথচ প্রফুল্লবদনা হয় । প্রক্লেদযুক্ত মুখদন্ত হয় । পুরুষ কামা হয় । প্রিয়কথা বক্তা হয়, অর্থাৎ প্রিয়বাক্য কয় । কুক্ষি, চক্ষু, কেশ, শ্লথীভূত হয় । হস্ত, স্তন, নিতম্ব, নাভি, উরু, নিতম্বোপরিভাগ ঊরু, এবং বস্তির সন্ধিস্থান এই সকল স্থানের স্ফূর্ত্তি হয়, আহ্লাদোৎসুকপরা হয়, অস্তর ঋতুবিশিষ্টা স্ত্রীর এইসকল লক্ষণ জানিহ ॥ ৭ ॥

আর্ত্তবস্রাবদিবসাত্র্যহং সা ব্রহ্মচারিণী । শয়ীত দর্ভ শয্যায়াং পশ্যেদপি পতিং নচ ॥ ৮ ॥ করে শরাবে পর্ণে বা হবিষ্যং ত্র্যহমাচরেৎ ॥ ৯ ॥ ❋ ॥

আর্ত্তব স্রাব দিবসাবধি দিনত্রয়, রজস্বলাস্ত্রী ব্রহ্মচারিণী হইয়া এই সকল সেবন করিবেন, এবং তৃণ কুশাসনে শয়ন, অন্য পুরুষ কিম্বা পতির দর্শন করিবেননা, হস্তে অথবা নূতন সরার পাত্রে হবিষ্যান্ন ভোজন করিবেন ॥ ৯ ॥

অশ্রুপাত নখচ্ছেদ মভ্যঙ্গমনুলেপনং । নেত্রয়োরঞ্জনং স্নানং দিবাস্বাপং প্রধাবনং ॥ ১০ ॥ অত্যুচ্চশব্দ শ্রবণং হসনং বহুভাষণং । আয়াসং ভূমিখননং প্রবাতঞ্চ বিবর্জয়েৎ ॥ ১১ ॥ অজ্ঞানাদ্বা প্রমাদাদ্বা লৌল্যাদ্দৈবতশ্চবা । সা চেৎ কুর্য্যাৎ নিষিদ্ধানি গর্ভদোষাংস্তদাপ্নুয়াৎ ॥ ১২ ॥ ❋ ॥

রজস্বলার নিষিদ্ধ এই সকল, যথা, ক্রন্দন, ও নখচ্ছেদন, তৈলমর্দ্দন, চন্দনাদি লেপন, চক্ষে অঞ্জন, স্নান, দিবাশয়ন, গমনাগমন, অত্যুচ্চশব্দ শ্রবণ, হাস্যকরণ, বহু বাক্য কথন, পরিশ্রম কারককর্ম্ম করণ

মৃত্তিকা খনন, অতিশয় বাতসেবন, এই সকল পরিত্যাগ করিবেন, নিয়ম না করিলে এই সকল দোষ হয়। অজ্ঞানহেতুক, কিম্বা প্রমাদ হেতুকে অথবা চাপল্যহেতুক, কি দৈবক্রমে সেই ঋতুমতী স্ত্রী এই সকল নিষিদ্ধ কর্ম্ম করেন তবে সেই গর্ভজ সন্তানের দোষ হয়, কর্ম্ম বিশেষে দোষ বিশেষ হয়, তাহা কথিত হইবেক ॥ ১২ ।

এতস্যারোদনাদ্গর্ভো ভবেদ্বিকৃত লোচনঃ। নখ
চ্ছেদেন কুনখী কুষ্ঠীত্বভ্যঙ্গতোভবেৎ॥ ১৩ ॥ ॥

সেই রজস্বলা বনিতার রোদনেতে বালকের চক্ষু কুরূপ হয়। নখ চ্ছেদে কুনখী অর্থাৎ কাল এবং পচাজলুই নখযুক্ত হয়, তৈলমর্দ্দনে কুষ্ঠরোগী হয় ॥ ১৩ ॥

অনুলেপাত্তথাস্নানাৎ দুঃখশীলোঽঞ্জনাদন্ধ। স্বা
পশীলোদিবাস্বাপাৎ চপলঃস্যাৎ প্রধাবনাৎ॥ ১৪॥

চন্দনাদি লেপনে এবং স্নানে দুঃখী হয়। কজ্জলচক্ষে দিলে অন্ধ পুত্র হয়, দিবাশয়নে অত্যন্ত শয়নশীল হয়, গমনাগমনে চঞ্চলহয় ॥ ১৪॥

অত্যুচ্চশব্দশ্রবণাৎ বধিরঃ খলুজায়তে। তালু
দন্তৌষ্ঠজিহ্বাসু শ্যাবোহসনতো ভবেৎ॥ ১৫ ॥ ॥

অতিশয় উচ্চশব্দ শ্রবণে বধির অর্থাৎ কালাহয়। হাস্যকরিলে তালু এবং দন্ত, ও ওষ্ঠ, ও জিহ্বা, কৃষ্ণবর্ণ হয় ॥ ১৫ ॥

প্রলাপীভূরিকথনাদুন্মত্তস্ত্বপরিশ্রমাৎ। খলতির্ভূ
মিখননাদুন্মত্তোবাতকোপনাৎ॥ ১৬ ॥ ॥

বহুবাক্য কথনে অনর্থক বাক্য কহে, পরিশ্রম করিলে উন্মত্ত হয়, মৃত্তিকাখনন করিলে ইন্দ্রলুপ্ত রোগবিশিষ্ট হয়, অর্থাৎ টাকপড়া। বায়ুসেবনে উন্মাদ রোগী হয়, অতএব রজস্বলা নারীর বিহিত কর্ম্ম কর্ত্তব্য। ১৬ ॥

ততশ্চতুর্থে দিবসেস্নাতা সদ্বসনাদিভিঃ। ভূষিতা
সুমনঃপশ্যেদ্ভর্ত্তারং সমলঙ্কৃতং॥ ১৭ ॥ ॥

চতুর্থ দিবসে স্নান করিয়া উত্তম বস্ত্রালঙ্কার ধারণ করত মনঃসংযোগে অলঙ্কার ভূষিত ভর্ত্তাকে দর্শন করিবেন ।। ১৭ ।

পূর্ব্বং পশ্যেৎ ঋতুস্নাতা যাদৃশং নরমঙ্গনা। তাদৃশং জনয়েৎপুত্রং ভর্ত্তঃপশ্যেৎ পতিস্পুত্রং।। ১৮ ।। অথবা মনসিধ্যাত্বা পতিংভানুং বিলোকয়েৎ ।। ১৯ । * ।।

ঋতুস্নানানন্তর সেই সিমন্তিনী প্রথমে যাদৃশ পুরুষকে দর্শনকরেন, তাদৃশ পুত্র প্রসব হয়েন, অতএব ঋতুস্নানানন্তর বনিতা আপনার পতিকে দর্শন করিবেন, সেই পতি যদি নিকটে না থাকেন তবে পুত্রাদি দর্শন করিবেন, অথবা মনসে পতিকে ধ্যান করিয়া ভানু অবলোকন করিবেন। ১৯ ।।

প্রবহৎসলিলেক্ষিপ্তং দ্রব্যং গচ্ছেদধোযথা। তথা বহুভিরক্তেতু ক্ষিপ্তংবীর্য্যমধোব্রজেৎ ।। ২০।। *।

চতুর্থ দিবসাবধি রজো নিবৃত্তি হইলে বনিতা স্বামির সহিত সঙ্গতা হইবেন, রজো নিবৃত্তি না হইলে সঙ্গতা হইবেন না তাহারহেতুএই জলপ্রবাহে কোনভারিদ্রব্য ক্ষেপ করিলে যেমনসেই দ্রব্যনীচেপতন হয় তাদৃশ রক্ত বহন হইলে শুক্র ক্ষেপ করিলে সেই শুক্র অধোগতি হয়েন ।। ২০ ।।

আয়ুঃক্ষয়ভয়াদ্ভর্ত্তা প্রথমেদিবসে তথা। দ্বিতীয়েপিদিনেরত্যৈ ত্যজেদৃতুমতীংস্ত্রিয়ং ।। ২১ ।। * ।।

অনন্তর পতি কর্ত্তব্য কহিতেছেন। ঋতুকালে নিষিদ্ধ কাল এবং বিহিতকালের ফল। আয়ুঃক্ষয়ের ভয়হেতুক প্রথমদিবসে এবংদ্বিতীয় দিবসে পতি রমণ বিষয়ে ঋতুমতী বনিতা পরিত্যাগ করিবেন ।। ২১

তত্রয়স্যাহিতোগর্ভে জায়মানো নজীবতি। আহিতোঽপি তৃতীয়েঽহ্নি স্বল্পায়ুর্বিকলাঙ্গকঃ ।। ২২

এই দুই দিবসের মধ্যে যদি গর্ব্ভ হয় তবে সে সন্তান জীবিত হয়েন না, তৃতীয় দিবসে গমন করিলে তদ্দিনজাত সন্তান অল্পায়ু এবং অঙ্গহিন হয় ২২ ।।

স্তস্তশ্চতুর্থী ষষ্ঠীস্যাদষ্টমী দশমীতথা । দ্বাদশীচা
পিযারাত্রি স্তস্যাং তাং বিধিনাভজেৎ ॥ ২৩ ॥

সেই হেতুক চতুর্থ এবং ষট্ অষ্ট ও দশ দ্বাদশ রাত্রিতে বিধান ক্রমেতে সম্ভোগ করিবেন ২৩ ।

অত্রোত্তরোত্তরং বিদ্যাদাযুরারোগ্য মেবচ । প্র
জাসৌভাগ্য মৈশ্বর্য্যং বলঞ্চাভিগমাৎফলং ॥ ২৪।

গর্ভাধানে কথিত বিধান জানিহ, যে সকল দিবস কথিত হইল তৎ পর পর উত্তম ফল, এই সকল দিবসের পরপরআয়ু আরোগ্য বিশিষ্ট সন্তান এবং ধন ও সৌভাগ্য ও বল স্ত্রী অভিগমনে ফল জানিহ ২৪

যুগ্মাসুপুত্রাজায়ন্তে স্ত্রিয়োযুগ্মাসুরাত্রিষু । স্না
তশ্চন্দনলিপ্তাঙ্গঃ সুগন্ধঃ সুমনোর্চ্চিতঃ ॥ ২৫ ॥
ভুক্তবৃষ্যঃ সুমনসঃ সুবেশঃ সমলঙ্কৃতঃ । তাম্বূলবদনে
স্তস্যামনুরক্তোঽধিকস্মরঃ ॥ ২৬ ॥ পুত্রার্থী পুরুষো
নারীমুপেয়াচ্ছয়নেশুভে ॥ ২৭ ॥ * ॥

ইহাতে যুগ্ম এবং অযুগ্ম রাত্রি বিশেষ ফল কহি যুগ্ম রাত্রিতে পুত্র জন্মে, অযুগ্ম রাত্রিতে কন্যা হয় । স্ত্রী পুরুষ সম্ভোগ কালে যে রূপ হইবেন তাহা কহি স্নান করিয়া চন্দনলিপ্তাঙ্গ করিয়া সুগন্ধ পুষ্প যুক্ত হইয়া বীর্য্য বৃদ্ধি কারক দ্রব্য ভক্ষণ করিয়া পুষ্প মাল্যা দিতে সুবেশীভূত হইয়া এবং সুন্দর পরিস্কৃত হইয়া, তাম্বূল ভক্ষণ করত, এতাদৃশ কর্ম যুক্তা স্ত্রীতে অনুরাগ করিয়া কামযুক্ত হইয়া পুরুষ পুত্র ইচ্ছা করিয়া উত্তম শয্যাতে স্ত্রীসঙ্গ করিবেন ॥ ২৭ ॥

অত্যাশিতোঽধৃতিক্ষুদ্ধঃ সব্যথাঙ্গঃ পিপাসিতঃ ।
বালোবৃদ্ধোন্যরোগাও স্ত্যজেত্রোগীচমৈথুনং ॥২৮

অতিশয় ভোজন করিয়া আর অধৈর্য্য হইয়া এবং ক্ষুধা যুক্ত এবং

বেদনাযুক্ত অঙ্গ, এবং পিপাসা যুক্ত এবং বালক ও বৃদ্ধ এবং অন্য রোগেতে পীড়িত এবং রোগী অর্থাৎ চিররোগী ব্যক্তি মৈথুন কর্ম্ম ত্যাগ করিবেন ॥ ২৮ ।

পুরুষস্যগুণৈর্যুক্তা বিহিতন্নানভোজনা । নারীশ্চ

তুমতীপুংসা সংগচ্ছেত সুতার্থিনী ॥ ২৯ ॥ * ॥

স্ত্রী যেরূপ ব্যবহার করিবেন তাহা কহি পুরুষের গুণেতে যুক্তা হইয়া বিহিত অন্ন ভোজন করিয়া ঋতুস্নাতাস্ত্রী পুত্র ইচ্ছা করিয়া পুরুষের সহিত সঙ্গতা হইবেন ॥ ২৯ ॥

রজস্বলাব্যাধিমতী বিশেষাদ্যোনি রোগিণী ।
বয়োঽধিকাচনিচ্ছাযা মলিনাগর্ভিণীতথা ॥ ৩০ ।
এতেষাং সঙ্গমাৎপুংসাং বৈগুণ্যানি ভবন্তিহি॥৩১

তাহাতে অনুপযুক্তা কহিতেছি ॥ রজস্বলা এবং প্রদরাদি রোগযুক্তা বিশেষে যোনিরোগ যুক্তা অধিক বয়স্ক ইচ্ছারহিতা অপরিষ্কৃতা এবং গর্ভবতী এই সকল স্ত্রীর সঙ্গমেতে পুরুষদিগের অমঙ্গল হয় ॥৩১

প্রথমেঽহনিচাণ্ডালী দ্বিতীয়ে ব্রহ্মঘাতিনী । তৃতীয়ে রজকীপুংসা যথাবর্জ্যাতথাঙ্গনা ॥ ৩২॥ * ॥

তাহাতে যে রজস্বলার তিনদিবস ঋতুবিষয়ে নিষিদ্ধ, যেহেতু তাহা কহি । প্রথম দিনে চাণ্ডালের স্ত্রী সমানা হয়, দ্বিতীয় দিবসে ব্রহ্ম বধের পাপ যুক্তা হয়, তৃতীয় দিবসে রজকের স্ত্রীর তুল্যা হয়, যেমন এসকল ত্যাগ করিতে হয় তেমন এই মত আপনস্ত্রী তিন দিবস ত্যাগ করিবেক ॥ ৩২ ॥

কামান্মিথুনসংযোগে শুদ্ধশোণিতশুক্রজঃ। গর্ভঃ

সংজায়তেনার্য্যাঃ সজাতোবালউচ্যতে ॥ ৩২ ॥

গর্ভ হওনের ক্রম এই । কাম হেতুক স্ত্রীপুরুষের সঙ্গমেনির্দ্দোষরক্ত বীর্য্য হইতে নারীর গর্ভ হয় সেই গর্ভ ভূমিষ্ঠ হইলে বালক কহা যায় ॥ ৩২ ।

দম্পত্যোঃকুষ্ঠবাহুল্যাৎ দুষ্টশোণিতশুক্রয়োঃ।
যদপত্যংতয়োর্জাতং জ্ঞেয়ংতদপি কুষ্ঠিতং। ৩৩

স্ত্রীপুরুষের শোণিত শুক্রের দোষ থাকিলে অশুদ্ধ গর্ভ হয়, তাহার কারণ, স্ত্রীর কিম্বা পুরুষের কুষ্ঠ রোগ থাকিলে তাহারদিগের দুষ্ট রক্ত, ও দুষ্ট বীর্য্য হইতে যে সন্তান জন্মে সেসন্তানের কুষ্ঠ রোগ হয় ।৩৩ ॥

বাতাদিদুষ্টরেতসঃ প্রজোৎপাদনে ন সমর্থাঃ। ইতি সুশ্রুতঃ ॥ ৩৪ ॥ * ॥

ইহারবিরোধ বচন দুষ্ট বায়ু পিত্ত, কফ কর্ত্তৃক দুষ্টশুক্রের সন্তান উৎপাদে ক্ষমতা নাই, এই সুশ্রুত কর্ত্তৃক উক্ত আছে। রোগাদি দ্বারা অশুদ্ধ সন্তান ও জন্মে বাতাদি দুষ্টশুক্র ও জন্মান্ধ, বধির, পাণ্ডু রোগাদিযুক্ত, সন্তান জন্মান। ৩৪।

ঋতৌস্ত্রীপুংসয়োর্যোগে মকরধ্বজকোপতঃ। মেঢ্রযোন্যভিসংঘর্ষাচ্ছরীরোষ্মানিলাহতঃ ॥ ৩৫ ॥ *

ঋতুকালে স্ত্রীপুরুষের যোগে কাম বেগেতে উপস্থ যোনির সম্যক্ ঘর্ষণদ্বারা শরীরস্থ উষ্মা বায়ু কর্ত্তৃক আঘাতি প্রাপ্ত হএন্ ৩৫।

পুংসঃ সর্ব্ব শরীরস্থং রেতোদ্রাবয়তেঽথতৎ। বায়ুর্মেহন মার্গেণ পাতয়ত্যঙ্গনাভগে ॥ ৩৬ ॥ * ॥

অনন্তর পুরুষের সর্ব্বশরীরস্থিত শুক্র অর্থাত দৃঢ় শুক্র স্রব করে, পশ্চাৎ বায়ু উপস্থ পথদ্বারা নারীর যোনিতে পতন করান্॥ ৩৬॥

তৎসংস্রুত্যব্যাত্ত মুখংযাতিগর্ভাশয়ংপ্রতি।
তত্রশুক্রবদায়াতে নার্ত্তবেন যুতংভবেত্ ॥ ৩৭ ॥ *॥

। সেই শুক্র সংস্রাব হইয়া বিস্তৃত মুখ গর্ভস্থানের প্রতি গমন করে, সেই গর্ভস্থানে বীর্য্যের ন্যায় আগত রক্তের সহিত মিলিত হয় ।৩৭

শঙ্খনাভ্যাকৃতির্যোনিস্ত্র্যাবর্ত্তাসাচ কীর্ত্তিতা।
তস্যাস্তৃতীয়েত্বা বর্ত্তেগর্ভশয্যা প্রতিষ্ঠিতা ॥ ৩৮ ॥

যোনির আকৃতি শঙ্খ নাভির ন্যায় তাহাতে তিনটী আবর্ত্ত আছে, অর্থাত চক্রাকার, তাহার তৃতীয় আবর্ত্তে গর্ভশয্যা স্থিতা আছে ॥৩৮॥

**যথারোহিতমত্স্যস্য মুখস্তুবতি রূপতঃ । তত্সংস্থানাংতথারূপাং গর্ভশয্যাং বিদুর্ব্বুধাঃ ॥ ৩৯ ॥**

যেমত রোহিত মত্স্যের মুখাকৃতি এবং সংস্থিতি, তাদৃশ গর্ভশয্যা জানিবে গর্ভশয্যার মুখ রোহিত মীনের মুখের ন্যায়, রোহিত মত স্যেরস্থিতি জলে তাদৃশ পিত্ত স্থান এবং পরিপাকস্থানের মধ্যে গর্ভ শয্যারস্থিতি রোহিত মতংস্যেরন্যায় ছোট মুখ, স্থান বড় ।৩৯॥

**শুক্রাওর্ব্বসমাশ্লেষোযদেব খলুজায়তে । জীবস্তু দেব বিশতিযুক্ত শুক্রার্ত্তবান্তরং ॥ ৪০ ॥* ॥**

যে কালে শুক্র শোণিত একত্র মিলিত হয়, সেই কালেশুক্র শোনিতের মধ্যে জীব প্রবিষ্ট হএন ॥ ৪০ ॥

**সূর্য্যাংশোঃ সূর্য্যমণিত উভয়স্মাদ্যুতাদ্যথা । বহ্নিঃসংজায়তেজীব স্তথাশুক্রার্ত্তবাদ্যুতাত্ ॥ ৪১ ॥**

যেমন সূর্য্য কিরণে সূর্য্যকান্তমণি এই উভয়ে মিলিত হইলে, অগ্নি উত্পন্ন হএন, তাদৃশ শুক্রশোণিত একত্র হইলে জীবোত্পত্তিহয় । ৪১ ।

**আত্মানাদিরনন্তশ্চাব্যক্তো বক্তুংন শক্যতে । চিদানন্দৈক রূপোয়ংমনসাপিনগম্যতে ॥ ৪২ ॥ * ॥**

জীবের আদি নাই, অন্তনাই, অব্যক্ত কেহ তাহাকে কহিতে শক্ত হয় না, জ্ঞানানন্দ অদ্বিতীয়রূপ মনঃদ্বারা চিন্তনীয় নয় । ৪২ ॥

**এবম্ভুতোহপিজগতো ভাবিনো বলবত্তয়া । অধিদ্যাস্বীকৃতে কর্ম্মবশোগর্ভং বিশত্যসৌ ॥ ৪৩ ॥**

ভবিষ্যত্ জগতের প্রধানতাপ্রযুক্ত মায়ার আবরণ শক্তিদ্বারা কর্ম্মবশগ হইয়া গর্ভে এতাদৃশ জীব প্রবেশ করেন । ৪৩ ॥

স এব বেত্তারমণোত্রষ্টা ঘ্রাতাস্পৃশত্যপি । শ্রোতা
বক্তাচ কর্ত্তাচ গন্তাহন্তোৎসৃজত্যপি ॥ ৪৪ ॥ * ॥

সেই জীব বোধকর্ত্ত অম্ললবনাদি রস বোদ্ধা, দর্শনকর্ত্তা ঘ্রাণকর্ত্তা স্প র্শনকর্ত্তা, শ্রবণকর্ত্ত, বক্তা, সর্ব্বকার্য্যকারক, গমন কর্ত্তা, হনন কর্ত্ত, এবং সৃজন কর্ত্তা ৪৪

দিনেব্যতীতেনিয়তং সঙ্কুচত্যম্বুজং যথা । ঋতৌব্য
তীতে নার্য্যাস্তযোনিঃ সংব্রিয়তেতথা ॥ ৪৫ ॥ *॥

যেমন দিন গত হইলে পদ্মিনীর অন্তর মুদ্রিতা হয় তাদৃশ স্ত্রীলো কের প্রথমঋতু দিবসাবধি ষোড়শ দিবস অতীত হইলে যোনি মুদ্রি ত হয় ৪৬ ॥

জীবেহন্তর্ব্বায়ুনাভিন্নে দ্বৌজীবৌ কুক্ষিমাগতৌ ।
যমাবিত্যভিধীয়েতে ধর্ম্মেতর পুরঃসরৌ ॥ ৪৬ ॥

অন্তর্ব্বায়ুকর্ত্তৃক জীব ভিন্ন হইলে দুই জীব হইয়া কুক্ষিতে আগত হয়েন, ধর্ম্ম এবং অধর্ম্ম যে জীবের অগ্রগামী হয়েন তাহাকেই যমক বলা যায়। ৪৬

আধিক্যেরেতসঃ পুত্রঃ কন্যাস্যাদার্ত্তবাধিকে। নপুং
সকং তয়োঃ সাম্যেযথেচ্ছা পারমেশ্বরী ॥ ৪৭ ॥ *॥

শুক্র বাহুল্য হেতুক পুত্র হয়, শোণিত বাহুল্যহেতুক কন্যা হয়, শুক্র শোণিত উভরের তুল্যতাহেতুক নপুংসক হয়, কিম্বা পরমেশ্বরের স্বেচ্ছাধীন পুত্রাদির জন্ম হয় ॥ ৪৭।

---

## ॥ ধাতু পরিমাণং ॥

আর্ত্তবঞ্চতুরঞ্জলি প্রমাণং শুক্রং প্রসৃতি মাত্রমিতি॥৪৮॥

দর্দ্দদা শোণিত বহুল্যপ্রযুক্ত কিপ্রকারে পুত্র সম্ভব হয়, যেহেতুক ঋতুশোণিত চতুরঞ্জলি প্রমাণ শুক্র অর্দ্ধাঞ্জলি মাত্র হয়, এই প্রমাণ বাগ্ভটে কথিত আছে। ৪৮ ॥

মজ্জামেদোবসামূত্র পিত্তশ্লেষ্ম শকৃত্যসৃক্। রজো
জলঞ্চদেহেঽস্মিন্নেকাঞ্জলি বিবর্দ্ধিতং ॥ ৪৯॥ *॥

মজ্জ অর্থাৎ অস্থিমধ্যস্থিত ষষ্ঠধাতু মেদো উদরস্থিত স্নেহভাগ চতুর্থ ধাতু বসা অর্থাৎ মাংসস্নেহ প্রস্রাব পিত্ত কফ বিষ্ঠা রক্ত ধূলী জল এই সকল ক্রমে একাঞ্জলি করিয়া অধিক এই শরীরে জানিহ ৪৯।

পৃথক্‌চপ্রসৃতং প্রোক্ত মোজোমাস্তিক্য রেতসাং।
দ্বাবঞ্জলীতুদুগ্ধস্য চত্বারো রজসস্তুতে ॥ ৫০ ॥ * ॥

ওজধাতু অর্থাৎ অষ্টমধাতু, রসাদি শুক্রপর্য্যন্ত সপ্তম ধাতুরযেপরম সূক্ষ্মতেজ তাহাকেই ওজধাতু কহাজায় যদ্দ্বারা দেহের লাবন্যাদিজন্মে মাস্তিক্য অর্থাৎ মস্তকাভ্যন্তরস্থিত স্নেহ এবং শুক্র এই তিন বস্তু প্র ত্যেকে অর্দ্ধাঞ্জলির প্রমান অর্থাৎ অর্দ্ধ শের দুগ্ধ দুই অঞ্জলি স্তুশো নিত চারি অঞ্জলি প্রমান ॥ ৫০।

সমধাতোরিদংমানং বিদ্যাৎবৃদ্ধিক্ষয়াবতঃ ॥ ৫১ ॥

সমান ধাতুর এই পরিমাণ, ক্ষয় বৃদ্ধির বিশেষ আছে। যেহেতুক গর্ব্ভস্থান স্থিত শুক্র এবং আর্ত্তবশোণিত গর্ব্ভোৎপত্তি হেতু শুক্র কদা চিৎ অত্যন্ত হর্ষহেতুক দুগ্ধাদি শুক্র বর্দ্ধক দ্রব্য সেবনহেতু শুক্র বা হুল্য হইয়া গর্ব্ভস্থানে বহুশুক্র পতন হয় কদাচিদ্বিমন ভাবাপন্নাদি কারণদ্বারা শুক্রাল্পতাবহেতু অল্প শুক্র স্রাব হয়, অতএব পূর্ব্ব সম্বন্ধে দোষ নাই আর্ত্তবের এতাদৃশ ন্যূনাধিক জানিবে। ৫১।

সুশ্রুতঃ পুনরাহ। বৈলক্ষণ্যাচ্ছরীরাণামস্থায়িত্বা
ত্তথৈবচ। দোষধাতু মলানাস্তু পরিমাণং নবিদ্যতে। ৫১

সুশ্রুত মুনি পুনর্ব্বার কহিতেছেন। শরীরের অস্থায়িত্ব অর্থাৎ চির কাল স্থিতি নাই এইহেতুক এবং বৈলক্ষণ্য হেতুক অর্থাৎ হ্রস্ব দীর্ঘ কৃশ স্থূলাদি হেতুক বাতাদির এবং রসাদি সপ্ত ধাতুর ও মলের প রিমাণ নাই ॥ ৫১ ॥

## ॥ গর্ভ লক্ষণং ॥

এবংভামভিসঙ্গম্য পুনর্মাসাদ্ব্রজেদসৌ ॥ ৫২ ॥ * ॥

এতাদৃশ পুরুষ তাদৃশী নারীকে সঙ্গম করিয়া পুনর্ব্বার এক মাসের পর সঙ্গম করিবেন, পুনর্ব্বার গমনে গর্ভদ্বারে আঘাত প্রযুক্ত গর্ভ পতন সম্ভাবনা আছে, কেহ কহেন পুনর্ব্বার ঋতু দর্শনে গর্ভহয়নাই ইহাই নিশ্চয় করিয়া একমাসের পর গমন করিবেন কিন্তু সগর্ভাকে গমন করিবেন না ॥ ৫২ ॥

---

## ॥ অথ সদ্যগর্ভ গ্রহীতায়া লক্ষণ মাহ ॥

শুক্রশোণিতয়োর্যোনি রস্রাবাথশ্রমোদ্ভবঃ। সক্থি
সাদঃ পিপাসাচ গ্লানিঃস্ফূর্ত্তির্ভগে ভবেৎ ॥ ৫৩ ॥

সদ্য গর্ভ গৃহীত নারীর লক্ষণ। যোনিতে শুক্রশোণিতের পতনহয় না এবং শ্রমোহয় উরুদেশে অবসাদ হয় ও পিপাসা হয়, এবংগ্লানি এবং যোনিদেশে স্ফূর্ত্তিহয়। ৫৩

স্তনয়োর্মুখকার্ষ্ণ্যংস্যাত্‌রোমরাজ্যুদ্গমস্তথা। অক্ষি
পক্ষাণিচাপ্যস্যাঃ সংমিল্যন্তেবিশেষতঃ ॥ ৫৪ ॥

গর্ভ গ্রহণের উত্তরকালের লক্ষণ কহিতেছি। স্তনদ্বয়ের মুখ কৃষ্ণবর্ণহয় সর্ব্বদালোমহর্ষ হয় চক্ষুর পাখা বিশেষেতে সম্মিলন হয়। ৫৪ ॥

ছর্দ্দয়েত্‌পথ্যভুক্তাপি গন্ধাদুদ্বিজতে শুভাত্‌। প্রসে
ক সদনঞ্চৈব গর্ভিণ্যা লিঙ্গমুচ্যতে ॥ ৫৫ ॥ * ॥

সুস্বাদু দ্রব্য ভক্ষণ করিলেও বমনহয় সুগন্ধ দ্রব্য ঘ্রাণেতেও ঘৃণাহয় মুখ নাসিকা হইতে জলস্রাব হয়, এবং সর্ব্বদা অলস হয়, এই সকল গর্ভিণীর লক্ষণ জানিবে ॥ ৫৫ ॥

## ॥ পুত্র গর্ভবতী লক্ষণ ॥

পুত্রগর্ভ যুতায়াস্ত নার্য্যামাসিদ্বিতীয়কে । গর্ভোগর্ভা
শয়েলক্ষ্যঃ পিণ্ডাকারোপরংশুণু ॥ ৫৬ ॥ * ॥ *॥

পুত্র গর্ভবতীর লক্ষণ যথা পুত্র গর্ভযুক্ত নারীর দ্বিতীয়মাসে গর্ভ শয্যাতে গর্ভ বর্ত্তুলকার বোধ হয় ৫৬ ।

দক্ষিণাক্ষির্মহত্তুংস্যাৎ প্রাক্ক্ষীরং দক্ষিণেস্তনে ।
দক্ষিণোরুঃসুপষ্টঃস্যাৎ প্রসন্নমুখ বর্ণতা ॥৫৭ ॥
পুন্নামধেয়দ্রব্যেষু স্বপ্নেষ্বপি মনোরথঃ ।আম্রাদিফল
মাপ্নোতি স্বপ্নেষু কমলাদি চ ॥ ৫৮ ॥ * ॥

অপর লক্ষণ শ্রবণ কর । দক্ষিণচক্ষু বড় হয়, দক্ষিণস্তনে অগ্রে দুগ্ধ হয় দক্ষিণ উরু সুপষ্ট হয় প্রফুল্লমুখ ও উত্তম বর্ণ হয় । ৫৭ ॥ পুরুষনাম দ্রব্যে অভিলাষ হয়, স্বপ্নেতে আম্রাদি ফল পদ্মাদি পুষ্প দর্শন করে ॥ ৫৮ ॥

## ॥ অথ কন্যাগর্ভবতী লক্ষণং ॥

কন্যাগর্ভবতীগর্ভে পেশীমাসে দ্বিতীয়কে । পুত্রে
গর্ভস্যলিঙ্গানি বিপরীতানিচেক্ষতে ॥ ৫৯ ॥

কন্যাগর্ভবতীর গর্ভেতে দ্বিতীয়মাসে দীর্ঘাকার দর্শন হয়, পুত্রগর্ভ চিহ্ন সকলের বিপরীত দর্শন হয় ॥ ৫৯ ॥

## ॥ নপুংসক গর্ভ লক্ষণং ॥

নপুংসকংযদাগর্ভে ভবেদ্গর্ভোঽর্ব্বুদাকৃতিঃ ।উন্ন
তোভবতঃপার্শ্বে পুরস্তাদুদরং মহৎ ॥ ৬০ ॥

নপুংসক গর্ভবতীর গোলাকৃতি ফলের অর্দ্ধাকৃতি হয়, উভয় পার্শ্ব উচ্চ হয়, উদরের সম্মুখ ভাগ বড় হয় ॥ ৬০ ॥

আসেক্যশ্চ সুগন্ধিশ্চ কুম্ভীকশ্চের্ষকস্তথা। । অমীস
শুক্রাবোদ্ধব্যাঃ অশুক্রঃ ষণ্ড সংজ্ঞকঃ ।। ৬১ ।। ॐ ।।

নপুংসক বিশেষ যথা আসেক্য ও সুগন্ধি এবং কুম্ভীক তথা ঈর্ষক এই চতুঃপ্রকার স শুক্র জানিবে ৬১।

পিত্রোস্তুস্বল্পবীজত্বা দাসেক্যঃ পুরুষোভবেৎ। স
শুক্রংপ্রাশ্যলভতে ধ্বজোচ্ছ্রায় নসংশয়ং ।। ৬২ ।।

ষণ্ডবিশেষ অশুক্র নপুংসক তাহার লক্ষণ কহি পিতা মাতার অল্পবীজ প্রযুক্ত এবং শোণিতাল্প প্রযুক্ত আসেক্য নামা পুরুষ হয়, তাহার নামান্তর মুখযোনি অর্থাৎ ভগমুখ পুরুষ সেই আসেক্য পুরুষ অন্য পুরুষের সহিত স্বকীয় সুখে মৈথুন করিয়া সেই পুরুষের শুক্রভোজন করিয়া লিঙ্গোত্থান প্রাপ্তহয় ইহারসংশয়নাই ৬২

যঃ পূতিযোনৌজায়েত সহিসৌগন্ধিকোভবেৎ। স
যোনি সেফসোর্গন্ধমাঘ্রায় লভতেবলং ।। ৬৩ ।। ॐ ।।

যে পুরুষ দুর্গন্ধ যোনিতে জন্মে, সেই পুরুষের নাম সৌগন্ধিক পুরুষ সেই পুরুষ যোনি এবং লিঙ্গের গন্ধে বল প্রাপ্ত হয়, অর্থাৎ মৈথুন শক্তি প্রাপ্তহয় । ৬৩ ।

স্বেগুদেহব্রহ্মচর্য্যাদ্যঃ স্ত্রীষুপুংবৎপ্রবর্ত্ততে । সকু
ম্ভীক ইতিজ্ঞেয়ো গুদযোনিস্তু সম্মতঃ ।। ৬৪ ।। ॐ ।।

যে পুরুষ আপনার গুহ্য দ্বারে মৈথুন ব্যাপার হইতে অর্থাৎ কটি প্রহার হইতে স্ত্রীতে পুরুষের ন্যায় প্রবৃত্তি হয়, অর্থাৎ কটি প্রহারে স্ত্রী সম্ভোগ ইচ্ছা হয়, সেই কুম্ভিক নামা পুরুষ তাহার অন্যনাম গুদ যোনি জানিহ অর্থাৎ গুহ্য দ্বার ভগ ।। ৬৪ ।।

যোভার্য্যায়ামৃতৌমোহাদঙ্গনেবপ্রবর্ত্ততে। তত্রস্ত্রী
চেষ্টিতাকারো জায়তে ষণ্ডসংজ্ঞকঃ ।। ৬৫ ।। ॐ ।।

যে পুরুষ মোহ প্রযুক্ত ঋতুকালে স্ত্রীতে স্ত্রীরন্যায় গমন করে, তাহাতে যেজন্মে সে স্ত্রী চেষ্টাকার নপুংসক হয়, স্ত্রী আকার শ্মশ্রুর হিত সলিঙ্গ হইয়া ও পুরুষার্থ রহিত। অর্থাৎ মাগন্দা স্ত্রীরন্যায় অধ হইয়া স্বকীয় মলদ্বারে পুরুষান্তর সহিত মৈথুন করায়। ৬৫॥

ঋতৌপুরুষবদ্বাপি প্রবর্ত্তেতাঙ্গনাযদি। তত্রকন্যা
যদিভবেৎ সাভবেন্নর চেষ্টিতা॥ ৬৬॥ ॥

স্ত্রীলোক যদি ঋতু সময়ে পুরুষের ন্যায় আচরণ করে, তাহাতে যদি কন্যা হয় সেইকন্যা পুরুষ চেষ্টিতা হএন। সেইকন্যা পুরুষের ন্যায় স্ত্রীতে আরোহন করিয়া তাহার যোনিতে আত্ম যোনি ঘর্ষণ করে ৬৬

যদানার্য্যাবুপেয়াতাং বৃষস্যন্তৌ কথঞ্চন। মুঞ্চন্তৌ
শুক্রমন্যোন্য মনস্থিস্তেনজায়তে॥ ৬৭॥ ॥

রতিক্রীড়া ইচ্ছা করত উভয় স্ত্রী উপগত হইলে, পরস্পর শুক্রকষ্টে ত্যক্ত হয়, তাহাতে অনস্থি পুত্র জন্মে অল্প কোমলাস্থি হয়॥ ৬৭॥

—⋙⋘—

॥ বিকৃত গর্ভকথনং॥

ঋতুস্নাতাত্তয়ানারী স্বপ্নেমৈথুন মাচরেৎ। আর্ত্তবং
বায়ুরাদায় কুক্ষৌগর্ভং করোতিহি॥ ৬৮॥ মাসিমা
সি প্রবর্দ্ধেত স গর্ভো গর্ভলক্ষণঃ। কললংজায়তেতা
স্যা বর্জ্জিতংপৈতৃকৈর্গুণৈঃ॥ ৬৯॥

ঋতুস্নাতা নারী যদি স্বপ্নে মৈথুনাচরণকরেণ, তদীয়ার্ত্তব বায়ু গৃহণ করিয়া কুক্ষে গর্ভ করেণ, মাসে মাসে সেই গর্ভ প্রবৃদ্ধ হয়, সেই গর্ভ যথার্থ গর্ভলক্ষণই হয়। এবং কোমল হয় অর্থাৎ গর্ভবেষ্টন কেবল পৈতৃক গুন বর্জিত যথা কেশ, শ্মশ্রু, লোম, নখ, দন্ত, শিরা, স্নায়ু, ধমনী, শুক্র, প্রভৃতি। ৬৮। ৬৯॥

সর্প বৃশ্চিক কুষ্মাণ্ডা কৃতয়োবিকৃতাশ্চযে। গর্ভা
স্তে যোষিতস্তাশ্চজ্ঞেয়াপাপ কৃতাভৃশং ॥ ৭০ ॥ ❋ ॥

সর্প বৃশ্চিক কুষ্মাণ্ডের আকৃতি বিকৃতি যে গর্ভ, সেই গর্ভ অতিশয় পাপকৃত এবং সেই গর্ভিনী অতিশয় পাপকৃতা জানিহ ॥৭০॥

গর্ভোবাত প্রকোপেন দোহদে চাবমানিতে। ভবে
ৎ কুব্জঃ কুণিঃপঙ্কুর্মূকো মিন্মিন এবচ ॥ ৭১ ॥❋॥

বায়ু কর্তৃক গর্ভ পিড়ীত হইলে কুব্জ অর্থাৎ কুজ হয়, এবং কুণি অর্থাৎ হস্তভঙ্গ হয়, ও পঙ্গু ও মূক তোতলা ও বোবা হয়, এবং গর্ভিনীর বাঞ্ছিত দ্রব্য প্রাপ্তে ॥৭১।

আহারাচারচেষ্টাভির্যাদৃশীভিঃ সমন্বিতৌ। স্ত্রীপুং
সৌ সমুপেয়াতাং তয়োঃপুত্রোপিতাদৃশঃ ॥ ৭২ ॥ ❋।

স্ত্রী পুরুষ যাদৃশ আহারাচার চেষ্টাযুক্ত হইয়া সঙ্গম করেন, তাহার তাদৃশ পুত্রোৎপত্তি হয় ॥ ৭২ ॥

গর্ভাশয়গতং শুক্রমার্ত্তবংজীব সংজ্ঞকং। প্রকৃতিঃ
স বিকারাচ তৎসর্ব্বং গর্ভসংজ্ঞকং ॥ ৭৩ ॥ ❋ ॥

অনন্তর গর্ভ লক্ষণ কহিতেছেন। গর্ভস্থান প্রাপ্ত যে শুক্র শোণিত সেই জীব সংজ্ঞা হয়েন, আর প্রকৃতি বিকারবিশিষ্ট হয়েন, সেই সকল গর্ভ নামক।৭৩॥

কালেনবর্দ্ধিতোগর্ভো যদাঙ্গোপাঙ্গসংযুতঃ। ভবে
ত্তদা স মুনিভিঃ শরীরীতি নিগদ্যতে ॥ ৭৪ ॥ ❋ ॥

যদি সেই গর্ভসুস্পষ্ট অঙ্গ উপাঙ্গসংযুক্ত হইয়া কালেতে বর্দ্ধিত হয়েন তদা মুনি কর্তৃক শরীরী এই কথিত হয় ॥৭৪॥

তস্যত্বঙ্গান্যুপাঙ্গানি জ্ঞাত্বাসুশ্রুত শাস্ত্রতঃ। মস্তকা
দভিধাস্যেতে শিষ্যাশৃণুত যত্নতঃ ॥ ৭৫ ॥ ❋ ॥

সুশ্রুত শাস্ত্র হইতে অঙ্গ উপাঙ্গ জ্ঞান করিয়া মস্তকাদি অঙ্গ কথিত হইতেছে যত্নপূর্ব্বক শ্রবণকর। ৭৫।

আদ্যমঙ্গং শিরঃপ্রোক্তং তদুপাঙ্গানি কুন্তলাঃ।
তস্যান্তর্মস্তুলাঙ্গঞ্চ ললাট ভ্রূযুগন্তথা ॥ ৭৬ ॥ ❋ ॥

আদ্য অঙ্গ মস্তক, তাহার উপাঙ্গ কেশ, তাহার অভ্যন্তরমস্তুলাঙ্গ, অর্থাৎ মস্তকাভ্যন্তরে মৃত্তিকা, ও ললাট, ও ভ্রূদ্বয়। ৭৬।

নেত্রয়োস্তনয়োরন্তেবর্ত্তেতে দ্বেকনীনিকে। দৃষ্টিদ্বয়ং কৃষ্ণগোলৌ শ্বেতভাগৌ চ বর্ত্মনী ॥ ৭৭ ॥ ❋ ।

চক্ষুদ্বয় এবং স্তনদ্বয় অর্থাৎ নেত্রা যতন তাহার মধ্যে, কনীনিকদ্বয়, চক্ষের পুত্তলিক, এবং কৃষ্ণবর্ণ গোলক দৃষ্টিদ্বয় অর্থাৎ তারা, তাহার শ্বেতভাগ বর্ত্ম অর্থাৎ চক্ষুর শুক্লক্ষেত্র। ৭৭।

পক্ষ্মাণ্যপাঙ্গৌ শঙ্খৌ চকর্ণৌ তচ্ছষ্কুলীদ্বয়ং। পালিদ্বয়ং কপোলৌচ নাসিকাচ প্রকীর্ত্তিতা ॥ ওষ্ঠাধরৌচ সৃক্কণ্যৌ মুখং তালুহনুদ্বয়ং। দন্তাশ্চদন্তবেষ্টাশ্চরসনা, চিবুকং গলঃ ॥ ৭৯ ॥ ❋ ॥

এবং পক্ষ্ম সকল অর্থাৎ চক্ষুর পাখ, এবং অপাঙ্গ অর্থাৎ চক্ষুর অন্তভাগ, এবং শঙ্খ অর্থাৎ ললাটের একদেশ, কর্ণদ্বয় ও কর্ণছিদ্র ভাগ, এবং পালিদ্বয় অর্থাৎ বর্ণছিদ্রের উপর বেষ্টন, ও গণ্ডদ্বয়, ও নাসিকা, ও ওষ্ঠ, ও অধর, ও সৃক্কণী, অর্থাৎ ওষ্ঠের প্রান্তভাগ, ও মুখ, ও তালু, ও হনুদ্বয়, অর্থাৎ গালের অন্তভাগ, ও দন্ত, ও দন্ত বেষ্টন, অর্থাৎ দন্তপংক্তির স্থান মাড়ি, ও জিহ্বা ও চিবুক, অর্থাৎ দাড়ি, ও গলা, এইসকল প্রথমাঙ্গ পাঙ্গ উক্ত হইল। ৭৯ ॥

দ্বিতীয়মঙ্গং গ্রীবাত্ত যযামূর্দ্ধাবধার্য্যতে। তৃতীয়ং বাহুযুগলং তদুপাঙ্গান্যথস্মরে ॥ ৮০ ॥ ❋ ॥

দ্বিতীয় অঙ্গ গ্রীব যিনি মস্তক ধারণ করেণ। তৃতীয় অঙ্গ বাহুদ্বয় ইহার উপাঙ্গ কহিতেছেন ।৮০॥

তত্রোপরি মতৌস্কন্ধৌ প্রগন্ডৌ ভবতস্তথঃ। কফো নিযুগ্মং তদধঃ প্রকোষ্ঠ যুগলন্তথা॥ ৮১ ॥ ॥

বাহুর উপর স্কন্ধ তাহার অধঃ প্রগণ্ড অর্থাৎ কনুএর উপর তাহার অধ কফোনিদ্বয় অর্থাৎ কনুই তাহার অধ প্রকোষ্ঠদ্বয় অর্থাৎ কনুএর অধ॥ ৮১।

মণিবন্ধৌ তলেহস্তৌ তয়োশ্চাঙ্গুলয়োদশ। নখাশ্চ দশতেথাতো দশচ্ছেদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ৮২॥ ।

প্রকোষ্ঠের অধ মনিবন্ধ দ্বয়, হস্তের কব্জা তদধ তলদ্বয়, হস্ত তলদ্বয়, ও হস্তদ্বয়, ও দশাঙ্গুলি, দশাঙ্গুলির দশনখ ছেদ্য হয়, এই তৃতীয় অঙ্গ সকল জানিহ। ৮২॥

চতুর্থমঙ্গং বক্ষস্তু তদুপাঙ্গান্যথব্রুবে । স্তনৌপুংস স্তথানার্য্যা বিশেষউভয়োরয়ং॥ ৮৩॥ যৌবনাগমনে নার্য্যাঃ পীবরৌ ভবতঃস্তনৌ। গর্ভবত্যাঃপ্রসূতায়াস্তৌ বেবক্ষীর পূরিতৌ॥ ৮৪॥ ॥

চতুর্থ অঙ্গ বক্ষস্থল, তাহার উপাঙ্গ স্তনদ্বয়, পুরুষের এবং নারীর বিশেষ এই, নারীর যৌবন বস্থাতে স্তন উন্নতহয়, এবং গর্ভবতী প্রসূতা হইলেস্তনদ্বয় দুগ্ধপূর্ণ হয় ৮৪।

হৃদয়ং পুণ্ডরীকেন সদৃশং স্যাদধোমুখং। জাগ্রতস্তু বিকসতি স্বপতস্তু নিমীলতি॥ ৮৫॥ ॥

পদ্মতুল্য হৃদয় অধো মুখ, জাগ্রত ব্যক্তির প্রফল্ল থাকেন, নিদ্রিত ব্যক্তির মুদ্রিত থাকেন। ৮৫।

আশয়স্তত্তুজীবস্য চেতনাস্থানমুত্তমং। অতস্তস্মিন্ তমোব্যাপ্তে প্রাণিনঃপ্রস্বপন্তিহি॥ ৮৬॥ ॥

সেই হৃৎপদ্ম জীবের স্থান, এবং চেতনার উত্তম স্থান, এই কারণ তাহাতে তমঃ প্রাপ্ত হইলে, প্রাণি সকল নিদ্রান্বিত হয়েন ॥৮৬॥

চেতনানামধিষ্ঠানং মনোদেহশ্চ সেন্দ্রিয়ঃ। কেশ
লোম নখাগ্রান্তর্ম্মলং দ্রব্যগুণৈর্ব্বিনা ॥ ৮৭ ॥ ॥

চরক কর্তৃক এই উক্ত আছে ইন্দ্রিয় যুক্ত সকল শরীর ও মন চেতনার স্থান তদপেক্ষে বিশেষ হৃদয়। কেশ লোম, নখাগ্র, অন্তর্মল দ্রব্যগুণ ব্যতিরেকে ৮৭॥

কক্ষয়োর্বক্ষসঃসন্ধী জত্রুণী সমুদাহৃতে। কক্ষেউভে
সমাখ্যাতে তয়োঃস্যাতাঞ্চ বঙ্ক্ষণৌ ॥ ৮৮ ॥ ॥

কক্ষ বক্ষের মিলন স্থান জত্রু। এবং উভয় কক্ষ এবং বাহুদ্বয়ের সন্ধি স্থান বংক্ষণ।৮৮।

উদরংপঞ্চমাঙ্গাঙ্গং ষষ্ঠংপার্শ্বদ্বয়ংমতং। সপৃষ্ঠ
বংশং পৃষ্ঠন্তসমস্তং সপ্তমং স্মৃতং ॥ ৮৯ ॥ ॥

পঞ্চমাঙ্গ উদর। ষষ্ঠাঙ্গপার্শ্বদ্বয়। পৃষ্ঠবংশের সহিত পৃষ্ঠ সকল সপ্তম্ অঙ্গজানিহ্ অর্থাৎ পৃষ্ঠবংশ পৃষ্ঠের দাঁড়া॥৮৯॥

উপাঙ্গানিচকথ্যন্তে তানিযানীহযত্নতঃ। শোণিতা
জ্জায়তেপ্লীহা বামতোহৃদয়াদধঃ। ৯০ ॥ রক্তবাহিশি
রাণাং সমূলংখ্যাতো মহর্ষিভিঃ ॥ ৯১ ॥ ॥

সপ্তমাঙ্গে পাঙ্গ সাঙ্কল্য যত্নেতে কহিতেছেন। হৃদয়ের বামে অধোভাগে শোণিত হইতে প্লীহা জন্মে রক্তকে বহেন যে শিরা তাহার দিগের সেইমূল॥ মহামুনি কর্তৃক কথিত হইয়াছে ॥৯১॥

হৃদয়াদ্বামতোধশ্চপুপ্ফুসো রক্তফেণজঃ। অধোদক্ষি
ণতশ্চাপি হৃদয়াদ্যকৃতঃস্থিতিঃ ॥ ৯২ ॥ ॥

হৃদয়হইতে বামেরঅধোভাগে রক্তফেনা হইতেপুপ্ফুসজন্মে হৃদয়ের দক্ষিণে অধোভাগে যকৃতের স্থিতি হয় ৯২।

তত্তুরঞ্জকপিত্তস্য স্থানং শোণিতজং মতং । অধস্তু দক্ষিণেভাগে হৃদয়াৎক্লোমতিষ্ঠতি ॥ ৯৩ ॥ ॥

সেই রঞ্জকনাম পিত্তের স্থান, যে পিত্ত হইতে রসরঞ্জন হইয়া শোণিত হয়েন হৃদয়ের দক্ষিণে অধোভাগে বাতরক্ত জাত ক্লোম অর্থাৎ ফুল্কা থাকেন পিপাসা স্থান ॥৯৩ ॥

জলবাহিশিরামূলং তৃষ্ণাচ্ছাদনকৃন্মতং । রক্তাদ নিলসম্পর্কাৎ কালীয়ক সমুদ্ভবঃ ॥ ৯৪ ॥ ॥

জলবাহি শিরা মূল, এবং তৃষ্ণা আচ্ছাদন কারি। বুদ্ধ বাগুট কহেন রক্ত হইতে বায়ু সম্বন্ধে কালিয়কের উদ্ভব হয় অর্থাৎ ফুলকা ॥৯৫ ।

মেদঃ শোণিতয়োঃ সারাদ্বৃক্কয়োর্যুগলং ভবেৎ । তৌত্তপুষ্টিকরৌপ্রোক্তৌ জঠরস্থস্য মেদসঃ ॥ ৯৫ ॥

মেদ আর শোণিতের সার ভাগ হইতে বুক্কযুগল হয়, সেই বুক্ক উদরস্থিত মেদের পুষ্টিকারক ৯৫ ॥

উক্তাঃসার্দ্ধা স্ত্রয়োব্যাসাঃ পুংসামন্ত্রাণি সূরিভিঃ । অর্দ্ধব্যাসেনহীনানি যোষিতোন্ত্রাণি নির্দ্দিশেৎ॥৯৬

পুরুষ সকলের অন্ত্র সার্দ্ধত্রয় ব্যাস এই পণ্ডিত কর্তৃক উক্ত আছে অর্থাৎ অন্ত্রনাড়ী সাড়ে তিনবেড় । স্ত্রী লোকের ব্যাসত্রয় নির্দেশ আছে ॥ ৯৬

উণ্ডুকঞ্চকটীচাপি ত্রিকং বস্তিশচ বংক্ষণৌ । কণ্ড রাণাং প্ররোহঃস্যাম্মেঢ্রোহধ্বা বীর্য্যমূত্রয়োঃ ॥ ৯৭॥

উণ্ডুক অর্থাৎ হৃদ্বধিস্থান ও কটী, ও ত্রিক, অর্থাৎ পৃষ্ঠবংশের অধ তিন খানি অস্থি ঘটিত ও বস্তি অর্থাৎ নাভির অধদেশ ও বংক্ষণ অর্থাৎ উরুসন্ধি এই সকল কণ্ডরা সকলের প্ররোহ হয়েন অর্থাৎ শিরা প্ররোহ । শুক্র এবং মূত্রের পথ লিঙ্গ হয়েন ॥৯৭॥

সএবগর্ভস্যাধানং কুর্য্যাদ্গর্ভাশয়েস্ত্রিয়াঃ । শঙ্খ নাভ্যাকৃতির্যোনি স্ত্র্যাবর্ত্তাসাচ কীর্ত্তিতা ॥ ৯৮ ॥

স্যাস্তৃতীয়ে চাবর্ত্তে গর্ভশয্যা প্রতিষ্ঠিতা ॥ ৯৯॥ ৠ

সেই লিঙ্গ স্ত্রীর গর্ভ শয্যাতে গর্ভাধান করেন যোনিশঙ্খ নাভির আকৃতি সেই যোনিতে আবর্ত্তত্রয় আছে অর্থাৎ তিনবেড় । তাহার তৃতীয়া বর্ত্তেগর্ভ শয্যাস্থিতি ॥৯৯॥

বৃষণৌভবতঃসারাৎ কফাসৃকমাংসমেদসাং । বী
র্য্যবাহিশিরাধারৌ তৌমতৌ পুরুষাবহৌ ॥ ১০০ ॥ ৠ

কফ, রক্ত, মাংস, মেদ, এই সকলের সার হইতে বৃষণদ্বয়হয় অর্থাৎ অণ্ডকোষদ্বয়। শুক্রবাহি শিরার আধার এবং পুরুষ। বহন অর্থাৎ পুরুষকে সম্যক প্রকারে বহন করেন । ১০০ ॥

গুদস্যমানংসর্ব্বস্য সর্ব্বত্র চতুরঙ্গুলং । তত্রস্যু
র্বলয়স্তিস্রঃ শঙ্খাবর্ত্তনিভাস্ততাঃ ॥ ১০১ ॥ ৠ ॥

সর্ব্বত্র সকলেরচতুরঙ্গুল প্রমাণ গুহ্যদ্বার সেই গুহ্যদেশে শঙ্খেরআব ত্তের ন্যায় বলিত্রয় আছে ॥ ১০১ ॥

প্রবাহনীভবেৎপূর্ব্বা সার্দ্ধাঙ্গুল মিতামতা । উৎ
সর্জ্জনীতুতদধঃ সা সার্দ্ধাঙ্গুলসম্মিতা ॥ ১০২ ॥ ৠ ॥

তাহারপ্রথমাবলি প্রবাহনী নাম, সার্দ্ধাঙ্গুল পরিমিতা অর্থাৎদেড় অ ঙ্গুল তাহার অধ দ্বিতীয়াবলি উৎসর্জনী সার্দ্ধাঙ্গুলপরিমিতা ১০২ ॥

তস্যাধঃসম্বরণীস্যা দেকাঙ্গুলা সা সম্মিতা । অর্দ্ধা
ঙ্গুল প্রমাণন্তু বুধৈর্গুদমুখংমতং ॥ ১০৩ ॥ ৠ ॥

তাহার অধ তৃতীয়াবলি সম্বরণী নাম, একাঙ্গুলি পরিমিতা অর্দ্ধাঙ্গুল প্রমাণ গুহ্যমুখ পণ্ডিত কর্ত্তৃক কথিত আছে ॥ ১০৩ ॥

মলোৎসর্গস্য মার্গোঽয়ং পায়ুর্দেহে বিনির্ম্মিতঃ ।
পুংসপ্রোথৌ স্মৃতৌযৌতু তৌ নিতম্বৌতু যোষিতঃ ॥ ১০৪

দেহেতে মলত্যাগের পথগুহ্যনির্ম্মাণ করিয়াছেন । পুরুষের প্রোথদ্বয় অর্থাৎ কটিদেশের অধ, সেই স্থান স্ত্রীলোকের নিতম্ব । ১০৪ ॥

তয়োঃ কুকুন্দরেস্যাতাংসক্থিনীত্বথমষ্টমং। তদু
পাঙ্গানিচব্রূমো জানুনী পিণ্ডিকাদ্বয়ং ॥ ১০৫ ॥ ❋ ॥

তাহার নিম্নভাগ কুকুন্দর অর্থাৎ নিতম্ব মধ্যে গর্ত্ত এই সকল সপ্তমাঙ্গ কথিত হইল অষ্টমাঙ্গ উরুদ্বয় ইহার উপাঙ্গ কহিতেছেন। জানুদ্বয় অর্থাৎ আঁটু পিণ্ডিদ্বয়জানুর অধমাংস পিণ্ড ॥ ১৫।

জঙ্ঘেদ্বেঘুটিকেপার্ষ্ণি তলেচ প্রপদে তথা। পা
দাবঙ্গুলয়স্তত্র দশতাসাং নখাদশ ॥ ১০৬ ॥ ❋ ॥

জঙ্ঘাদ্বয় অর্থাৎ মাংসপিণ্ডের অধ ও ঘুটিকাদ্বয় অর্থাৎ পদগুল্ফি পার্ষ্ণি অর্থাৎ পাদাধ ও পদতল ও প্রপদঅর্থাৎপাদাগ্রএবংপদও পাদাঙ্গুলি দশ তাহাতে দশ নখ এই সকল অঙ্গ কহিলাম ॥ ১০৬।

ইত্যায়ুর্ব্বেদ দর্পণে গর্ভোৎপত্তি কথন-নাম তৃতী.
যোল্লাসঃ ॥ ৩ ॥ ❋ ॥ ❋ ॥ ❋ ॥ ❋ ॥

ইতি তৃতীয়োল্লাসঃ

## ॥ দোষকথনং ॥

অথদোষাঃ প্রবক্ষ্যন্তে ধাতবস্তদনন্তরং। আহা
রাদের্গতিস্তস্য পরিনামশ্চ বক্ষ্যতে ॥ ১ ॥ * ॥

অনন্তর এই শরীর অপর যেযে সংযোগ কারণেতে উৎপন্ন হয় তাহা সকল কহিতেছেন, দোষত্রয় অর্থাৎ বায়ু পিত্ত কফ কথিত হইবে। তৎপরে সপ্তধাতু। এবং আহারাদির গতি এবং তাহার পরিপাক। ১

আর্ত্তবঞ্চাথ ধাতুনাং মলাঃস্যাদুপধাতবঃ। আ
শয়াশ্চ কলাশ্চাপিমর্ম্মাণ্যথচসন্ধয়ঃ ॥ ২॥ শিরাশ্চ
স্নায়বশ্চাপি ধমন্যঃ কণ্ডরাস্তথা। রন্ধ্রাণিভূরিস্রো
তাংসি জালৈঃকুর্চ্চাশ্চরজ্জবঃ ॥ ৩ ॥ সেবন্যশ্চা
থসংঘাতাঃ সীমন্তাশ্চ তথাত্বচঃ। লোমানিরোমকূপা
শ্চ দেহএভিময়োমতঃ ॥ ৪ ॥ * ॥

ঋতু কালিক শোণিত ও ধাতুর মলা ও উপধাতু সকল। ও দোষ সাত্তুর স্থান ও কলা ও মর্ম্ম সকল ও সন্ধি সকল ॥ ও শিরা ও স্নায়ু ও ধমনী ও কণ্ডরা ও রন্ধ্র ও প্রচুর নাড়ীপথ ও জাল ও কূর্চ্চ ও রজ্জু ও সেবনী ও সংঘাত ও সীমন্ত ও ত্বক্ ও লোম ও রোমকূপ এই সকল বিশিষ্ট দেহ জানিহ এই সকলের বিশেষ কথন কহিবেন এই গ্রন্থের দ্বিতীয় খণ্ডে বক্তব্য হইবে। ৪ ॥

বাতঃপিত্তং কফশ্চাপি ত্রয়োদোষাঃ সমাসতঃ।
বিকৃতাপ্রকৃতাদেহং ঘ্নন্তিতেবর্ত্তয়ন্তিচ ॥ ৫ ॥ * ॥

দোষ স্বরূপ বাগুট কর্তৃক উক্ত হইতেছে। বায়ু পিত্ত কফ স্বভাবেতে ত্রয় দোষ হয়েন ॥ প্রকৃতিস্থ থাকিলে দেহ ধারণ করেণ, বিকৃতি প্রাপ্ত হইয়া দেহ হনন করেণ। ৫ ॥

তে ব্যাপিনোপিহৃন্নাভ্যো রধোমধ্যোর্দ্ধ সংশ্রয়া।
বয়োহোরাত্রভুক্তা না মন্তমধ্যাদিগঃক্রমাৎ ॥ ৬ ॥ *

সেই বায়ু পিত্ত কফ এই সকল বিষয়ে ব্যাপিত হইয়া ক্রমেতে আশ্রয় করেণ। যথা হৃদয় নাভির অধ বস্তিস্থানে বায়ুর আশ্রয়, হৃদয় বস্তির মধ্যে নাভি পিত্তস্থান, হৃদয়নাভির ঊর্দ্ধ কফ স্থান এবং বয়সাদ্যকফ বয়োমধ্যেপিত্ত বয়েসের শেষ বায়ু এবং দিনার আদ্য কফ মধ্যে পিত্তশেষ বায়ু এবং ভুক্তের আদ্য কফ মধ্যে পিত্তশেষ বায়ু এবং রাত্রির জানিহ।৬।

**ধাতবশ্চ মলাশ্চাপি দুষ্যন্ত্যেভির্যতস্ততঃ। বাত পিত্তকফা এতে ত্রয়োদোষাইতিস্মৃতাঃ ॥ ৭ ॥ * ॥**

যে হেত্তক বাতাদি কর্তৃক ধাতু সকল এবং মলদূষ্য হয়েন। সেই হেত্তক বাত পিত্ত কফ এই তিনের দোষ সংজ্ঞাজানিহ ৭

**বিসর্গাদানবিক্ষেপৈঃসোমসূর্য্যা নিলাযথা। ধারয় ন্তি জগদ্দেহং ককপিত্তানিলাস্তথা ॥ ৮ ॥ * ॥**

যথাচন্দ্রসূর্য্য বায়ু ত্যাগ গ্রহণবিক্ষেপন করত জগৎ ধারণ করেণ। তাদৃশ বায়ু পিত্তকফ বিক্ষেপ আদান প্রদ ন করিয়া দেহ ধারণ করেন পরি ত্যাগ গ্রহনের বলের জানিহ। শীতোষ্ণাদির বিবিধ প্রকারে যে প্রে রণ তাহাই বিক্ষেপ বায়ুর বিক্ষেপ পিত্তের আদান কফের বিসর্গ ॥৮

**তেধাতবোহপি বিষ্ম্রির্গদিতাদেহধারণাৎ। মলা শ্চতে রসাদীনাং মলিনী করণান্মতাঃ ॥ ৯ ॥ * ॥**

সেই বায়ু পিত্তকফ দেহ ধারণ করেণ, এই হেতু [illegible]ার দিগের ধাতু নাম রসাদির মলিনত্ব করেণ এই প্রযুক্ত মলনাম। ৯

**দোষধাতুমলাদীনাং নেতাশীঘ্রঃসমীরণঃ। রজো গুণময়ঃসূক্ষ্মো রুক্ষঃশীতো লঘুশ্চলঃ ॥ ১০॥ * ॥**

বায়ুর স্বরূপ কথন হইতেছে। দোষ ধাতু মলাদির স্থানান্তর প্রাপক শীঘ্র কর্ম্মা বায়ু এবং রজগুণময় ও সূক্ষ্মরূপ ও রুক্ষ ও শীতল ও লঘু ও চল এই কএক গুণ বায়ুর ॥১০॥

উৎসাহোচ্ছ্বাসনিশ্বাস চেষ্টাবেগ প্রবর্ত্তনৈঃ ।
সম্যগ্গত্যাচ ধাতূনামিন্দ্রিয়াণাঞ্চ পাটবৈঃ ॥ ১১ ॥
অনুগৃহ্লাত্যবিকৃতো হৃদয়েন্দ্রিয় চিত্তধৃক । রজোগু
ণময়ঃসূক্ষ্মঃশীতোরুক্ষো লঘুশ্চলঃ ॥ ১২ ॥ খরোমৃদু
র্যোগবাহী সংযোগাদুভয়ার্থকৃৎ । দাহকৃত্তেজসা
যুক্তঃ শীতকৃৎসোমসংশ্রয়াৎ॥৩ ॥ * ॥

এবং অন্য প্রকার বায়ুর গুণ কর্ম কথিত হইতেছে উদযোগ এবং উৎশ্বাস ও নিশ্বাস এবং চেষ্টা ও বেগ এই সকলের প্রবর্ত্তন করণক এবং সর্ব্বত্র গমন করণক এবং ধাতুর ও ইন্দ্রিয়ের সবল করণক অবিকারী বায়ু অনুগ্রহ করেন। মন ইন্দ্রিয় চেতনা ধারণ করেন তিনি রজোগুণ ময় সূক্ষ্ম শীতল রুক্ষলঘু চঞ্চল প্রচণ্ড এবং মৃদু এবং যোগবাহী সংযোগেতে উভয়ার্থ করেন। পিত্ত যুক্ত হইয়া দাহ করেন কফ যুক্ত হইয়া শীত করেন ॥ ১৩॥

বিভাগকরণাদ্বায়ুঃ প্রধানং দোষসংগ্রহে । পক্বাশয়ক
টীসক্থি শ্রোত্রোস্থি স্পর্শনেন্দ্রিয়ং॥ ৪ ॥স্থানংবাতস্য
তত্রাপি পক্বাধানংবিশেষতঃ ॥ ১৫ ॥ উদানস্তদনুপ্রাণঃ স
মানোহপানএবচ । ব্যানশ্চেত্যানি নামানি বায়োঃস্থান
প্রভেদতঃ ॥ ১৬ ॥ কণ্ঠেহৃদি তথাধস্তাৎ কোষ্ঠেবহুর্গলা
শয়ে । সকলেপিশরীরেহসৌক্রমেণ পবনোবসেৎ॥ ৭॥

দোষসংগ্রহে বিভাগ করণবায়ু প্রধান হন,পরিপক্কস্থান অর্থাৎবস্তিদেশ ও কটিদেশ উরু ও রক্তবাহিশির এবং অস্থি ও ত্বকএই সকল বায়ুর স্থান তাহার মধ্যে বিশেষে পরিপাকস্থান ॥ ১৫ ॥
স্থানের এবং স্বকীয় কর্ম্মভেদ করণেতে এক বায়ু পঞ্চ প্রকার হয়েন তাহার নাম ॥ বায়ুর স্থান ভেদেতে উদান তৎপশ্চাৎ প্রাণ সমান অপান ব্যান এই সকল নাম ভেদবিশেষ ॥ ১৬॥

অতন্তর উদানাদির নাম ভেদ বায়ুরস্থান ভেদ যথা কণ্ঠে উদান হৃদয়ে প্রাণ জঠরে সমানমলস্থানে অপান সর্ব্বদেহে ব্যানএইসকলস্থানে পঞ্চবায়ু ক্রমেতে বাস করেণ ॥ ১৭ ॥

উদান নামায়স্তূর্দ্ধমুপৈতি পবনোত্তমঃ। তেনভাষিত গীতাদি প্রবৃত্তিঃ কুপিতঃস্তুসঃ ॥ ১৮ ॥ উর্দ্ধজত্রুগতান্ রোগান্ বিদধাতি বিশেষতঃ ॥ ১৯ ॥ যোবায়ুঃ প্রাণনামাসৌ মুখংগচ্ছতি দেহধৃক্। সোঽন্নংপ্রবেশয়ত্যন্তঃ প্রাণাংশ্চাপ্যবলম্বতে ॥ ২০ ॥ প্রায়শঃ কুরুতেদুষ্টো হিক্কাশ্বাসাদিকান্ গদান্ ॥ ২২ ॥ আমপক্বাশয়চরঃ সমানোবহ্নি সঙ্গতঃ। সোঽন্নংপচতি তজ্জাংশ্চ বিশেষান্ বিবিনক্তিহি ॥ ২২ ক্ষদুষ্টোবহ্নি মান্দ্যাতিসার গুল্মান করোতিহি ॥ ২৩ ॥

সেই সকল বায়ুর কর্ম্ম যিনি উদান বায়ু উত্তম উর্দ্ধগত হন। তৎকর্তৃক বাক্য গানাদির প্রবৃত্তি হয়। তিনি কুপিত হইলে উর্দ্ধগত এবং স্কন্ধ বক্ষের সন্ধিগত রোগ বিশেষত বিধান করেণ ।১৯ ॥ যিনি প্রাণ নাম বায়ু তিনি দেহধারক মুখেগমন করেণ তিনি অন্নকে অন্তঃপ্রবেশ করান। এবং প্রাণাদিকে অবলম্বন করেন দুষ্ট হইলে প্রায় হিক্কা এবং শ্বাসাদি রোগ করেণ। ২১। যিনি সমান নাম বায়ু তাহার স্থিতি অপক্বপক্ব স্থানে অগ্নিযুক্ত হইয়া তিনি অন্ন পরিপাক করেণ এবং অন্ন জ ত রসমূত্র বিষ্ঠাদি পৃথক করেণ। তিনি দুষ্ট হইলে অগ্নি মান্দ্য অতিসার গুল্ম রোগ করেণ ॥ ২৩ ॥

পক্বাশয়ালয়োপান কালেকর্ষতি চাপ্যয়ং। সমীরণঃ শকৃন্মূত্রশুক্রগর্ভার্ত্তবান্যধঃ। ক্রুদ্ধশ্চকুরুতেরোগান্ ঘোরান্ বস্তিগুদাশ্রয়ান্। শুক্রদোষপ্রমেহাংশ্চ ব্যানাপান প্রকোপজান্ ॥ ২৫ ॥ কৃৎস্নদেহচরোব্যানোরসসংবহনোদ্যতঃ।

স্বেদাসৃক্ স্রাবণশ্চাপি পঞ্চধা চেষ্টয়ত্যপি । গত্যবক্ষেপ-
ণোৎক্ষেপ নিমেষোন্মেষণাদিকাঃ । প্রায়ঃ সর্ব্বাক্রিয়াস্ত
স্মিন্ প্রতিবদ্ধাঃ শরীরিণাং । প্রস্যন্দনশ্চোদ্বহনং পূরণঞ্চ
বিরেচনং । ধারণঞ্চেতিপঞ্চৈতাশ্চেষ্টাপ্রোক্তা স ভস্মতঃ
ক্রুদ্ধস্তকুরুতে রোগান্ প্রায়শঃ সর্ব্বদেহজান্ ॥ যুগপত্তু
কুপিতা ঘ্নতে দেহং ভিন্দ্যুরসং শয়ং ॥ ২৯ ॥ *॥

যিনি অপান নাম বায়ু তাঁহার পরিপাক স্থানে আশ্রয়। তিনি বিষ্ঠা মূত্র বীর্য্য এবং গর্ব্ভস্থ শোণিত অধ আকর্ষণ করেন। তিনি ক্রুদ্ধ হইলে নাভির অধ স্থান গুহ্যাশ্রয় রোগ অতিশয় করেণ। শুক্রদোষ প্রমেহ ব্যানাপান প্রকোপজাত রোগ করেণ ২৫। ব্যান নামাবায়ু সমুদয় দেহচর এবং রস সম্বাহনে উদ্যত। ঘর্ম্ম ও রক্ত স্রাব করেণ এবং তিনি পঞ্চ প্রকার চেষ্টা করান গতি ও অবক্ষেপ অর্থাৎ হস্ত পাদক্ষেপ ও উৎক্ষেপ অর্থাৎ উর্দ্ধক্ষেপ ও নিমেষ ও উন্মেষ অর্থাৎ চক্ষুর মীলন উন্মীলন শরীরের এই সকল ক্রিয় ব্যান বায়ুতে প্রায় প্রতিবদ্ধ থাকে। প্রস্যন্দন অর্থাৎ দ্রবীভূত এব্যক্ষরণ এবং বহন এবং পূরণ ও বিরেচন ও ধারণ এইপঞ্চপ্রকার চেষ্টাব্যান বায়ুর ক্রুদ্ধ হইলে প্রায় সর্ব্বদেহ গত রোগ করেণ। সকল বায়ু এককালে কুপিত হইলে দেহনাশ হয় সংশয় নাই ।২৯।

পিত্তমুষ্ণং দ্রবংপীতংনীলং সত্ত্বগুণোত্তরং । স
রংকটুলঘুস্নিগ্ধং তীক্ষ্ণমম্লং বিপাকতঃ ॥ ৩০ ॥

অনন্তর পিত্তস্বরূপ। পিত্ত উষ্ণ হন এবং দ্রব পরিপাকে পীতবর্ণ অথবা নীলবর্ণ ও সত্ত্বগুণ যুক্ত গমনশীল কটু লঘু স্নিগ্ধ। বিপাকে তীক্ষ্ণএবং অম্ল ৩০।

পাচকংরঞ্জকঞ্চাপি সাধকালোচকে তথা । ভ্রাজ
কঞ্চাপি পিত্তস্য নামানিস্থান ভেদতঃ ॥ ৩১ ॥ *॥ –

এক পিত্ত বায়ুরন্যায় স্থান কর্ম্ম ভেদেতে পঞ্চবিধ নাম তাহারনাম ভেদ যথা পাচক ও রঞ্জক ও সাধক ও আলোচক ও ভ্রাজক স্থান ভেদে পিত্তের এই পঞ্চ নাম ॥ ৩১ ॥

অগ্ন্যাশয়ে যকৃৎপ্লীহ্নোর্হৃদয়ে লোচনদ্বয়ে। ত্বচি
সর্ব্বশরীরেষু পিত্তংনিবসতিক্রমাৎ ॥ ৩২ ॥ * ॥

অনন্তর পাচকাদি স্বকীয় স্থানের নাম। অগ্নিস্থানে পাচক, যকৃত প্লীহাতে রঞ্জক, হৃদয়ে সাধক, চক্ষুর্দ্বয়ে আলোচক, সর্ব্ব শরীরে এবং ত্বকে ভ্রাজক, ক্রমেতেনিবাস করেণ ॥ ৩২ ॥

পাচকংপচতেভুক্তং শেষাগ্নিবলবর্দ্ধনং। রসমূত্র
পুরীষাণি বিরেচয়তি নিত্যশঃ ॥ ৩৩ ॥ * ॥

অনন্তর ইহার কর্ম্ম। পাচক নামপিত্ত ভক্ষিত দ্রব্য পরিপাক করেণ শেষ অগ্নির বলবৃদ্ধি করেণ রস মূত্র বিষ্ঠা সর্ব্বদা রেচন করেণ। ৩৩॥

পাচকং পিত্তনাম পক্বাশয়মধ্যস্থং ষড়বিধমাহা
রং ভোজ্যংভক্ষ্যং চর্ব্ব্যংলেহ্যং চুষ্যং পেয়ং পচ
তি দোষরস মূত্রপুরীষাণি পৃথক্ করোতিচ ॥ ৩৪ ॥

পুনঃ কহি পাচক নামপিত্ত আমাশয় পক্বাশয়ের মধ্যস্থ হইয়া ভোজ্য ভক্ষ্য চর্ব্য লেহ্য চুষ্য পেয় এই ষট্ প্রকার আহার পরিপাক করেণ। দোষ অর্থাৎ বাতাদি দোষ এবং রস মূত্র বিষ্ঠা পৃথক করেণ। ৩৪

তদগ্ন্যাশয়স্থ মেবাত্মশক্ত্যা রসরঞ্জন হৃদয়স্থ কফ
তমোহপত্তোদন রূপ গ্রহণ প্রভাপ্রকাশনাভ্যঙ্গলে
পাদি পাচনাদ্যগ্নি কর্ম্মণা শেষাণাং পিত্তস্থা নানা
মনুগ্রহং করোতি ॥ ৩৫ ॥ * ॥

সেই পাচক পিত্ত তিনি অগ্নিস্থানস্থিত হইয়া আত্মশক্তি করংক

রস শোষণ হৃদয়স্থিত তমোগুণান্বিত কফ তাহার অপত্তব অন্নরূপে গ্রহণ দীপ্তি প্রকাশন তৈলমদ্দনাদি পরিপাকাদি এই সকল অগ্নি কর্ম্ম দ্বারা যকৃত প্লীহস্থিত শেষপিত্ত দিগের অনুগ্রহ অর্থাৎ উপকার করেণ। শেষ পিত্তস্থান সকল যকৃত প্লীহাদিতে অংশেতে গমন করিয়া সেই সেই স্থানে রস রঞ্জনাদি কর্ম্মের উপকার করেণ কি প্রকার পাচক পিত্ত শেষ অগ্নি বলবর্দ্ধক। পৃথিব্যাদি পঞ্চমহা ভূত গত শেষাগ্নি অর্থাৎ জঠরাগ্নি বৃদ্ধি করেণ এবং বলবৃদ্ধি করেণ এইরূপ পাচক পিত্ত ৩৫ ॥

**চরকেনোক্তং। ভৌমাপ্যাগ্নেয় বায়ব্যাঃ পঞ্চোষ্মাণঃ সনাভসাঃ ॥ ৩৬ ॥ দোষধাতু মলাদীনামুষ্মো বাত্রেয় শাসনং ॥ ৩৭ ॥ * ॥**

যেহেতুক চরক কর্তৃক উক্তআছে। ভূমি জল অগ্নি বায়ু আকাশ এতজ্জাত পঞ্চমহাভূত উষ্মা অর্থাৎ অগ্নি যেহেতুক বাগ্‌ভটে উক্ত দোষ ধাতু মলাদির উষ্মাই অগ্নি অত্রিমুনি কর্তৃক শাসন আছে সেই পাচকপিত্ত রসাদি সপ্ত ধাতুগত হইয়া তাহার বলবর্দ্ধন করেণ যথা গৃহস্থাপিত খদ্যোতের ন্যায় অর্থাৎ জোনাকী পোকার ন্যায় রক্তবর্ণ দীপ্তি যুক্ত রত্নসমূহ প্রদীপ সিখাকরণক দূর প্রকাশ হয়েন তথা অগ্নিস্থান স্থিত পাচক নাম অগ্নি তেজ করণক যকৃত প্লীহাদি স্থিত সকল অগ্নি বলবিশিষ্ট হয়েন। ৩৭।

**তথাচ বাগ্‌ভটঃ ॥ অন্নস্য পক্তা সর্ব্বেষাং পক্তৄণামধিকো মতঃ। তন্মূলাস্তে তদাবৃদ্ধি ক্ষয়বৃদ্ধি ক্ষয়াত্মিকাঃ ॥ ৩৮ ॥ * ॥**

সকল পাচক কর্ত্তার মধ্যে পাচক নাম পিত্ত অধিক পাচক। তাহার তন্মূলবৃদ্ধিক্ষয় স্বরূপ হওতবৃদ্ধিক্ষয়হন। কিন্তু পিত্তের অন্য অগ্নি কিম্বা পিত্তই অগ্নি এই সন্দেহ কহি। পিত্তের উষ্ণাদিগুণ হইতে আহার পাচন রঞ্জন দর্শনাদি কর্ম্ম হেতু পিত্ত ব্যতিরেক অগ্নি নহে ॥ সেই হেতুক অগ্নিরূপ পিত্তের স্থান ভেদেতে পাচক রঞ্জক সাধক আলোচক ভ্রাজক সংজ্ঞা হয়। ৩৮।

পাচকংতিলমানংস্যাৎ কাঠিন্যাম্নাস্যদোষতা
অনুগৃহ্লাত্যবিকৃতং পিত্তং পাকোন্মদর্শনৈঃ ॥ ৩৯॥

পাচক নামাপিত্ত তিলপ্রমাণ ঐহার কাঠিনতা প্রযুক্ত দোষ নাই অবিকারি পিত্ত পাচক এবং উন্মাদর্শনেতে অনগুহ করেণ । ৩৯ ।

ক্ষুত্তৃট্রুচিপ্রভামেধাধীশৌর্য্যতনুমার্দবৈঃ । পিত্তং
পঞ্চাত্মকং তচ্চ পক্বাশয় মনন্যগং ॥ ৪০ ॥

ক্ষুধা তৃষ্ণা রুচি দীপ্তি মেধা অর্থাৎ ধারণাবতী বুদ্ধি এবং বুদ্ধিবীরত্ব শরীর কোমলতাতে অনুগ্রহ করেণ । সেই পঞ্চাত্মক পিত্ত পক্বাশয় এবং অন্য অন্য স্থানস্থিত ॥ ৪০ ॥

পঞ্চভূতাত্মকেপিত্তে যৎতৈজস গুণোদয়াৎ । ত্যক্ত
দ্রবত্বং পাকাদি কর্ম্মণানল শব্দিতং ॥ ৪১ ॥ * ॥

পঞ্চভূতাত্মক পিত্তেতে তৈজসগুণোদয় হইতে যে সার ভাগ দ্রবশূন্য তিনি পাকাদি কর্ম্মদ্বারা অগ্নি শব্দ কথিত ৪১ ।

পচত্যন্নংবিভজতে সারকিট্টৌ পৃথক্ তথা । তত্রস্থ
মেব পিত্তানাং শেষাণামপ্যনুগ্রহং ॥ ৪২ ॥ * ॥

সেই পিত্তাগ্নি অন্নপাক করেণ এবং সারভাগ এবং কিট্টভাগ বিভাগ করেন । তথা সেই স্থানে স্থিত হইয়া শেষ সকলের অনুগ্রহ করেণ । ৪২ ॥

করোতি বলদানেন পাচকং নামতঃ স্মৃতং ॥৪৩

এবং বলদান করত পাচক নামজ্ঞেয় । যদি পিত্ত ও অগ্নির অভেদ তদা কিমতপ্রকারে ঘৃত পিত্ত শমন হয় অগ্নির দীপন ঘৃত এবং মৎস্য পিত্তকর হয় অগ্নি দীপ্তকর নহে । এবং পিত্তাধিক্য হইতে তীক্ষ্ণাগ্নি হয় । এবং সমান দোষ সমান অগ্নি হয় ॥ ৪৩ ॥

বামপার্শ্বা শ্রিতং নাভেঃ কিঞ্চিৎ সোমস্য মণ্ড
লং । তন্মধ্যে মণ্ডলং সৌর্য্যংতন্মধ্যেহগ্নির্ব্যবস্থিতঃ

৪৪ ॥ জরায়ু মাত্র প্রচ্ছন্নঃ কাচকে যস্য দীপবৎ। দ্রুব তেজঃ সমুদা য়াত্মকস্য পিত্তস্য তেজো ভাগোঽগ্নি রিতি ॥ ৪৫ ॥ ॥

নাভির বাম পার্শ্বে স্থিত কিঞ্চিৎ চন্দ্রমণ্ডল। তন্মধ্যে সূর্য্যমণ্ডল তন্মধ্যে অগ্নির অবস্থিত সেই অগ্নি কেবল জরায়ুতে আছন্ন কাচ পাত্রস্থিত প্রদীপের ন্যায় তথাচ মধুকোষে। দ্রব তেজ এই সকল স্বরূপ পিত্তের তেজভাগ অগ্নির ন্যায় মান্য। অতি তপ্ত লৌহ পিণ্ডের ন্যায়। ৪৫।

অগ্নিপিত্তাদভিন্ন এবেতিসিদ্ধান্তঃ। অতএবাহরস প্রদীপে। জাঠরোভগবানগ্নিরীশ্বরোঽন্নস্য পাচকঃ। সৌক্ষ্ম্যাদ্রসানাদদানো বিবেক্তুং নৈবশক্যতে ॥ ৪৬

অগ্নিপিত্ত হইতে অভিন্ন এই সিদ্ধান্ত। অতএব রস প্রদীপে উক্ত এই। ভগবান জাঠর অগ্নি ঈশ্বর অন্নের পাচক সূক্ষ্ম হইতে রসসকল গ্রহণ করেণ সূক্ষ্মতা বিবেচনা হয়না ৪৬ ॥

নাভৌমধ্যে শরীরস্য বিশেষাৎ সোমমণ্ডলং। সোমমণ্ডলমধ্যস্থং বিদ্যাৎসূর্য্যস্য মণ্ডলং ॥ ৪৭ ॥

শরীরে নাভিমধ্যে বিশেষে চন্দ্রমণ্ডল চন্দ্রমণ্ডল মধ্যস্থিত সূর্য্যমণ্ডল জানিহ ৪৭।

প্রদীপবৎ তত্র নৃণাং স্থিতোমধ্যে হুতাশনঃ। সূর্য্যো দিবিযথাতিষ্ঠং স্তেজোযুক্তৈর্গভস্তিভিঃ ॥ ৪৮ ॥ বিশোষ তি.সর্ব্বাণি পল্বলানি সরাংসিচ। তদ্বচ্ছরীরিণাংভুক্তং জ্বলনো নাভিমাশ্রিতঃ ॥ ৪৯ ॥ সমূর্খেঃ পচতেক্ষিপ্রং নানা ব্যঞ্জন সংস্কৃতং। স্থূলকায়েষু সত্ত্বেষু যবমাত্রঃ প্রমাণতঃ ॥ ৫০ ॥ হ্রস্বকায়েষু সত্ত্বেষু তিলমাত্রঃ প্রমাণতঃ। কৃমিকীট পতঙ্গেষ বালমাত্রোবতিষ্ঠতঃ ॥ ৫১ ॥ ॥

[library stamp]

সেই সূর্য্যমণ্ডল মধ্যে মনুষ্যদিগের অগ্নি প্রদীপের ন্যায় যাদৃশ স্বর্গে সূর্য্যদেব স্থিতি করেণ তেজবিশিষ্ট কিরণ দ্বারা সকল সরোবর প্রভৃতি শুষ্ক করেণ। তাদৃশ শরীরির ভুক্ত নাভিস্থিত অগ্নি কিরণ দ্বারা শীঘ্র পাক করেণ নান প্রকার ব্যাঞ্জনাদি যুক্ত অন্ন পরিপাক করেণ। স্থূল শরীরের যব প্রমাণ অগ্নি। ক্ষুদ্র শরীর প্রাণির তিল প্রমাণ অগ্নি। কৃমি এবং কীট ও পতঙ্গ প্রভৃতিতে চুলমাত্র অগ্নির স্থিতি ৫১

রঞ্জকংনামযৎপিত্তং তদ্রসংশোণিতংনয়েৎ। যত্তু
সাধকসংজ্ঞং তৎকুর্য্যাদ্বুদ্ধিং ধৃতিংস্মৃতিং॥৫২॥

রঞ্জক নামা যিনিপিত্ত তিনি রসকেশোণিত করেণ। যিনি সাধকনাম পিত্ত তিনি বুদ্ধিমেধ ও স্মৃতি করেণ। ৫২।

তদালোচক সংজ্ঞংতৎ রূপ গ্রহণ কারকম্। ভ্রাজ
কং কান্তিকারংস্যাৎ লেপাভ্যঙ্গাদি কারকম্ ॥৫৩

যিনি আলোচক নাম পিত্ত তিনি রূপ গ্রহণ কারক অর্থাৎ দর্শন করান। যিনি ভ্রাজক নাম পিত্ত তিনি শরীরের লাবন্য কর এবং লিপ্ত স্নেহকর। ৫৩।

অথ শ্লেষ্মনঃ স্বরূপমাহ ॥

শ্লেষ্মাশ্বেতোগুরুঃস্নিগ্ধঃ পিচ্ছিলঃ শীতলস্তথা। ত
মোগুণাধিকঃস্বাদুর্বিদগ্ধো লবণো ভবেৎ ॥ ৫৪ ॥ ॥

একঃশ্লেষ্মা বাতপিত্ত বন্নামস্থান ভেদৈঃপঞ্চবিধঃ॥৫৫

অনন্তর শ্লেষ্মার স্বরূপ কহিতেছি। শ্লেষ্মা শুক্লবর্ণ ও গুরু ও স্নিগ্ধ ও পিচ্ছিল অর্থাৎ পেচাল্য এবং শীতল তথা অধিক তমগুন মধুর রস এবং বিদগ্ধ পাকে লবণ রসহন ৫৪।

এক শ্লেষ্মার বায়ুপিত্তের ন্যায় নামভেদেস্থানভেদেপঞ্চপ্রকার ৫৫॥

কফস্যতানিনামানি ক্লেদনশ্চাবলম্বনঃ। রসনঃ
স্নেহনশ্চাপি শ্লেষ্মণঃ স্থানভেদতঃ॥ ৫৬ ॥ ॥

সেই শ্লেষ্মার নামকহি কফের এই সকল নাম ক্লেদন ও অবলম্বন ও রসন ও স্নেহন ও শ্লেষ্মণ স্থান ভেদেতে এই নাম। ক্লেদাদির স্থানকহি। ৫৬॥

আমাশয়েঽথ হৃদয়ে কণ্ঠে শিরসি সন্ধিষু। স্থানেষু মনুষ্যাণাং শ্লেষ্মাতিষ্ঠত্যনুক্রমাৎ॥ ৫৭॥ ❋॥

আমাশয়ে অর্থাৎ বক্ষস্থলে অধ আমাশয় এবং হৃদয় এবং কণ্ঠদেশ এবং মস্তক এবং সন্ধিস্থান এই সকল স্থানেতে মনুষ্যের ক্রমেতে শ্লেষ্মাস্থিতি করেন ৫৭

তথাচ বাগ্‌ভটঃ॥ ইতি প্রায়েণদোষাণাং স্থানান্য বিকৃতাত্মনাং। ব্যাপিনামপি জানীয়াৎ কর্ম্মাণিচ পৃথক্ পৃথক্॥ ৫৮॥ ❋ ॥

সকল শরীর ব্যাপ্ত দোষ সাকল্যের পঞ্চস্থান আতি বাহুল্য অভি প্রায়েতে উক্ত বাগ্‌ভট কহিয়াছেন। প্রকৃতি দোষের প্রায় এই সকল স্থান, শরীরব্যাপী তিনহার, এবং ইহার দিগের কর্ম্ম পৃথক পৃথক জানিহ॥ ৫৮ ।

চরকশ্চ॥ তেব্যাপিনোঽপিহৃন্নাভ্যোরধো মধ্যো র্দ্ধসংশ্রয়াঃ॥ ৫৯॥ ❋ ॥

চরক কহিয়াছেন সেই বাতপিত্ত কফ নাভির অধ ও মধ্যে ও উর্দ্ধ স্থান আশ্রয় করিয়া শরীর ব্যাপীয়া আছেন ॥ ৫৯॥

ক্লেদনঃ ক্লেদয়ত্যন্নমাত্ম শক্ত্যাপরান্যপি। অনুগৃহ্লাতি চ শ্লেষ্মা স্থানান্যুদক কর্ম্মণা॥ ৬০॥ ❋ ॥

অনন্তর সেই২ স্থান প্রাপ্ত শ্লেষ্মার কর্ম্মকহি যিনি ক্লেদন নাম শ্লেষ্মা অন্নকে ক্লেদন করেন অর্থাৎ দৃঢ় অন্নকে ভঙ্গ করেন এবং অপর শ্লেষ্মাস্থান হৃদয়াদি বিভাগ গমনকরিয়া সেই২ স্থানে হৃদয়াবলম্বন, সাধারণ রসগ্রহণ, সমস্তেন্দ্রিয় তর্পণ সন্ধি সংশ্লেষণ, এই সকল জলীয় কর্ম্মদ্বারা, অনুগ্রহ করেন সন্ধিসংশ্লেষণ সন্ধি মিলন করা॥৬০॥

তথাচ ॥ রসযুক্তাত্মবীর্য্যেণ হৃদয়স্থাবলম্বনং । ত্রি
কসন্ধারণঞ্চাপি বিদধাত্যবলম্বনঃ ॥ ৬১ ॥ ❀ ॥

হৃদয় স্থিত অবলম্বন নাম শ্লেষ্মা যিনি তিনি রসযুক্ত আত্ম শক্তি দ্বারা ত্রিক স্থান সন্ধি বিধান করেণ ত্রিকস্থান অর্থাৎ মস্তক বাহু দ্বয়ের সন্ধি ৬১ ।

উভাবপিযতঃসৌম্যৌ তিষ্ঠতশ্চান্তিকেযতঃ। যতো
রসান্ বিজানীতো রসনা রসনৌসমৌ॥ ৬২ ॥ ❀ ॥

রসন নামা শ্লেষ্মা এবং জিহ্বা পরস্পর নিকট থাকেন উভয়সুস্থ হইয়া রস বিশেষ জানেন অর্থাৎ স্বাদুতিক্ত কটুকষায় লবণঅম্লএই ষটরস বিশেষ গ্রহণ করেণ একারণউভয় সমান ৬২ ॥

স্নেহনঃ স্নেহদানেন সমস্তেন্দ্রিয় তর্পণঃ । শেষ্মণঞ্চ
পর্ব্বসন্ধানাংসংশ্লেষম্বিদধাত্যসৌ ॥ ৬৩ ॥ ❀ ॥

স্নেহন নামা শ্লেষ্মাস্নিগ্ধ বস্তু দান করণক সকল ইন্দ্রিয়কে তৃপ্তিযুক্ত করেণ শ্লেষ্মন নামা শ্লেষ্মা পর্ব্বস্থানে সন্ধিস্থানে সংযোগ বিধান করেণ । ৬৩ ॥

## ॥ অথ ধাতু নিরূপণম্ ॥

এতে সপ্তস্বয়ংস্থিত্বাদেহং দধতি যন্নৃণাম্ । রসাসৃ
ক মাংসমেদোঽস্থি মজ্জশুক্রাণি ধাতবঃ ॥ ৬৪ ॥ ❀

অনন্তর ধাতুসকলের নিরূপণ কহি । রস রক্ত মাংস মেদ অস্থি মজ্জা শুক্র এই সপ্তধাতু স্বয়ং স্থিতি করিয়া মনুষ্যের দেহধারণ করেন ।৬৫

প্রীণনংজীবনং লেপঃ স্নেহোধারণ পূরণে । গর্ভো
ত্পাদশ্চকর্ম্মাণি ধাতূনাং কথিতানিহি ॥ ৬৫ । ❀

অনন্তর ধাতুদিগের কর্ম্ম প্রীতি জনন ও জীবন আহার স্নিগ্ধতা ধারণ পূরণ গর্ভোতপত্তি এই সকল কর্ম্ম ধাতুদিগের যথা ক্রমে কথিত হইল ॥ ৬৫ ॥

যৎপাযো রসধাত্বর্যস্ততোভব দয়ংরসঃ। সদৈবস কলংদেহং রসঙীতিরসঃস্মৃতঃ ॥ ৬৬ ।৷ ॥

তাহাতে রসের নিরূপণ কহি। যিনি জলরসধাতু তাহা হইতে এই রস হয় সর্ব্বদা সর্ব্বদেহকে রস যুক্ত করেন। ৬৬।

সম্যক্ পক্কস্য ভুক্তস্য সারো নিগদিতোরসঃ।
সত্তদ্রবঃসিতঃ শীতঃস্বাদুঃ স্নিগ্ধশ্চলোভবেৎ ॥ ৬৭ ॥

অনন্তর রসের স্বরূপ কহি। পরিপাক কৃত ভোজনের সারভাগ রস তিনি দ্রব শুক্লবর্ণ শীতল স্বাদু স্নিগ্ধ গমন শীল হয়েন ৬৭।

সর্ব্বদেহচরস্যাপি রসস্য হৃদয়ং স্থলংসমানমারু
তাৎপূর্ব্বং যদয়ং হৃদয়েধৃতঃ ॥ ৬৮ ॥ ৷৷ ॥

যথা গুড় মধুক পুষ্প বব্বুল বৃক্ষের ত্বক বদরী মূলাদির সারভাগ মদিরা অথ রসের স্থান কহি। যেহেতুক সমান নাম বায়ু কর্তৃক পূর্ব্বে হৃদয়ে ধৃত হইয়াছেন। একারণ সর্ব্বদেহচর রসের স্থান হৃদয় হইল। ৬৮।

আরুহ্যধমনীর্গত্বা ধাতূন সর্ব্বানয়ংরসঃ। পুষ্ণাতি তদনুনীয়ৈর্ব্যাপ্নোতিচ তনুঙ্গুণৈঃ ॥ ৬৯ ॥ ৷৷ ।

অথরস কর্ম। রসনাড়ী আরোহণ করিয়া সর্ব্বধাতুকে পাইয়া শীতল স্নিগ্ধ পোষকত্ব নিজগুণ করণক শরীর পুষ্টি আছন্ন করেণ। ৬৯।

মন্দবহ্নি বিদগ্ধস্তু কটুর্ব্বাম্লো ভবেদ্রসঃ। স কুর্য্যাৎ
বহুলান্‌রোগান্ বিষকৃত্যং করোত্যপি ॥ ৭০ ॥ ৷৷

মন্দাগ্নি কর্তৃক বিদগ্ধ হইয়া কটু কিম্বা অম্ল রস হন সেই বিদগ্ধ রস অনেক রোগ করেণ এবং বিষকার্য্য করেণ অর্থাৎ বিষবৎ হয়েন। ৭০।

যদারসো যকৃদযাতি তত্র রঞ্জক পিত্ততঃ। রাগং
পাকঞ্চসম্প্রাপ্য স ভবেদ্রক্ত সংজ্ঞকঃ ॥ ৭১ ॥ ৷৷ ॥

অনন্তর রক্তের স্বরূপ কহি। যৎকালে রস যকৃৎকে গমন করেণ তাহাতে রঞ্জক পিত্ত হইতে রাগ ও পাক পাইয়া রক্ত সংজ্ঞা হন। ৭১

রক্তং সর্ব্ব শরীরস্থং জীবস্যাধার উত্তমঃ। স্নিগ্ধংগু

রুচলংস্বাদু বিদগ্ধং পিত্তবদ্ভবেৎ॥ ৭২ ॥ ॥

সেই রক্ত স্নিগ্ধ এবং গুরু ও চঞ্চল শীল স্বাদু সর্ব্ব শরীর স্থিত জীবের উত্ত মাধার। বিদগ্ধ হইয়া পিত্তের ন্যায় হয়েন ৭২ ॥

জীবোবসতি সর্ব্বস্মিন্ দেহেতত্রবিশেষতঃ। বীর্য্যে

রক্তে মলে যস্মিন্ ক্ষীণেয়াতিক্ষয়ংক্ষণাৎ॥ ৭৩ ॥ ॥

যেহেত্ত জীবের উত্তমাধার তাহা কহি। জীব সমস্ত দেহেবসতি করেণ বিশেষত বীর্য্য ও রক্তে এবং মলে। যে বীর্য্য রক্ত ক্ষীণ হইলেজীব ক্ষয় পায়েন। ৭৩

শুদ্ধেজীবে বসতি নতদুষ্টে প্রবৃদ্ধেরক্তস্রাবণোপ

দেশস্য বৈযর্থ্য সঙ্গাৎপিত্তবৎভবেৎ ॥ ৭৪ ॥ ॥

শরীরাস্তক বাগুটোক্ত পরিমাণ এই ॥ শুদ্ধবীর্য্যাদিতে জীব থাকেন কিন্তু দোষ বৃদ্ধিতে থাকেনা। রক্ত স্রাবোপদেশের ব্যার্থসঙ্গ হইতে পিত্তের ন্যায় হয়েন। ৭৪।

যকৃৎপ্লীহাচ রক্তস্য মুখ্যং স্থানং তয়োঃস্থিতম্।

অন্যত্রাপি স্থিতবতাং রক্তানাং পোষকস্তুবেৎ ॥ ৭৫

অথ রক্তস্থান কহি। যকৃৎ ও প্লীহারক্তের প্রধানস্থান। সেইযকৃৎপ্লীহ স্থিত রক্তে শরীরে অন্যদেশ স্থিতরক্ত সকলকে পোষণ করেন॥ ৭৫।

অতঃপরং মাংসরূপমাহ। শোণিতংস্বাগ্নিনাপক্বং

বায়ুনাচঘনীকৃতং। তদেবমাংসং জানীয়াৎ তস্য

ভেদানপিব্রুবে ॥ ৭৬ ॥ ॥

অনন্তর মাংস স্বরূপ কহিতেছি রক্ত স্বকীয়াগ্নি কর্তৃক পক্ক হইয়া বায়ুদ্বারা ঘনহয় তাহাকেই মাংস কহাজায় এবং তাহার বিশেষ কহিতেছি রস শোনিত স্থানে গমন করত শোনিত সংজ্ঞা হয় এই রূপ রসের মাংসাদি ব্যপদেশ আছে অর্থাৎ কথিত আছে। ৭৬॥

যথার্থমুষ্মণাযুক্তো বায়ুস্রোতাংসি দারয়েৎ । অনু
প্রবিশ্যপিশিতং পেশীর্বিভজতে তথা ॥ ৭৭ । ✽ ॥

বায়ু উষ্মযুক্ত হইয়া প্রয়োজন যোগ্য স্রোত সকল অর্থাৎ রক্তবাহি শিরা সকল বিদীর্ণ করত মাংসে প্রবেশ করিয়া পেশী অর্থাৎ মাংস খণ্ড বিভাগ করেণ। ৭৭ ॥

মাংসপেশ্যঃ সমাখ্যাতা নৃণাং পঞ্চশতানিহি ।
তাসাংশতানি চত্বারি শাখাসু কথিতান্যথা ॥ ৭৮॥

মাংস পেশীর সংখ্যা কহিতেছি, মনুষ্য শরীরে পঞ্চশত মাংসপেশী কথিত আছে। তাহার মধ্যে চত্তশত ৪০০ মাংসপেশী শাখাতে অর্থাৎ কর চরণে অপর অন্যগাত্রে জানিহ ॥ ৭৮ ॥

কোষ্ঠেষড়ুত্তরাষষ্টি কথিতামুনি পুঙ্গবৈঃ। গ্রীবায়া
মূর্দ্ধগাস্তাস্ত চত্তস্ত্রিংশৎ প্রকীর্ত্তিতাঃ ॥ ৭৯ ॥ ✽ ॥

কোষ্ঠে ষট ষষ্টি ৬৬ বাহুমূল অর্থাৎ স্কন্ধের উপরিভাগ চত্তস্ত্রিংশত ৩৪ মাংসপেশী এই রূপ বিভাগ মুনি কর্ত্তৃক কথিত হইয়াছে। ৭৯।

তাঃ শাখাঃ গতাঃপ্রাহ একৈকস্যান্ত পাদাঙ্গুল্যাং
তিস্রঃ তাঃ পঞ্চদশ১৫ তদগ্রেদশ, পাদোপরি কূর্চ্চ
সন্নিবিষ্টাদশ১০ গুল্‌ফতলয়োর্দ্দশ ১০ গুল্‌ফজানুনো
হন্তরে বিংশতিঃ২০ জানুনি৫ উরৌ বিংশতিঃ বঙক্ষ
ণেদশ১০ এবমেকস্মিন্‌সক্থি শতম্ভবতি। এতেনাপর
সক্থিবাহুচ ব্যাখ্যাতৌ ॥ ✽ । অথকোষ্টগতাপ্রাহ ॥
গুদেতিস্রঃ৩ সেফস্যেকা১ সেবন্যেকা১ বৃষণয়োর্দ্বে২
স্ফিচোঃ পঞ্চপঞ্চ৫ বস্তিমূর্দ্ধ্নিদ্বেং উদরে পঞ্চ৫ না
ভ্যামেকা১ পৃষ্ঠোর্দ্ধ্ব সন্নিবিষ্টা উভয়তঃ পঞ্চপঞ্চদীর্ঘা
পার্শ্বয়োঃষট্‌৬ বক্ষসি দশ১০ কক্ষকাংশৌ প্রতিসম
ন্তাৎসপ্ত। হৃদি দ্বেং যকৃতি দ্বেং প্লীহ্নিদ্বেং উণ্ডুকে

দ্বেহ অথ গ্রীবোর্দ্ধগাঃ প্রাহু গ্রীবায়াং চতসুঃ হন্বোর
ষ্ট কণ্ঠগণো ঘাটিকায়ামিতি যাবৎ একাগলে একাতা
লুনি দ্বে জিহ্বায়ামেকা১ ওষ্ঠয়ে দ্বে ললাটে চতসুঃশি
রস্যেকা এবং মাংস পেশ্যঃ পঞ্চশতানি ভবন্তি ।৮১

করচরণ স্থিত মাংসপেশীর বিভাগ কহিতেছি । এক এক অঙ্গুলিতে তিন তিন করিয়া পঞ্চঅঙ্গুলিতে পঞ্চ দশ অঙ্গুলির অগ্রভাগে দশ১০ পাদোপরি কচ্চ সন্নিবিষ্ট দশ১০ গুল্ফতলে দশ১০ গুল্ফজানুর মধ্যে বিংশতি২০ জানুতে পঞ্চ৫ উরুদেশে বিংশতি উরুসন্ধিতে দশ এই রূপ অঙ্গুল্যবধি উরুদেশ পর্য্যন্ত একশত১০০ মাংসপেশীগণিতা হয়েন অপর উরুতে এইরূপ এবং হস্তদ্বয়েতে অঙ্গুল্যবধি বাহুমূল পর্য্যন্ত দ্বিশত অতএব করচরণে চত্বাংশত মাংসপেশী গণিতা হইল অনন্তর জঠর গত মাংসপেশী কহিতেছি গুহ্যদ্বারে তিন লিঙ্গে এক সেবনীতে এক অর্থাৎ লিঙ্গের সিউনি স্থান অণ্ডকোষদ্বয় লিঙ্গমুখের পার্শ্বদ্বয়ে পঞ্চ পঞ্চ নাভিতে এক পৃষ্ঠোর্দ্ধে সন্নিবিষ্ট উভয় পার্শ্বে পঞ্চ পঞ্চ পার্শ্ব দ্বয়ে ষট বক্ষস্থলে দশ স্কন্ধে সমন্তে সপ্ত হৃদয়ে দ্বয় যকৃতে দ্বয় প্লীহাতে দ্বয় উণ্ডুকেদ্বয় । অনন্তর গ্রীবোর্দ্ধগত কহিতেছি গ্রীবাতে অর্থাৎ ঘাড় চতসৃ৪ হনুতে অষ্ট কণ্ঠদেশে একগলাদেশেএক তালুদেশে দ্বয় জিহ্বাতে এক ওষ্ঠদ্বয়ে দ্বয় ললাটে চারি ৪ মস্তকে এক এইরূপ পঞ্চশত মাংসপেশী সমস্ত দেহে আছে। ৮১ ॥

স্ত্রীণামপি ভবন্ত্যেতাঃ কিন্তুবিংশতিরুত্তরাঃ । গর্ভা
শয়ে গর্ভমার্গে যোনৌ চ স্তনয়োরপি ॥ ৮২ ॥ ✻ ॥

স্ত্রীলোকের এইরূপ পঞ্চশত মাংসপেশী কিন্তু বিংশতি অধিক গর্ভাশয়াতে তিন গর্ভছিদ্র সংস্থিত শুক্রার্ত্তব প্রবেশ স্থানেতিন যোনিমধ্যে যোনিমুখাশ্রিত উভয় পার্শ্বস্থি যোনি কনিকে অর্থাৎ যোনিমধ্যে দ্বি স্তনদ্বয়ে পঞ্চ পঞ্চ যৌবন দশাতে তাহার বৃদ্ধি হয় ॥ ৮২ ॥

পুংসঃপেশ্যঃ পুরস্তাদ্যাঃ প্রোক্তামেহন মুষ্কজাঃ
স্ত্রীণামাবৃত্য তিষ্ঠন্তি ফলমন্তর্গতংহিতাঃ ॥ ৮৩ ॥ ✻

পুরুষের লিঙ্গাণ্ড কোষস্থিত মাংসপেশীত্রয় স্ত্রীলোকেতে লিঙ্গাণ্ড কোষাভাব প্রযুক্ত অন্তর্গত গর্ভস্থান আবর্ত্তন করিয়া থাকেন, ৮৩।

স্ত্রীণাংমাংসপেশ্যস্ত্রিভির্হীনানি পঞ্চশতানি প
ঞ্চপেশীশতান্যেব স্ত্রীবর্জ্জ্যং বিদ্ধি ভূমিপ। অতশ্চতি
স্রো হীয়ন্তে স্ত্রীণাং শেফসিমুস্কয়ঃ॥ ৮৪॥ ॥

স্ত্রীদিগের হীনত্রয় পঞ্চশত মাংসপেশী স্ত্রী ভিন্ন মনুষ্যের পঞ্চশত মাংসপেশী জানিবে অতএব লিঙ্গাণ্ড কোষস্থিত মাংসপেশীত্রয় স্ত্রীলোকের নাই ৮৪।

যন্মাসং স্বাগ্নিনাপক্বং তন্মেদ ইতি কথ্যতে। তদ
তীবগুরুস্নিগ্ধং বলকার্য্যতি বৃংহণং॥ ৮৫॥ ॥

স্বকীয় অগ্নি কর্ত্তৃক পক্ক যে মাংস তাহাকে মেদ কহা জায় সেই মেদোধাতু অতিশয় গুরু স্নিগ্ধ বলকরী এবং শরীরের বিশেষ পুষ্টি কারক ৮৫।

মেদোহি সর্ব্বভূতানামুদরেষুসংস্থিতং। অতএ
বোদরেবৃদ্ধিঃপ্রায়োমেদস্বিনোভবেৎ॥ ৮৫॥ ॥

মেদের স্থান কহিতেছেন, মেদোধাতু সর্ব্বপ্রানির উদরে স্থিতি করেন। অতএব প্রায় মেদ বহুল পুরুষের উদর বৃদ্ধি হয়॥ ৮৬।

মেদোযৎস্বাগ্নিনাপক্বং বায়ুনাচ বিশোষিতং। ত
দস্থিসংজ্ঞাং লভতে স সারঃ সর্ব্ববিগ্রহে॥ ৮৭॥

মেদোধাতু স্বকীয়াগ্নি কর্ত্তৃক পক্ক হইয়া বায়ু কর্ত্তৃক শুষ্ক হইয়া অস্থিধাতু প্রাপ্তহয় সেই অস্থিধাতু সকল শরীরের সার জানিবে। ৮৭।

অভ্যন্তরগতৈঃ সারৈর্যথা তিষ্ঠন্তিভূরুহাঃ। অস্থিসা
রৈস্তথা দেহা ধ্রিয়ন্তে দেহিনোধ্রুবং॥ ৮৮॥ ॥

যেমন মধ্যস্থিত সারদ্বারা বৃক্ষ সকল স্থিতিকরে তাদৃশ অস্থি সার দ্বারা প্রানি সকল দেহকে ধারণ করেণ। ৮৮॥

তস্মাচ্চিরবিনষ্টেষু ত্বঙ্মাংসেষু শরীরিণাং । অস্থী
নি ন বিনশ্যন্তি সারা এতানি সর্ব্বথা ॥ ৮৯ ॥ ॥

প্রাণি সকলের চর্ম্ম মাংস চিরকালে বিনষ্ট হয় কিন্তু অস্থি চিরকালে বিনষ্ট হয়না এই অস্থিধাতু সর্ব্বপ্রকারেই সারময় হইয়াছেন । ৮৯ ।

শল্যতন্ত্রেঽস্থি খণ্ডানাং শতত্রয় মুদাহৃতং । তা
ন্যেবাত্র নিগদ্যন্তে তেষাং স্থানানি যানি চ ॥ ৯০ ॥

শল্যতন্ত্রে অস্থিখণ্ড অর্থাৎ অস্থিসংখ্যা শতত্রয় কহিয়াছেন তাহাই এই দেহে যেস্থানে যত আছে তাহা কহিতেছেন ৯০ ॥

সবিংশতি শতন্ত্বস্থ্নাং শাখাসু কথিতং বুধৈঃ । পার্শ্ব
য়োঃ শ্রোণিফলকে বক্ষঃপৃষ্ঠোদরেষু চ ॥ ৯১ ॥ ॥
জানীয়াদ্ভিষগেতেষু শতং সপ্তদশোত্তরং । গ্রীবা
য়াঊর্দ্ধ্বগাং বিদ্যাদস্থ্নাং ষষ্টিত্রিসংযুতং ॥ ৯২ ॥

করচরণে একশত বিংশতি অস্থি পার্শ্বদ্বয়ে কটিঅধভাগে বক্ষঃস্থলে পৃষ্ঠদেশে উদরে এই সকল স্থানে একশত সপ্তদশ অস্থি গ্রীবার উপরি ভাগে ত্রিষষ্টি ৬৩ অস্থি জানিবে ॥ ৯২ ॥

তানি শাখাগতান্যাহ ॥ একৈকস্যাং পাদাঙ্গুল্যাং
ত্রীণি ত্রীণি পঞ্চদশ পাদতলে পঞ্চশাস্থি শলাকাস্তদা
ধারভূতমেকমস্থি এবং ষট্ কূর্চ্চে দ্বে গুল্‌ফে দ্বে পার্ষ্ণ্যা
মেকাং জঙ্ঘয়োর্দ্বে জানুন্যেকং ঊবাবেকং এবং ত্রিংশা
দেকস্মিন্ সক্থ্নি ভবন্তি এতেনেতর সক্থি বাহু চ ব্যা
খ্যাতৌ ॥ ৯৩ ॥ ॥

এক এক পাদাঙ্গুলিতে তিন তিন অস্থি এই গণনাতে পঞ্চদশ পাদ তলে শলাকাকার পঞ্চ অস্থি তাহার আধার রূপ একাস্থি এই ছয় কূর্চ্চ ভাগ অস্থিদ্বয় গুল্‌ফদেশে অস্থিদ্বয় পার্ষ্ণি ভাগে এক জঙ্ঘাতে দ্বয় জানুতে এক উরুদেশে এক এইরূপে একপাদে ত্রিংশত অস্থি অপর পাদে এবং হস্তদ্বয়ে এই সংখ্যা জানিহ । ৯৩ ।

অথ পার্শ্বাদি গতান্যাহ ॥ পার্শ্বয়োঃষট্‌ত্রিংশৎ শিশ্নেভগেবা একং গুদে একং নিতম্বয়োরেকৈকং ত্রিকেএকং বক্ষস্যষ্টৌ পৃষ্ঠেত্রিংশৎ কক্ষসংজ্ঞকে দ্বে ॥ * ॥ অথ গ্রীবোর্দ্ধগতান্যাহ ॥ * ॥ গ্রীবায়াং নব কণ্ঠনাড্যাং চত্বারিহন্বোরেকৈকং দন্তাদ্বাত্রিংশৎ নাসায়াং ত্রীণি তালুন্যেকং গণ্ডয়োরেকৈকং শিরসি ষট্‌ এতান্যস্থীনি পঞ্চবিধানি ভবন্তিতানি যথা। তরুণানি কপালানি রুচকানি ভবন্তিহি। বলয়ান্যপি তানিস্যুর্নলকানিচ কানিচিৎ ॥ ৯৫ ॥ অক্ষিকোষ শ্রুতিঘ্রাণ গ্রীবাসুতরুণানিহি। শিরঃ শঙ্খ কপালেষু তালুংশ প্রোথজাদিষু ॥ ৯৬ ॥ পাদয়োর্বলয়ানিস্যুর্নলকানি ক্রবেংধুনা। হস্তপাদাঙ্গুলিতলে কূর্চ্চে চ মণিবন্ধয়োঃ ॥ ৯৭ ॥ বাহুজঙ্ঘাদ্বয়েবাপি জানীয়ান্নলকানিতু ॥ ৯৮ ॥ * ॥

অনন্তর পার্শ্বাদি গত অস্থি কহিতেছি, পার্শ্বদ্বয়ে ষট্‌ ত্রিংশত শিশ্ন ভগে বা এক গুহ্যে এক নিতম্বদ্বয়ে এক এক ত্রিকদেশে এক পৃষ্ঠের অধোভাগে অস্থিত্রয় নির্ম্মিতস্থানকে ত্রিক কহাজায় বক্ষস্থলে অষ্ট, পৃষ্ঠদেশে ত্রিংশত কক্ষভাগেদ্বয়। ৯৪।

অনন্তর গ্রীবোর্দ্ধগত অস্থি কহিতেছি, গ্রীবাতে নবকণ্ঠ নাড়িতে চারি হনুদ্বয়ে এক এক দন্তে দ্বাত্রিংশত, নাসিকাতে তিন তালুকাতে এক গণ্ডদ্বয়ে এক এক, মস্তকে ষট্‌, এই অস্থি সকল পঞ্চ প্রকার হয়, তরুণাস্থি অর্থাৎ কোমলাস্থিকপালাস্থি অর্থাৎ খণ্ডিত খর্পরাকারাস্থিরুচকাস্থিঅর্থাৎ চিপিটিকাকারাস্থি বলয়াস্থি অর্থাৎ গোলাকারাস্থি নলকাস্থি অর্থাৎ নলাকারাস্থি এই পঞ্চ প্রকার অস্থি শরীরের কোন

স্থানে কোন্ অস্থি আছে তাহার বিশেষ কহিতেছি। চক্ষুকোটরে কর্ণে নাসিকাতে গ্রীবাতে কোমলাস্থি মস্তকে শঙ্খে কপালে তালুদেশেকপালাস্থি পাদদ্বয়ে বলয়াস্থি হস্তে পাদাঙ্গুলিতে কূর্চ্চে মণিবন্ধে বাহুতে জঙ্ঘাতে নলকাস্থি জানিবে। ৯৫ ৯৬॥ ৯৭ ৯৮।

মাংসান্যত্রনিবদ্ধানি শিরাভিঃ স্নায়ুভিস্তথা। অ
স্থীন্যালম্বনংকৃত্বা ন দীর্য্যন্তে পতন্তিচ॥ ৯৯॥ *

অনন্তর অস্থির প্রয়োজন কহিতেছি দেহস্থিত মাংসপেশী সকল শিরা ও স্নায়ু অর্থাৎ মাংস বন্ধন রজ্জু কর্ত্তৃক বদ্ধ হইয়া অস্থিকে অবলম্বন করিয়া বিদীর্ণ ও পতিত হয়েন না॥ ৯৯।

স্থূলাস্থিষু বিশেষেণ মজ্জাত্বভ্যন্তরে স্থিতঃ॥ ০০

অনন্তর মজ্জার স্থান কহিতেছি। স্থূল অস্থির মধ্যস্থিত ছিদ্র মধ্যে মজ্জাবিশেষ রূপে স্থিতিকরে॥ ১০০॥

রসাদ্রক্তংততোমাংসং মাংসান্মেদঃ প্রজায়তে।
মেদসোঽস্থি ততোমজ্জা মজ্জঃশুক্রস্য সম্ভবঃ॥ ১০১॥

অনন্তর শুক্রধাতুর উৎপত্তি ক্রম কহিতেছি। রস হইতে রক্ত রক্ত হইতে মাংস মাংস হইতে মেদ মেদ হইতে অস্থি অস্থি হইতে মজ্জা মজ্জা হইতে শুক্রজন্মে ১০১॥

ইত্যায়ুর্ব্বেদ দর্পণে দোষ ধাতু কথনোনাম চতু
র্থোল্লাসঃ॥ * ॥ * ॥ * ॥ * ॥

ইতি চতুর্থোল্লাসঃ

## ॥ আহার গতি কথনং ॥

অথাহারস্য গতিমাহ ॥ যাত্যামাশয়মাহারঃ পূর্ব্বাংশে নালিলেরিতঃ। মাধুর্য্যং ফেণভাবঞ্চ ষড়্‌সোঽপি লভেতসঃ ॥ ১ ॥ * ॥

অনন্তর আহারের গতি কহিতেছি। আহার অর্থাৎ ভুক্তদ্রব্য প্রথমত বায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া প্রথম ভাগে আমাশয়ে গমন করে পশ্চাৎ ছয়রস বিশিষ্ট সেই আহার মধুরতা এবং ফেণ ভাব প্রাপ্ত হয়েন ১

আহার্য্যং ষড়্‌বিধংভোজ্যং ভক্ষ্যং চব্যস্তথৈবচ। লেহ্যং চুষ্যং তথাপেয়ং তদুদাহরণানি চ ॥ ২ ॥

আহার ছয় প্রকার হয় যথা ভোজ্য ভক্ষ্য, চব্য, চুষ্য লেহ্য পেয় তাহার দৃষ্টান্ত কহিতেছি। ভোজ্য অন্নব্যঞ্জনাদি ভক্ষ্য অন্ন মণ্ডাদি চব্য চিপিটক ভৃষ্টতণ্ডুলাদি লেহ্য ঘনদ্রব গুড়াদি চুষ্য আম্র আম্রতকাদি পেয় দুগ্ধ সশর্করা জলাদি ॥ ২ ॥

নাভিস্থানান্তরেজন্তো রাহুরামাশয়ংবুধাঃ ॥ ৩।

প্রাণি সকলের নাভিস্থানান্তরে আমাশয় থাকে ইহা পণ্ডিতেরা কহিয়াছেন, তাহার বিশেষ কহিতেছি। ৩ ॥

উত্তরোরক্তাশয়স্তস্মাদধঃ শ্লেষ্মাশয়ঃ স্মৃতঃ। আমাশয়স্তু তদধস্তদধো দহনাশয়ঃ ॥ ৪ ॥ * ॥

হৃদয়ে রক্তাশয় তাহার অধস্থানে কফাশয় তন্নিম্নভাগে আমাশয় তাহার অধস্থিত পাবকাশয় ॥ ৪ ॥

যো বায়ু প্রাণনামাসৌ মুখংগচ্ছতি দেহধৃক্। সোঽন্নং প্রবেশয়ত্যন্তঃ প্রাণাংশ্চাপ্যবলম্বতে ॥ ৫ ॥
ক্লেদনঃ ক্লেদয়ত্যন্নং সংহতঞ্চাভি নত্তি চ ॥ ৬ ॥ *।

প্রাণবায়ু অর্থাৎ হৃদয়স্থিত বায়ু দেহ ধারণ পূর্ব্বক মুখেতে গমন করেণ আর আহারকে অন্তরে প্রবেশ করাণ এবং প্রাণ সকলে অব লম্বন করেণ। ৫ আমাশয়স্থিত ক্লেদ নামা কফ আহারকে ক্লেদযুক্ত করেণ পশ্চাৎ সেই কঠিন আহার ভেদ করেণ। সেই আহার ছয় রস হইয়া আমাশয়েতে মধুরতাকে পায়েন আমাশয়স্থিত মধুরতার কফযোগ হেতু কফ স্বরূপ কহিতেছি। ৬॥

শ্লেষ্মাশ্বেতোগুরুঃস্নিগ্ধঃ পিচ্ছিলঃশীতলস্তথা। তমো গুণাধিকঃ স্বাদুর্বিদগ্ধো লবণোভবেৎ ॥ ৭ ॥ ফেণ ভাবঞ্চ লভতে জঠরানল তেজসা ॥ ৮ ॥ * ॥

কফ শুক্লবর্ণ ভার স্নেহযুক্ত পিচ্ছিল শীতল তমগুণাধিক মধুর বিদগ্ধ হইলে লবণ রস হয়েন ৭। জঠরানল তেজো দ্বারা ফেণ ভাবকে পায়েন ৮।

॥ তথাচ বাগ্ভটঃ ॥ সন্ধুক্ষিতঃ সমানেন পচ ত্যামাশয়স্থিতং। ঔদর্য্যোঽগ্নির্যথাবাহ্যঃ স্থলীস্থং তোয় তণ্ডুলং ॥ ৯ ॥ * ॥

জঠরাগ্নি সমান বায়ু কর্ত্তৃক প্রজ্বলিত হইয়া আমাশয়স্থিত আহার কে পাক করেণ যেমন বাহ্যাগ্নি স্থালীস্থিত অর্থাৎ হাঁড়িস্থিত জল ও তণ্ডুলকে পাক করেণ। ৯

অথ পাচক পিত্তেনবিদগ্ধশ্চাম্লতাংব্রজেৎ। ততঃ সমানমরুতা গ্রহণীমভিনীয়তে ॥ ১০ ॥ * ॥

প্রাণবায়ু কর্ত্তৃক প্রেরিত অন্ন কিঞ্চিৎ জল পাচক নামক পিত্তের উষ্মাকরণ ঈষৎ পক্ক হইয়া অম্লত্ব প্রাপ্ত হয়েন পশ্চাৎ সমান বায়ু অর্থাৎ নাভিস্থিত বায়ুকর্ত্তৃক প্রেরিত হইয়া আহার গ্রহণীর প্রতি গতি করেণ। ১০ ॥

ষষ্ঠী পিত্তধরানাম যাকলা পরিকীর্ত্তিতা। আম পক্বাশয়ান্তস্থা গ্রহণীসাঽভিধীয়তে ॥ ১১ ॥ * ॥

গ্রহণীর স্বরূপ কহিতেছি। অগ্নির অধিষ্ঠান পাচক নাম পিত্তকে ধারণ করেণ যিনি তিনি পিত্তধরা সেই পিত্তধর নাম যে কলা তিনি যষ্ঠিকলা আমাশয় ও পক্বাশয় মধ্যস্থানস্থিতা তাহাকেই গ্রহণী কহেন সেই গ্রহণীতে আমাশয় পক্বাশয় মধ্যবর্ত্তি পাচক নাম পিত্তা ধিষ্ঠাগ্নি কর্ত্তৃক আহার পরিপাক হওত কট্ হয়েন। ১১ ॥

আহারস্যরসঃসারঃ সারহীনোদ্রবঃস্মৃতঃ। শিরা
ভিস্তজ্জলংনীতং বস্তিং মূত্রত্বমাপ্নুয়াৎ ॥ ১২ ॥
শেষংকিট্টংচ যস্তস্য তৎপুরীষং নিগদ্যতে। সমা
ন বায়ুনা নীতং তিষ্ঠতি মলাশয়ে ॥ ১৩ ॥ * ॥

আহারের সারভাগ রস সারহীন দ্রব সেই দ্রবের জলভাগ শিরা কর্ত্তৃক নাভির অধস্থলে গত হইয়া মূত্র হয়েন ॥ ১২ ॥ সেই দ্রবের যে শেষ মলভাগ তিনি বিষ্ঠা কথিতা হয়েন সেই বিষ্ঠা সমান বায়ু কর্ত্তৃক অধঃ প্রেরিতা হইয়া মলাশয়ে বাস করেণ ॥ ১৩ ॥

মূত্রংহ্যুপস্থমার্গেণ পুরীষং গুদমার্গতঃ। অপান
বায়ুনাক্ষিপ্তং বহির্যাতি শরীরতঃ ॥ ১৪ ॥ * ॥

অনন্তর অপানবায়ু কর্ত্তৃক ক্ষিপ্ত হইয়া মূত্র উপস্থ পথদ্বারা ও বিষ্ঠা গুহ্যদ্বারা হইতে শরীর বহি নির্গত হয়েন ॥ উপস্থ শব্দার্থ লিঙ্গ এবং যোনিঃ ॥ ১৪ ।

## ॥ রসাদিসপ্তধাতুকথনং ॥

রসস্তুহৃদয়ং যাতি সমান মরুতেরিতঃ। সত্তব্যা
লেন বিক্ষিপ্তঃ সর্ব্বান্ ধাতূন্ বিবর্দ্ধয়েৎ ॥ ১৫ ॥ * ॥

রসধাতু সমান বায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া স্থূলনাড়ী পথদ্বারা শরীরারম্ভক রসস্থান যে হৃদয় তাহাতে গমন করে পশ্চাৎহৃদয় স্থিত রস ব্যানবায়ু কর্ত্তৃক ক্ষিপ্ত হইয়া অপর রসাদি শুক্র পর্য্যন্ত সকল ধাতুকে বৃদ্ধি করেণ ॥ ১৫ ॥

কেদারেষুযথাকুল্যাঃ পুষ্ণন্তি বিবিধৌষধীঃ । ত
থাকলেবরেধাতুন্ সর্ব্বান্ বর্দ্ধয়তে রসঃ ॥ ১৬ ॥ *।

যাদৃশকুল্যা অর্থাৎ কৃত্রিম অল্পানদী ক্ষেত্রেতে ধান্যাদি বিবিধ প্রকার বৃক্ষকে পুষ্টি করেন তাদৃশ রস শরীরে রসাদি সপ্ত ধাতুকে পোষণ করেন ১৬

উক্তঞ্চচরকে স্থূলাণুংশ মলৈর্ব্বৈ দৈস্তত্র তত্র ত্রিধা
রসঃ । স্বংস্থূলোংশঃ পরংসূক্ষ্মস্তন্মলোযাতি তন্ম
লম্ ॥ ১৭ ॥ * ॥

সেইরস তিনপ্রকারহয় স্থূলভাগ সূক্ষ্মভাগ আর মল এইরূপ ত্রিবিধ স্থূল ভাগ স্বকীয় ধাতুতে অর্থাৎ রস ধাতুতেই থাকেন আরসূক্ষ্মাংশ পরধাতুতে অর্থাৎ রক্ত ধাতুতে গমনকরে সেই রসমল শরীরারম্ভক ধাতু মল হয়েন যেমন লৌকিকাগ্নিতে ইক্ষুরস পক্ব হয়েন তাদৃশ শরীরারম্ভকরস জাঠরাগ্নি দ্বারা পক্ব হয়েন সেই পক্বরস পঞ্চাহরাত্রি দেড়দণ্ড কাল রসধাতুতেস্থিতি করেণ ১৭।

উক্তঞ্চ সুশ্রুতে ॥ স খলু ত্রীণি ত্রীণি কলাসহস্রাণি
পঞ্চদশ চ কলা একৈকস্মিন্ ধাতাববতিষ্ঠতইতি ॥ ১৮

অত্রবিংশতি কল মুহূর্ত্ত দ্বিদণ্ড কাল এতাদৃশ ত্রিংশত্মুহূর্ত্তে দিবা রাত্রি হয় ইহাতে ছয়শত কলা পঞ্চাহ রাত্রিতে ত্রিসহস্রকলাহয়আর পঞ্চদশ কলাতে দেড়দণ্ড হয় অতএব আহার সারভূতয়ে রস তিনি প্রত্যেক ধাতুতে পঞ্চাহরাত্রি দেড়দণ্ড কালবাস করেণ । ১৮।

তথাচভোজঃ ॥ ধাতৌ রসাদৌ মজ্জান্তে প্রত্যে
কংপ্রাক্তনোরসঃ । অহোরাত্রাত্স্বয়ংপঞ্চসার্দ্ধ দণ্ডঞ্চ
তিষ্ঠতি ॥ ১৯ ॥ * ॥

রসাদি মজ্জাপর্য্যন্ত ধাতুতে প্রত্যেকে প্রাকৃতরস পঞ্চাহোরাত্রি দেড় দণ্ড কাল স্থিতি করেন । ১৯ ॥

ততোযথা পচ্যমানাদিক্ষুর সান্মলং নির্গচ্ছতি।
তথা পচ্যমানাদাহার রসান্মলো নির্গচ্ছতি সকঃ
কফঃ ॥ ২০ ॥ * ॥

অনন্তর যেমন পচ্যমান ইক্ষুরস হইতে মল নির্গত হয় তাদৃশ পক্বা হার রস হইতে মল নির্গত হয় সেইমল কফহয় ২০

উক্তঞ্চসুশ্রুতে ॥ কফঃপিত্তংমলংখেষুপ্রস্বেদো
নখ রোমচ। নেত্রবিট্ চক্ষুষঃ স্নেহো ধাতূনাং ক্রম
শো মলাঃ ॥ ২১ ॥ * ॥

ক্রমেতে রসাদি ধাতুর এই সকল মলহয়েন যথা রসের মল কফ রক্তের মল পিত্ত মাংসের মলকর্ণাদি ছিদ্র স্থিত মল মেদের মল ঘর্ম্ম অস্থিরমল নখরোম মজ্জার মল নেত্রবিষ্ঠা অর্থাৎ পিচুটি এবং চক্ষুর স্নেহ ২১।

সচকফঃ প্রাণানিল প্রেরিতো ধমনীমার্গেণ শরী
রারম্ভকং ক্লেদনাখ্যং কফং গত্বা পুষ্ণাতি ॥২২॥

পক্বাহার রসমল যে কফ প্রাণবায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া প্রধান নাড়ীপথ দ্বারা শরীরারম্ভক ক্লেদনামক কফে গমন করিয়া পুষ্ট হয়েন। ২৩।

ততঃ সারভূতস্যাহারস্য দ্বৌভাগৌ ভবতঃস্থূলঃসূ
ক্ষ্মশ্চ তত্রসূক্ষ্মোভাগঃ শরীরারম্ভক রসং পোষয়ন্ স
কল শরীরাধিষ্ঠানেন ব্যানবায়ুনা প্রেরিতোধমনী
ভিঃ সঞ্চরন্ পোষণ স্নেহনজঠরানলোষ্ম কৃতসন্তাপ
নিবারণাদিভির্গুণৈঃ সকলংশরীরংপুষ্ণাতি। ২৩।২৪

সারভূত আহার রস দ্বিভাগ হয় স্থূলভাগ এবং সূক্ষ্মভাগ তাহারমধ্যে সূক্ষ্মভাগ শরীরারম্ভক রসকে পোষণ করেন এবং সকল শরীর ব্যাপক

ব্যানবায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া নাড়ীপথ দ্বারা গমন করত শরীর পোষণ এবং শরীর স্নিগ্ধ করণ ও জঠরানল উষ্মাকৃত সন্তাপ নিবারণাদি গুন বিশিষ্ট হইয়া সকল শরীরকে পোষণ করেন ২৪ ।

**ততঃ স্থূলোভাগঃ প্রাণবায়ুনা প্রেরিতোধমনী মার্গেণ শরীরারম্ভকস্য রক্তস্য স্থানংযকৃৎপ্লীহ রূপং গত্বা তেন সহমিশ্রিতো ভবতি ।। ২৫ ।। * ।।**

অনন্তর স্থূলভাগ যেরস সেইরস প্রাণবায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া প্রধান নাড়ীপথ দ্বারা শরীরারম্ভক রক্তস্থানযে যকৃৎ প্লীহা তাহাতে গমন করিয়া তাহার সহিত মিলিত হয়েন । ২৫ ।।

**ততঃ প্রাক্তনস্য রক্তস্যাগ্নিনাপুনঃ পচ্যমানঃপঞ্চাহোরাত্রাৎসার্দ্ধদণ্ডঞ্চযাবৎপ্রাক্তন রক্তধাতাবেব তিষ্ঠতি ।। ২৬ ।। * ।।**

তৎপশ্চাৎ প্রকৃতরক্তের অগ্নিদ্বারা পুনর্ব্বার পচ্যমান হইয়া পঞ্চাহোরাত্রি দেড়দণ্ড কাল প্রাকৃত রক্ত ধাতুতে স্থিতি করেন । ২৬ ।।

**ততো যথাগ্নিনা পুনঃ পচ্যমানাদিক্ষুবিকারাদ্বারংবারংমলং নির্গচ্ছতি ততঃ পুনঃ পুনঃ পচ্যমানাদাহার রসাৎ প্রতিবারং মলং নির্গচ্ছতি ।। ২৭ ।। * ।।**

তৎপশ্চাৎ যেমন অগ্নিদ্বারা পুনর্ব্বার পক্কেক্ষুরস হইতে বারবার যেমন মল নির্গত হয় তাদৃশ পুনঃ পুনঃ পক্কাহার রসহইতে মল নির্গত হয় । ২৭ ।।

**তত্র রক্তাদগ্নিনা পচ্যমানান্মলং পিত্তং নির্গচ্ছতি তচ্চ পিত্তং সমানবায়ুনা প্রেরিতং ধমনীমার্গেণ শরীরারম্ভকং পাচকাখ্যং পিত্তং গত্বাপুষ্ণাতি।২৮।**

স্বকীয় অগ্নি কর্ত্তৃক পচ্যমান রক্ত হইতে যে মল নির্গত হয় সেই পিত্ত

সমান বায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া প্রধান ধমনী পথদ্বারা শরীরারম্ভক পাচক নামক পিত্তে গমন করিয়া পাচক পিত্তকে পোষণ করে ২৮ ।

ততঃ সারভূতস্য রক্তস্য দ্বৌভাগৌ ভবতঃ ততঃ স্থূলঃ সূক্ষ্মশ্চ ততঃ সূক্ষ্মোভাগো রঞ্জকাখ্যেন রক্তী কৃতঃ শরীরারম্ভকং রক্তং পোষয়ন্ ব্যানবায়ুনা প্রেরিতো ধমনীভিঃ সঞ্চরন্ সকল শরীর গতানি রুধিরাণি পুষ্ণাতি ।। ২৯ ।। * ।।

পশ্চাৎ সারভূত রক্তভাগদ্বয় হয় স্থূল এবং সূক্ষ্ম পশ্চাৎ সূক্ষ্মভাগ রঞ্জক নামক পিত্ত কর্ত্তৃক রক্তহইয়া শরীরারম্ভক রক্তকে পোষণ করত ব্যানবায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া ধমনী পথদ্বারা সকল শরীর গতরক্তকে পোষণ করে ।২৯

ততঃস্থূলোভাগোব্যানবায়ুনা প্রেরিতোধমনীভিঃ শিরাভিশ্চশরীরারম্ভকানি মাংসানি যাতি ।। ৩০ ।।

পশ্চাৎ স্থূলভাগ রক্ত ব্যানবায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া স্থূলনাড়ী দ্বারা শরীরারম্ভক মাংসহয়েন ৩০

ততোমাংসাগ্নিনাপুনঃপচ্যমানংপঞ্চাহোরাত্রাৎ সার্দ্ধদণ্ডঞ্চ যাবন্মাংসেষ্বব তিষ্ঠতি ।। ৩১ * ।।

তৎপশ্চাৎ মাংসাগ্নি কর্ত্তৃক মাংসপচ্যমানহইয়া পঞ্চাহোরাত্রি দেড় দণ্ডকাল প্রাকৃত মাংস ধাতুতে স্থিতি করে ।। ৩১ ।।

ততঃপচ্যমানাত্তস্মান্মলং নির্গচ্ছতি তদ্ব্যানবায়ুনা ক্ষিপ্তং কর্ণাবগত্য কর্ণবিট্ ভবতি ।। ৩২ ।। * ।।

পশ্চাৎ পক্কমাংস হইতে মলনির্গত হয় সেইমল ব্যানবায়ুকর্ত্তৃক ক্ষিপ্ত হইয়া কর্ণে গমন করিয়া কর্ণমল হয়েন ৩২ ।।

ততঃ সারভূতস্য মাংসস্য দ্বৌভাগৌ ভবতঃ স্থূল সূক্ষ্মশ্চ ততঃসূক্ষ্মোভাগো মাংসানি পুষ্ণাতি ।। ৩৩।

অনন্তর মাংস ভাগদ্বয় হয় স্থূল এবং সূক্ষ্ম সূক্ষ্মভাগ মাংসকে পোষণ করে ৩৩ ॥

ততঃস্থূলভাগো ব্যানবায়ুনা প্রেরিতোধমনীভিঃ
শরীরারম্ভকস্য মেদসঃস্থানমুদরংযাতি ॥ ৩৪ ॥ ✽ ॥

পশ্চাৎ স্থূলভাগ ব্যানবায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া ধমনীপথদ্বারা শরীরারম্ভক মেদের স্থান উদরে গমন করে। ৩৪ ॥

ততোমেদসোঽগ্নিনাপুনঃ পচ্যমানং পঞ্চাহোরা
ত্রাৎ সার্দ্ধদণ্ডঞ্চ যাবৎ মেদস্যেব তিষ্ঠতি ॥ ৩৫ ॥ ✽

অনন্তর স্বকীয় অগ্নি কর্ত্তৃক মেদপচ্যমান হইয়াপঞ্চাহোরাত্রি দেড়দণ্ড কাল মেদে থাকেন ॥ ৩৫ ॥

ততঃ পচ্যমানাত্তস্মান্মেদসো মলং নির্গচ্ছতি প্র
স্বেদরূপঃ সচ শীতঃ স্রোতস্যেব তিষ্ঠতি ॥ ৩৬ ॥ ✽ ।

অনন্তর সেই পচ্যমান মেদ হইতে মল নির্গত হয়, সেই ঘর্ম্ম সে শীতল সূক্ষ্ম শিরাতে স্থিতি করে ৩৬ ।

শরীরাগ্নিনাক্ষিপ্তশ্চেৎ তদাব্যান বায়ুনা প্রেরিতঃ
শিরামার্গৈর্লোমকূপেভ্যো বহির্যাতি ॥ ৩৭॥ ✽ ॥

সেই ঘর্ম্ম যদি শরীরাগ্নি কর্ত্তৃক বিক্ষিপ্ত হয়েন তবে ব্যানবায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া শিরাপথ দ্বারা লোমকূপ হইতে বহির্নির্গত হয়েন ৩৭

জিহ্বাদন্ত কক্ষমেঢ়াদি মলঞ্চমেদো মলমিত্যেকে
ভাষন্তে ॥ ৩৮ ॥ ✽ ॥

জিহ্বা, দন্ত, কক্ষ, অর্থাৎ বগল লিঙ্গ এবং যোনি এই সকলের মল মেদের মল কোন২ পণ্ডিতেরা কহেন। ৩৮ ॥

ততঃ সারভূতস্য দ্বৌভাগৌ ভবতঃ স্থূলঃ সূক্ষ্মশ্চ
তত্র সূক্ষ্মভাগো মেদঃ পুষ্ণাতি উদরং তিষ্ঠন্ ব্যানবা
য়ুনা প্রেরিতঃ স্রোতোমার্গৈঃ সূক্ষ্মাস্থি স্থিতান্যপি মে
দাংসি পুষ্ণাতি ॥ ৩৯ ॥ ✽ ॥

অনন্তর সারভূত মেদের ভাগদ্বয় হয় স্থূল ও সূক্ষ্ম তাহার মধ্যে সূক্ষ্ম ভাগ, মেদকে পুষ্টি করেন উদরে স্থিত করত ব্যানবায়ুকর্ত্তৃক প্রেরিত হইয়া সূক্ষ্মশিরা পথদ্বারা সূক্ষ্মঅস্থিস্থিত যে মেদ তাহাকে পোষণকরেন ৩৯ ।

স্থূলোভাগো ব্যানবায়ুনা প্রেরিতো ধমনীভিঃ শিরাভিশ্চশরীরারম্ভকান্যস্থীনি যাতি ॥ ৪০ ॥ ❋ ॥

স্থূলভাগ মেদ ব্যানবায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া ধমনী পথ দ্বারা এবং শিরা পথদ্বারা শরীরারম্ভক অস্থিতে গমন করেন। ৪০ ।

ততোঽস্থ্যগ্নিনা পুনঃ পচ্যমানং পঞ্চাহোরাত্রাৎ সার্দ্ধদণ্ডঞ্চ যাবদস্থিষেব তিষ্ঠতি ॥ ৪১ ॥ ❋ ॥

অনন্তর অস্থির স্বকীয় অগ্নিদ্বারা পুনর্ব্বার পক্ব হইয়া পঞ্চাহোরাত্রি দেড় দণ্ড কাল অস্থিধাতুতে স্থিতি করেন ॥ ৪১ ॥

ততঃ পচ্যমানাত্তস্মান্মলো নির্গচ্ছতি সচ ব্যানবায়ুনা প্রেরিতঃ শিরামার্গৈ রাগত্যাঙ্গুলিষু নখাঃস্তনৌ লোমানি ভবন্তি ॥ ৪২ ॥ ❋ ॥

অনন্তর স্বকীয় অগ্নি কর্ত্তৃক পচ্যমান অস্থি হইতে মল নির্গত হয়, সেই অস্থিমল ব্যানবায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া শিরাপথদ্বারা অঙ্গুলির প্রতি আগত হইয়া নখ, স্তন, ও লোম সকল হয়েন ৪২ ।

ততঃ সারভূতস্যাস্থ্নো দ্বৌভাগৌ ভবতঃ স্থূলঃসূক্ষ্মশ্চ তত্রসূক্ষ্মভাগো ব্যানবায়ুনা প্রেরিতঃ স্রোতোমার্গৈর্মজ্জস্থানানি স্থূলাস্থ্যভ্যন্তরাণি যাতি ॥ ৪৩ ॥ ❋

অনন্তর সারভূত অস্থির ভাগদ্বয় হয় স্থূলভাগ এবং সূক্ষ্মভাগ তাহার মধ্যে সূক্ষ্মভাগ ব্যানবায়ু কর্ত্তৃক প্রেরিত হইয়া সূক্ষ্মশিরা পথদ্বারা স্থূল অস্থির মধ্যস্থানস্থিত মজ্জার প্রতিগমন করেন ৪৩ ।

ততো মজ্জাগ্নিনা পুনঃ পচ্যমানং পঞ্চাহোরাত্রাৎ সার্দ্ধদণ্ডঞ্চ যাবন্মজ্জান্যেব তিষ্ঠতি ॥ ৪৪ ॥ ❋ ॥

তৎপশ্চাৎ মজ্জাগ্নি কর্তৃক পুনর্ব্বার পক্ক হইয়া পঞ্চাহোরাত্রি দেড়দণ্ড কাল মজ্জাতে থাকেন ॥ ৪৪ ॥

ততঃ পচ্যমানাত্তস্মাৎমলং নির্গচ্ছতি তচ্চ ব্যান বায়ুনা প্রেরিতং শিরামার্গৈর্নয়নয়োরাগত্য নেত্র বিট্ চক্ষুষঃ স্নেহশ্চ ভবতি ॥ ৪৫ ॥ ॥

অনন্তর পচ্যমান মজ্জা হইতে মল নির্গত হয় সেই মজ্জ মল ব্যানবায়ু কর্তৃক প্রেরিত হইয়া শিরা পথদ্বারা নয়নদ্বয়েতে আগমন করিয়া নে ত্রমল অর্থাৎ পিচুটি এবং চক্ষু স্নেহ হয়েন । ৪৫ ॥

ততঃ সারভূতস্য মজ্জ্নঃ দ্বৌ ভাগৌ ভবতঃ স্থূলঃসূক্ষ্ম শ্চ তত্র সূক্ষ্মভাগো মজ্জানং পুষ্ণাতি ॥ ৪৬ ॥ ॥

অতঃপর সারভূত মজ্জার ভাগদ্বয় হয়, স্থূল এবং সূক্ষ্ম তাহার সূক্ষ্ম ভাগ মজ্জাকে পোষণ করেন ॥ ৪৬ ।

ততঃ স্থূলভাগো ব্যানবায়ুনা প্রেরিতোধমনীভিঃ শিরামুখৈশ্চ শুক্রস্যস্থানং সকলং শরীরংগত্বা শরী রারম্ভকেন শুক্রেণ সহ মিশ্রো ভবতি ॥ ৪৭ ॥ ॥

অনন্তর মজ্জার স্থূলভাগ ব্যানবায়ু কর্তৃক প্রেরিত হইয়া ধমনীপথ দ্বারা এবং শিরামুখদ্বারা শুক্রের স্থান সকল শরীরে গমন করিয়া শরীরারম্ভক শুক্রের সহিত মিলিত হয়েন । ৪৭ ।

ততঃ শুক্রাগ্নিনা পচ্যমানে তস্মিন্ মলোনাস্তি সহি সহস্রধ্মাত সুবর্ণবৎ । ৪৮ ॥ ॥

অনন্তর শুক্রাগ্নি কর্তৃক শুক্রপচ্যমান হইলে সেই শুক্রে মলনাই সেই শুক্র নির্ম্মল সহস্রবার দগ্ধ সুবর্ণের ন্যায় ॥ ৪৮ ॥

উক্তঞ্চ ॥ স্বাগ্নিভিঃ পচ্যমানেষু মজ্জান্তেষু রসা দিষু । ষট্সুধাতুষু জায়ন্তে মলানি মুনয়োজগুঃ ॥৪৯॥

রসাদি সপ্তধাতুর স্বকীয় অগ্নিদ্বারা পচ্যমান রসাবধি মজ্জপর্য্যন্ত ষট্ ধাতুতে মলজন্মে মুনি সকলে ইহা কহিয়াছেন । ৪৯ ॥

তথাচ। যথা সহস্রধাধ্মাতেন মলং কিলকাঞ্চনো। তথারসো মুহুঃপক্কেন মলং শুক্রতাংগতে ॥ ৫০॥ ॥

যেমন সহস্রবার দগ্ধস্বর্ণে মল থাকেন তাদৃশ রস বারম্বার পক্ক হইয়া শুক্র প্রাপ্ত হইলে মলশূন্য হয়েন ৫০।

ততঃ সারভূতস্য দ্বৌভাগৌ ভবতঃস্থূলঃ সূক্ষ্মশ্চ তত্রসূক্ষ্ম সেহ ভাগোজঃ তস্য লক্ষণ মাহ ॥ ৫১ ॥ ॥

অনন্তর সারভূতশুক্রভাগদ্বয় হয়, স্থূলএবংসূক্ষ্ম তাহারসূক্ষ্মভাগেতে ওজধাতু হয়েন তাহার লক্ষণ কহিতেছি ॥ ৫১ ॥

—⊷—

## ॥ ধাতু কথনং ॥

ওজঃসর্ব্বশরীরস্থং স্নিগ্ধংশীতং স্থিরংসরম্। সোমাত্মকং শরীরস্য বলপুষ্টি করম্মতং ॥ ৫২ ॥ তথাচ চেষ্টাসুপাটবংযত্তু বলং তদ ভিধীয়ত ইতি ॥ ৫৩ ॥

ওজ নামা ধাতুসকল শরীরস্থিত স্নিগ্ধ, শীতল; এবং স্থির, সর, সোমাত্মক অর্থাৎ জলীয়, অখিলদেহের বলপুষ্টি কারক বলকারক শরীর চেষ্টা পাটব ৫২ চেষ্টাতে যে পটুত সেই বল অভিধেয় হয় । ৫৩

তত্তুসুশ্রুতে রসাদীনাং শুক্রান্তানাং ধাতূনাং যৎ পারং তেজস্তৎ খল্বোজস্তদেব বলমিতি ॥ ৫৪ ॥ ॥

রসাদি শুক্র পর্য্যন্ত সপ্ত ধাতুর যে পরম তেজভাগ সেই ওজ সেইবল॥ ৫৪

তেজস্তেজ ইব অত্রায় মভিপ্রায় যস্মাদ্রসাদোজো ভবতি স রসঃ সর্ব্ব ধাতুস্থান গতত্বাত্তদ্ধাত্ত বন্মন্যত ইতি ॥ ৫৫ ॥ ॥

তেজ অর্থাৎ তেজের ন্যায় এখানে জানিহ এই অভিপ্রায়, যে রসহইতে ওজ হয় সেই রস সকলধাতু স্থান গত হেতুক সেই ধাতুরন্যায় মান্য অর্থাৎ সর্ব্ব ধাতুতে ওজ ভাগ আছে ৫৫

সর্ব্বধাতুনাংস্নেহমোজঃ। ক্ষীরেঘৃতমিব তদেববল
মিতি ॥ তৎকার্য্য কারণয়োরভেদো পচারাদভেদ
কথনঞ্চ চিকিৎসৈক্যার্থং ॥ ৫৬ ॥ ❀ ॥

সকল ধাতুসস্নেহ ওজ যেমন দুগ্ধে ঘৃত তদ্রূপ সেই বল কার্য্য কারণে
র অভেদ উপচার হেতুক অভেদ কথন চিকিৎসার ঐক্য নিমিত্ত। ৫৬

অন্যচ্চ। গুরুশীতং মৃদুস্নিগ্ধং সান্দ্রংস্বাদুস্থিরং ত
থা। প্রসন্নংপিচ্ছিলং সূক্ষ্মমোজো দশগুণংস্মৃতং।৫৭॥

অন্য কহেন, ওজ ধাতুর দশটী গুণ জানিহ। ভার, শীতল, কোমল, স্নিগ্ধ
ঘন, মিষ্ট স্থির প্রসন্ন পিচ্ছিল, সূক্ষ্ম ৫৭।

চরকেতু। অষ্টবিন্দুপ্রমাণন্তু দীষদ্রক্তং স পীতকং
অগ্নিসোমাত্মকত্বেন দ্বিরূপং বর্ণিতন্তু তৎ ॥ ৫৮ ॥

চরকে এই উক্ত। ওজধাতু অষ্ট বিন্দু প্রমাণ, অল্প রক্ত বর্ণ, পীতবর্ণ
সহিত, আগ্নেয়ত্ব এবং সৌমত্ব প্রযুক্ত দ্বিরূপ হয়েন॥ ৫৯।

বাগ্‌ভটেতু ॥ ওজশ্চতেজোধাতূনাংশুক্রান্তানাং
পরংস্মৃতং। হৃদয়স্থমপিব্যাপিদেহস্থিতি নিবন্ধনং॥৫৯

বাগ্‌ভটেও কহিয়াছেন। ওজধাতু সকল ধাতুর পরমতেজ, হৃদয়স্থ হইয়া
সর্ব্বদেহ ব্যাপি এবং নিখিলদেহস্থিতির নিবন্ধন। ৫৯।

যস্যপ্রবৃদ্ধৌ দেহস্য তুষ্টিপুষ্টি বলোদয়াঃ। যন্না
শেপি যতোনাশো যস্মিংস্তিষ্ঠতি জীবনং ॥ ৬০ ॥

এবং যে ওজধাতুর বৃদ্ধিতে দেহেরপুষ্টিতা এবংবলের উদয় হয় এবং
যে ওজধাতুনাশে শরীরনাশ, এবং যাহার স্থিতিতে জীবন॥ ৬০॥

নিষ্পাদ্যন্তে যতো ভাবা বিবিধা দেহসংশ্রয়াঃ।
উৎসাহপ্রতিভাধৈর্য্য লাবণ্য সুকুমারতা ॥ ৬১ ॥

যে ওজধাতু হইতে শরীরাশ্রিত বিবিধ প্রকার ভাব নিষ্পন্নহয়, এবং

উৎসাহ ও দীপ্ততা, ও ধৈর্য্য ও লাবণ্য এবং সুকুমার ভাব অর্থাৎ শরীর সুকোমলতা। ৬১

ততঃ স্থূলভাগো রসো মাসেন পুংসাং শুক্রং স্ত্রীণামার্ত্তবং শুক্রঞ্চ ভবতি। উক্তঞ্চ সুশ্রুতেন। এবং মাসেন রসঃ শুক্রী ভবতি স্ত্রীণাঞ্চার্ত্তবঞ্চ ভবতীতি ॥৬২

তৎপশ্চাৎ স্থূলভাগকষ একমসেতে পুরুষের শুক্রহয় স্ত্রীলোকের আর্ত্তব এবং শুক্রহয় সুশ্রুতে উক্তএই ৬২।

অতএবোক্তং সুশ্রুতে। যে গতোপিস্রবত্যেবশুক্রং পুংসঃসমাগতে। তন্নগর্ভস্য কিঞ্চিত্তু করোতীতি ন বিদ্যতে ॥ ৬৩ ॥ গর্ভস্য শুদ্ধস্য। বিকৃত গর্ভস্য কারণ মপি ভবতি ॥ ॥

অতএব সুশ্রুতে উক্তএই পুরুষের সমাগমে এবং সংযোগেতে স্ত্রীলোকের শুক্র স্রাবহয় সেই শুক্রগর্ভের কিঞ্চিৎও করেণ না এবং বিদ্যমান থাকেননা শুদ্ধগর্ভের। কিন্তু বিকৃতগর্ভের কারণ হয় ৬৩।

যত উক্তং। যদানার্য্যাবুপেযাতাং বৃষস্যন্তৌ কথঞ্চন। মুঞ্চন্ত্যৌ শুক্রমন্যোন্য মনস্থিস্তত্রজায়তে।৬৪

যেহেতু উক্ত এই আছে কখন যদি নারীদ্বয় পরস্পর উপগত হয়, উভয়েরশুক্রত্যাক্ত হয় তাহাতে অনস্থি গর্ব্ভ হয়। ৬৪

এতেন স্ত্রীণাং সপ্তমোধাতুরার্ত্তবং শুক্রমষ্টমমিতি বোধিতম্। আশয়াদ্যধিক বৎ ॥ ৬৫ ॥ ॥

এই কারণ স্ত্রীলোকের দিগের আর্ত্তব সপ্তম ধাতু শুক্রঅষ্টমধাতু এই বোধ হইল। যেমন স্ত্রীলোকের গর্ভাশয় অধিক হইয়াছে। ৬৫

স্ত্রীণাং গর্ভোপযোগঃ স্যাদার্ত্তবং সর্ব্বসম্মতম্। তাসামপি বলংবর্ণং শুক্রপুষ্টিং করোতিহি ॥ ৬৬

স্ত্রীলোকের আর্ত্তবগর্ভ উপযুক্ত হয়, এইসকলেরি সম্মত। সেই সকল স্ত্রীর আর্ত্তবই বল এবং বর্ণ এবং শুক্র পুষ্টিকারক হয়। ৬৬॥

এবং রস এবকেদারকুল্য ন্যায়েন সর্ব্বান্ ধাতূন্ পূরয়ন্ মাসেন নব দণ্ডোত্তরেণ শুক্রমার্ত্তবঞ্চ ভবতীতি সিদ্ধান্তঃ॥ ৬৭॥ ॥

এবম্প্রকার, যেমন ক্ষেত্র অল্প নদীদ্বারা পূরণ হয়, তাদৃশ রসই সকল ধাতুকে পূরণ করিয়া নবদণ্ডাধিক মাসেতে শুক্র এবং আর্ত্তব হয় এই সিদ্ধান্ত। ৬৭।

এবং সতিরসাদ্রক্তমিতি সঙ্গত মেব। ততো মাংসং ততো রক্তাৎপত্তেরনন্তরং মাংসংজায়তে॥ ৬৮

এবম্প্রকার হইল, রস হইতে রক্তহয় এই সঙ্গত, তৎপরে রক্ত হইতে মাংসহয় মাংস হইতে মেদহয় মেদহইতে অস্থিহয় অস্থি হইতে মজ্জা হয় মজ্জাহইতে শুক্র হয় ৬৮

যত আহ। রসাদ্রক্তং ততো মাংসং মাংসান্মেদস্ততোঽস্থিচ। অস্থ্নশ্চজায়তেমজ্জা মজ্জ্নঃ শুক্রস্য সম্ভবঃ॥ ৬৯॥ ॥

এতৎ বচনার্থ পূর্ব্বলিখিত হইয়াছে॥ ৬৯।

রসঃ শরীরে ত্রিধা সঞ্চরতি। তথাচোক্তং সুশ্রুতে শব্দার্চ্চির্জ্জলসন্তানবৎত্রিধা। সঞ্চরত্যনুরূপোয়ং নিত্য মেবহি দেহিনাং॥ ৭০॥ ॥

শরীরে রসের ত্রিবিধ প্রকার গতি শুশ্রুতে উক্ত এই শরীরে শব্দ ও দীপ্ত ও জল বিস্তারের ন্যায় সঞ্চারণ হয়। দেহিদিগের নিত্যই এইরূপ রস গতি করেণ। ইহার এই অভিপ্রায় পুরুষ সকল তীক্ষ্ণাগ্নি এবং মধ্যমাগ্নি এবং মন্দাগ্নি বিশিষ্ট হয়েন তাহাতে তীক্ষ্ণাগ্নি বিশিষ্ট পুরুষের রস শব্দেরন্যায় শীঘ্রসঞ্চারণ মধ্যমাগ্নি পুরুষেরঅগ্নিদীপ্তির ন্যায় সঞ্চরণ। মন্দাগ্নি পুরুষের জলসঞ্চারের ন্যায় মন্দ মন্দ রস গমন করেণ

যেউক্ত আছে মাসেতে রস শুক্র হয়েন তন্মধ্য মাগ্নির পক্ষে উক্ত। দী প্তাগ্নি পুরুষের কিঞ্চিৎ ন্যূনমাসেতে শুক্র হয়। মন্দাগ্নি পুরুষের কিঞ্চিৎ অধিক মাসেতে শুক্র হয় এই সিদ্ধান্ত ॥ ৭০॥

তর্হি বাজীকরণানামৌষধানাং কিং প্রয়োজন মি ত্যত আহ। বাজীকরণ্য ওষধ্যঃ স্বপ্রভাব গুণোচ্ছ্রয়া দ্বিরেচয়ন্তি ॥ ৭১। ॥

যদি এইরূপ মাসেতে এবং ন্যূনাধিক মাসের রস শুক্র হয়েন। তবে বাজী করণ ঔষধ সকলের কি প্রয়োজন এই কারণ কহিতেছেন। বাজী করণ সকল ওষধি অর্থাৎ শুক্র বৃদ্ধি কারক ওষধি স্বকীয় প্রভাব গুণোৎ কর্ষহেতুক শুক্রকে রেচন করেন। ৭১

বিরেচয়ন্তি তাঃ শুক্রং বিরেকি দ্রব্যবন্নৃণাং ॥ ৭২।

সেই বাজীকরণ ওষধি বিরেচনকারি দ্রব্যের ন্যায় মনুষ্যদিগের শুক্র রেচন করায়। ৭২।

বাজীকরণ্যঃ যাভিরো যধিভিঃপুরুষঃ শুক্রাধিক্যাৎ স্ত্রীষু বাজীবৎ সামর্থ্যং প্রাপ্নোতি ॥ ৭৩ ॥ ॥

বাজীকরণ ঔষধি এই যে ওষধি দ্বারা পুরুষ শুক্রাধিক্য প্রযুক্ত স্ত্রীতে যে ঘোটকের ন্যায় সামর্থ প্রাপ্ত হয়েন॥ ৭৩।

বাজীকরণ্যঃ স্বপ্রভাবগুণোচ্ছ্রয় ৎ তত্র কাংশ্চিদৌ ষধ স্বপ্রভাবাধিক্যাৎ কাংশ্চিৎ স্বগুণাধিক্যাৎ কাং শ্চিৎ স্বপ্রভাবগুণাধিক্যাৎ ॥ ৭৪ ॥ ॥

বাজীকরণ ঔষধ সকলের স্বকীয় প্রভাব গুণোৎকর্ষ হইতে শুক্র রেচন হয়, তাহাতে কোন ওষধের স্বকীয় প্রভাবাধিক্য হইতে কোন ঔষধের স্বকীয় গুণাধিক্য হইতে কোন ঔষধের স্বকীয় প্রভাব গুণাধিক্য হইতে॥ ৭৪।

তত্র সংকল্প পাদলেপাদিনিষ্ট কালাস্পর্শাদয়ঃ। স্বপ্রভাবাধিক্যাৎ শুক্রং রেচয়ন্তি। ঘৃতক্ষীরাদয়ঃ স্ব গুণাধিক্যং স্নিগ্ধত্বাদ্যাধিক্যাৎ ॥ ৭৫॥ ॥

তাঁহাতে মানসিক কার্য্যোদয় হইলে শুক্ররেচন হয়, এবং পাদতলে ঔষধ লেপন দ্বারা শুক্রক্ষরিত হয় বাজীকরণ প্রকরণে পাদলেপ ঔষধ বিহিত আছে এবং কালস্পর্শ যথাবসন্তখাতু সমাগমে শুক্ররেচন হয় স্বপ্রভাবাধিক্যে শুক্রকে রেচনকরাণ ঘৃতদুগ্ধাদি স্বকীয় গুণাধিক্য হইতে এবং স্নিগ্ধত্বাদি আধিক্য হইতে শুক্র রেচন করাণ। ৭৫॥

মাষাদ্যশ্চ স্বপ্রভাব স্নিগ্ধত্বাদি গুণাধিক্যাৎ ॥ ৭৬

মাসকলাই প্রভৃতি যথামাস রাজমাস স্বকীয় প্রভাব স্নিগ্ধত্বাদি গুণাধিক্যেতে শুক্র রেচন করাণ ॥ ৭৬॥

বল্যবৃংহণ জীবনীয়গণাদয়স্তথ্যোদ্ভবাঃ। বিরেচয়ন্তি স্বপ্রভাব গুণাধিক্যাচ্ছীঘ্রগাঃ। রসোৎপাদন পূর্ব্বকং শুক্রং জনয়িত্বা প্রবর্ত্তয়ন্তি। ৭৭॥ ॥

বলদায়ক ঔষধিগণ এবং শুক্রবর্দ্ধন ঔষধিগণ, এবং জীবনদায়ক ঔষধিগণ সকল যেমন বাজীকরণ ওষধি শুক্র বিরেচন করাণ তাদৃশ স্বকীয় প্রভাব গুণাধিক্যেতে রসোৎপত্তি পূর্ব্বক শুক্রকে উৎপন্ন করিয়া নিঃসৃতকরাণ ৭৮

যত আহ। দুগ্ধং মাষাশ্চ ভল্লাতকফলমজ্জা ফলানি চ জনকানি নিগদ্যন্তে রেচকানি চ রেতসঃ ॥ ৭৮ ॥ ॥

দুগ্ধ এবং মাসকলাই ও ভেলাফলের মজ্জা এবং ফল ইহারা শুক্রজনক এবং রেচক হয়েন ৭৯।

অনুবালানাং কথং শুক্রং ন দৃশ্যত ইত্যাহ। বালানাং শুক্র মস্ত্যেব কিন্তু সৌক্ষ্ম্যান্ন দৃশ্যতে। পুষ্পাণাং মুকুলে গন্ধো যথা সন্নপি নাপ্যতে ॥ ৭৯॥ ॥

বালকদিগের কিহেতু শুক্র দৃষ্ট হয়না এইহেতু কহিতেছেন। বালকদিগের শুক্র আছে কিন্তু সূক্ষ্মভাবপ্রযুক্ত দৃশ্য হয়না। যেমন পুষ্পমুকুলে গন্ধঘ্রাণ বিষয়ী ভূত হয়না গন্ধআছেই। ৮০॥

তেষাং তদেব তারুণ্যে স্ফুটত্বাৎ ব্যক্ততামেতি। ৮১

সেই বালকদিগের তরুণাবস্থায় সেইশুক্র প্রকাশ প্রাপ্তহয়েন ॥ ৮১॥

কুসুমানাং প্রফুল্লানাং গন্ধঃপ্রাদুর্ভবেদ্যথা ।রোম
রাজ্যাদয়ঃপুংসাং নারীণামপি যৌবনে ॥ ৮২ ॥ ❀

যাদৃশ প্রফুল্ল পুষ্পের গন্ধ প্রাদুর্ভাব হয় । তাদৃশ পুরুষের যৌবনে লোম শ্রেণী শুক্র প্রাদুর্ভাব প্রভৃতি হয় । এবং নারীর এতাদৃশসৌকল্য প্রকাশ হয় ॥ ৮২ ।

জায়তে তত্রয়োর্ভেদো জ্ঞেয়োব্যাখ্যা নতঃসচ ॥ ৮৩

নারী এবং পুরুষের যে ভেদ হয় তাহা বিশেষ কথনে জ্ঞেয় হইয়াছে যথ পুরুষের লোমশ্রেণী শ্মশ্রু প্রভৃতি অর্থাৎদাড়ি, স্ত্রীলোকের লোম শ্রেণী এবং স্তন্য এবং আর্ত্তব শোণীত প্রভৃতি ৮৩ ।

ননুঅন্নরসোবৃদ্ধস্য ধাতুবৃদ্ধিং কথং ন করোতী
ত্যাহ ' বার্দ্ধকে বর্দ্ধমানেন বায়ুনা রস শোষণাৎ । ন
তথা ধাতুবৃদ্ধিঃস্যাত্তস্তত্রানিলং জয়েৎ ॥ ৮৪ ॥ ❀

আহাররস বৃদ্ধের কি হেতু ধাতু বৃদ্ধি না করেণ এই নিমিত্ত কহিতেছেন বার্দ্ধক্য বস্থায় বর্ত্তমান বায়ু কর্ত্তৃক রস শুষ্ক হেতুক তাদৃশ ধাতু বৃদ্ধি হয়না সেই হেতুক বৃদ্ধাবস্থাতে বায়ুকে জয় করিবেক ॥ ৮৪ ॥

॥ অথ শুক্রস্য স্বরূপ মাহ ॥

শুক্রংসৌম্যং সিতংস্নিগ্ধং বলপুষ্টিকরংস্মৃতং।
গর্ব্ভবীজং বপুঃসারো জীবস্যাশ্রয় উত্তমঃ ॥ ৮৫ ॥ ❀

অনন্তর শুক্রের স্বরূপ কহিতেছেন ।শুক্রসৌম্য এবং শুক্লবর্ণও স্নিগ্ধ ও বল পুষ্টিকারক গর্ব্ভের বীজং এবং শরীরের সার, এবং জীবের উত্তম আশ্রয় ॥ ৮৫ ॥

জীবে বসতি সর্ব্বস্মিন্দেহে তত্র বিশেষতঃ । বীর্য্যে
রক্তে মলেযস্মিন্ক্ষীণেযাতি ক্ষয়ংক্ষণাৎ ॥৮৬ ॥ ❀

সকল দেহেতে জীববাস করিতেছেন তাহাতেবিশেষ রূপ শুক্রেতে এবং রক্তে ও মলে যে বীর্য্য রক্ত মল ক্ষীণ হইলে ক্ষীণেতেজীবক্ষয় প্রাপ্তহয়েন ॥ ৮৬ ।

॥ অথ গর্ভস্য জনন যোগ্যস্য শুক্রস্য লক্ষণমাহ ॥

স্ফটিকাভং দ্রবং স্নিগ্ধং মধুরং মধুগন্ধি চ। শুক্র মিচ্ছন্তি কেচিত্তু তৈলবিন্দু নিভঞ্চযৎ ॥ ৮৭॥ ॥

অনন্তর গর্ভজনন যোগ্য শুক্রের চিহ্ন স্ফটিকের আভার সদৃশ আভা এবং দ্রব ও স্নিগ্ধ ও মধুর তথা মধুরগন্ধ বিশিষ্ট, তৈলবিন্দু সদৃশ ও যে শুক্র সেও গর্ভজনন যোগ্য কোন পণ্ডিত ইচ্ছা করেণ॥ ৮৭ ॥

॥ অথ শুক্রস্থান মাহ ॥

যথা পয়সি সর্পিস্তু গুড়শ্চেক্ষুরসে যথা। এবংহি সকলে কায়ে শুক্রং তিষ্ঠতি দেহিনাং ॥ ৮৮ ॥ ॥

অনন্তর শুক্রস্থান কহিতেছেন। যেমন দুগ্ধেতে ঘৃত আছেই এবং ইক্ষুরসে গুড় আছে। এবংপ্রকার শরীরির সকল শরীরে নিশ্চয় শুক্র আছেন।৮৮

তত্র সর্পির্দৃষ্টান্তো বহুশুক্রে অল্প মথনেন সর্পিঃশুক্রয়োর্লাভাৎ। ইক্ষুরসদৃষ্টান্তস্তু স্বল্পশুক্রে পুংসি অতিপীড়নে নেক্ষুরস শুক্রয়োর্লাভাৎ ॥ ৮৯॥ ॥

তাহাতে ঘৃতের দৃষ্টান্ত বহু শুক্রে অল্প মন্থনেতে ঘৃত শুক্রের লাভ হেতুক। ইক্ষুরস দৃষ্টান্ত অল্পশুক্র বিশিষ্ট পুরুষের অতি পীড়ন হইলে ইক্ষুরস শুক্রের অলাভ হেতুক॥ ৮৯॥

॥ অথ শুক্রস্য ক্ষরণ মার্গমাহ ॥

দ্ব্যঙ্গুলে দক্ষিণেপার্শ্বে বস্তিদ্বারস্য চাপ্যধঃ। মূত্র শ্রোতঃ পথেশুক্রং পুরুষস্য প্রবর্ত্ততে ॥ ৯০ ॥ ॥

অনন্তর শুক্রের ক্ষরণ পথ কহিতেছেন। বস্তিদ্বারের অধঃ অর্থাৎ লিঙ্গের অধ দক্ষিণ পার্শ্বের অঙ্গুলদ্বয় মধ্যে মূত্রবাহিনী নাড়ীপথে পুরুষের শুক্র প্রবর্ত্ত হয়েন ॥ ৯০॥

বৃদ্ধ বাগ্ভটো প্য হ। সপ্তমী শুক্রধরা ঘ্যঙ্গুলে দ
ক্ষিণেপার্শ্বে বস্তিদ্বারস্য চা গ,ধঃ। মূত্রমার্গ মাশ্রিতা
সকল শরীরব্যাপিনী শুক্রং প্রবর্ত্তয়তীতি সপ্তমী
কলা ॥ ৯১ ॥ ॥

বৃদ্ধবাগ্ভট কহিয়াছেন বস্তিদ্বারের অর দক্ষিণ পার্শ্বের দ্ব্যঙ্গুলে দক্ষিণে মধ্যে মূত্রপথ কে আশ্রয় করি য়াছেন যে শুক্র ধারিণী সপ্তমীকলা এবং সকলশরীর ব্যাপিনী শুক্রকে প্রবর্ত্ত করেণ কলা৭ রে কথিত হইবেক ৯১

॥ অথ শুক্রস্য স্রবণ কারণ মাহ ॥

কৃৎসদেহস্থিতংশুক্রং প্রসন্নমনসস্তথা। স্ত্রীষুব্যা
যচ্ছতশ্চাপি হর্ষাত্তৎ স প্রবর্ত্তে॥ ৯২ ॥ ॥

অনন্তর শুক্রের ক্ষরণ কারণ কহিতেছেন সাকল্য শরীরস্থিত যে শুক্র স্ত্রী বিষয়ে সুরতরূপ ব্যায়াম কর্ম্মাদি এবং প্রসন্নান্তঃকরণ বিশিষ্ট পুরুষের হর্ষ হেতুক সেইশুক্র সম্যক প্রকারে উপস্থিত হয় ॥ ৯২ ।

অন্যচ্চ ॥ শুক্রংকামেন কামিন্যা দর্শনাৎস্পর্শনা
দপি। শব্দ সংশ্রবণাদ্ধ্যানাৎ সম্ভোগাচ্চ প্রবর্ত্ততে ॥ ৯৩

অন্যে কহেন। কামহেতুক কামিনীর দর্শন এবং স্পর্শন ও শব্দশ্রবণ এবং চিন্তন সম্ভোগ হেতুক শুক্র প্রবর্ত্ত হয়েন ৯৩ ॥

॥ অথার্ত্তবস্য স্বরূপ মাহ ॥

স্ত্রীণাং মাসেন রস এবার্ত্তবং ভবতী্যুক্তা পুনরাহ
সুশ্রুত এব ॥ ৯৪ ॥ ॥

অনন্তর আর্ত্তবের স্বরূপ কহিতেছেন স্ত্রীদিগের রসই মাসেতে আর্ত্তব হয়েন এইউক্ত করিয়া পুনর্ব্বার সুশ্রুত কহিয়াছেন ॥ ৯৪ ॥

রসাদেব রজস্ত্রীণাং মাসিমাসি ত্র্যহংস্রবেৎ। তদ্ব
র্ষাদ্দ্বাদশাদূর্দ্ধং যাতিপঞ্চাশতঃক্ষয়ং ॥ ৯৫ ॥ ॥

স্ত্রীদিগের রস হইতে যে রজহয়, সেই শোণিত মাসে মাসে ত্রিদিবসব্যাপী

স্রাবহয়। সেই ঋতুকালিক রক্ত দ্বাদশ বৎসরের ঊর্দ্ধহয়, পঞ্চাশত বৎসরের পরক্ষয় প্রাপ্তহয় ৯৫ ॥

মাসেনোপচিতৎকালে ধমনীভ্যাং তদার্ত্তবং। ঈষৎ
দ্বিবর্ণং কৃষ্ণঞ্চ বায়ুর্যোনি মুখং নয়েৎ ॥ ৯৬ ॥ ॥

মাসেতে উপচিত ঋতুভব শোণিত, অল্পবিবর্ণ, কৃষ্ণবর্ণ অল্প যথা বিহিত কালে যোনি মুখেতে ধমনী পথ হইতে বায়ু আনয়ন করেন ৯৬

॥ গর্ভ গ্রহণযোগ্যস্যার্ত্তবস্য লক্ষণ মাহ ॥

শশাসৃকপ্রতিমং যচ্চ যদ্বালাক্ষারসোপমং। তদা
র্ত্তবং প্রশংসন্তি যদ্বাসোন বিরঞ্জয়েৎ ॥ ৯৭ ॥ ॥

গর্ভগ্রহণ যোগ্য আর্ত্তবের লক্ষণ কহিতেছেন, শশারু জন্তুর রক্তের সদৃশ যেরক্ত, কিম্বা লারক্কাথেরতুল্য, সেই আর্ত্তব প্রশংসনীয় যে শোণিত বস্ত্রকে রঞ্জন করেনা, অর্থাৎ বস্ত্রলগ্ন ক্ষালিত হইলেরক্তচিহ্ন থাকেনা আর্ত্তবের বর্ণদ্বয় কথন বাতাদি প্রকৃতি ভেদেতে বর্ণ ভেদ। ৯৭।

ঋতুস্ত্রীণাং রজোদর্শনাৎ ষোড়শনিশা। তত্র ভবমার্ত্ত
বং গৃহীত গর্ভাণাং স্ত্রীণামার্ত্তব বহানাং স্রোতসাং
গর্ভেণাবরোধা দার্ত্তবং ন স্রবতি কিন্তুতদেবাধঃ প্রতি
হত মূর্দ্ধমাগত মুপচীয়মান মপরং ভবতি ॥ ৯৮ ॥

স্ত্রীদিগের শোণিত দর্শনহেতুক ঋতু ষোড়শরাত্রি তাহাতে উৎপত্তি আর্ত্তব। গৃহীতগর্ভা স্ত্রীদিগের আর্ত্তববহ নাড়ী সকলের গর্ভ করণক অবরোধ হেতুক আর্ত্তব স্রাব হয়না কিন্তু সেই আর্ত্তব অধোগতি রুদ্ধ হইয়া ঊর্দ্ধগত হয়, সঞ্চিত হইয়া স্তনের স্থৌল্য করেন ॥ ৯৮ ॥

শেষংচোর্দ্ধতরমাগতং পয়োধরৌযাতি তস্মাদ্গ
র্ভিণ্যঃ পীনোর্দ্ধায়তপয়োধরা ভবন্তি ॥ ৯৯ ॥ ॥

শেষার্ত্তব ঊর্দ্ধতর আগমন করিয়া পয়োধরদ্বয় প্রাপ্ত হয়েন, সেইহেতুক গর্ভিণী সকল পীনোচ্চপয়োধরা হয় অর্থাৎ অতি স্থূলস্তনী ৯৯ ॥

।। অথ ধাতুষ্বতিরিক্তান গুণানাহ ।।

অতিরিক্তাগুণারক্তে বৃদ্ধেমাংসেস্তু পার্থিবাঃ । মে
দস্যাপ্যাং ভূবস্তুস্থি পৃথিব্যনিল তেজসাং ।। ১০০ ।।
মজ্জশুক্রেচ সৌমস্য মূত্রেতু শিখিনো গুণাঃ । ভূবস্তু
খাত্তবেত্বগ্নে রসে ক্ষীরে স্তথাম্ভসঃ ।। ১০২ ।। ✽ ।।

অনন্তর ধাতুতে অতিরিক্ত ভুত গুণ কহিতেছেন। বৃদ্ধরক্তে এবং মাংসে তে পৃথিবী গুণাধিক্য মেদেতেও পৃথিবী বাহুল্য, অস্থিতে পৃথিবী এবং বায়ুর গুণাধিক্য, মজ্জাতে এবং শুক্রেতে জল গুণাধিক্য, মূত্রেতে অগ্নি র এবং পৃথিবীর গুণ ধিক্য। আর্ত্তবে অগ্নির গুণাতিরিক্ত, রসএবং দুগ্ধে জলের গুণাধিক্য। ১০১

---

।। অথ ধাতূনাং মলঃ ।।

কফঃপিত্তং মলঃখেষু প্রস্বেদো নখ রোমচ । নেত্র
বিট্চক্ষুসঃ স্নেহো ধাতূনাং ক্রমশো মলাঃ ।। ১০২ ।। নে
ত্রজিহ্বা কপালানাং জলঞ্চ রসজং মলমিত্যকে ।। ১০৩

অনন্তর ধাতু সকলের মল কথিত হইতেছে। ধাতু মল পুনঃ কথন বি শেষ কথনার্থ, কফ ও পিত্ত ও কর্ণনাভী মলা ও ঘর্ম্ম ও নখ ও লোম চক্ষুর মলা এবং চক্ষুস্নেহ ক্রমেতে ষট্ধাতুর মল হয়েন নেত্র জিহ্বা কপালের জল রসজ মল, এই কেহ কহেন। শুক্রের মল নাই ।। ১০৩ ।।

রসনা দন্তকক্ষামেঢ্রাদীনা মপি মেদোমল মিত্যে
কে ।। ১০৪ ।। ✽ ।।

জিহ্বা দন্ত এবং কক্ষদেশ এবং লিঙ্গ এই সকলের ক্লেদ মেদোমল, কেহ কহেন। ১০৪ ।।

অথোপধাতবঃ। বনিতানাং প্রসূতানাং ধমনী-
ভ্যাং স্তনৌগতাৎ। রসাদেবহিজায়েত স্তন্যং স্তন
যুগাশয়ং ।। ১০৫ ।। ✽ ।।

প্রসূতা স্ত্রীদিগের নাড়ীদ্বারা স্তনগত রস হইতে স্তন্য অর্থাৎ স্তন দুগ্ধ এবং স্তন যুগলের স্থান হয়েন। ১০৫।

শুদ্ধমাংসস্যয়ঃস্নেহঃ সাবসা পরিকীর্ত্তিতা। মেদ
সন্তাপ্য আনস্য স্নেহোবা কথিতাবসা। ॥ ১০৬ ॥ ॥

শুদ্ধ মাংসের যে স্নেহভাগ সেই বসাধাতু হয়েন এবং উত্তপ্ত মেদের স্নেহভাগ ও বসা হয়েন। ১০৬।

শার্ঙ্গধরেত্ত। স্তন্যংরজোবসাস্বেদো দন্তাকেশাস্ত
থৈবচ। ওজশ্চ সপ্তধাতূনাং ক্রমাৎস্যুঃসোপধাতবঃ॥১০৭

স্তন্য, রজ, বসা, ঘর্ম, দন্তকেশ এবং ওজ এই সকল সপ্তধাতুর উপধাতু ক্রমেতে হয়েন যথা রসের স্তন্য, উপধাতু, রক্তের রজ অর্থাৎ ঋতুভব রক্ত, মাংসের বসা, মেদের ঘর্ম, অস্থির দন্ত কেশ, মজ্জার ওজ। ১০৭॥

---

॥ দোষাদির স্থান কথনং ॥

অথাশয়াঃ। উরোরক্তাশয়স্তস্মাদধঃ শ্লেষ্মাশয়ঃ স্মৃ
তঃ। আমাশয়স্তু তদধ স্তন্নিঙ্গঞ্চর কোবদৎ॥ ১০৮॥

বক্ষস্থল রক্তের স্থান, তাহা হইতে অধঃ শ্লেষ্মাস্থান, তাহার অধ আমস্থান ১০৮

নাভিস্তনান্তরংজন্তো রাহুরামাশয়ম্বুধাঃ। আম
শয়াদধঃপাকাশয়াদূর্দ্ধেস্তয়াকলাঃ॥ গ্রহিণীনামিকা
সৈব কথিতঃপাবকাশয়ঃ। ঊর্দ্ধমগ্ন্যাশয়োনাভে মধ্য
ভাগে ব্যবস্থিতঃ। তস্যোপরি তিলংজ্ঞেয়ং তদধঃ
পবনাশয়ঃ॥ পক্বাশয়স্ত তদধঃ সএবতু মলাশয়ঃ।
তদধঃ কথিতোবস্তিঃ সহিমূত্রাশয়োমতঃ॥ ১১২॥ ॥

নাভি ও স্তনমধ্যে প্রাণির আমাশয়। আমাশয়ের অধ পক্বাশয়ের ঊর্দ্ধ যে গ্রহিণী নামেতে কলা সেই কলা অগ্নিস্থান। নাভির মধ্যভাগ হইতে ঊর্দ্ধ অগ্নিস্থান। তাহার উপরে তিল প্রমাণ অগ্নি তদধভাগে বায়ুরস্থান তদধ পক্বাশয়, সেই মলাশয়, তদধ বস্তি সেই মূত্রস্থান ॥ ১১২॥

আশয়ানুক্রমস্তু বাগ্‌ভটে নোক্তঃ স যথা। রক্তস্যা ধঃক্রমাৎ পরে। কফামপিত্তবাতানামাশয়া মলমূত্র য়োরিতি॥ ১১৩॥ ❋ ।

স্থানানুক্রম বাগ্‌ভট কর্ত্তৃক উক্ত হইয়াছে তদ্‌যথা। রক্তাশয়ের অধ কফা শয়। কফাশয়ের অধ আমাশয়, তদধ পিত্ত, তদধ বায়ু, তদধ মল, তদ ধ মূত্র॥ ১১৩

পুরুষেভ্যোধিকাশ্চান্যে নারীণামাশয়াস্ত্রয়ঃ। ধরা গর্ভাশয়াঃ প্রোক্তাঃ পিত্তপক্বাশয়ান্তরে॥ স্তনৌপ্রসি দ্ধৌ তাবেব বুধৈঃস্তন্যাশয়ৌমতৌ। ১১৫। ❋ ॥

পুরুষদিগের হইতে নারী দিগের অন্য আশয় অধিক ত্রিবিধ প্রকার গর্ত্তাশয় পিত্তস্থান পক্কস্থান মধ্যে স্তন্যাশয় স্তনদ্বয় ১১৫॥

ইত্যায়ুর্ব্বেদ দর্পণে-আহারাদিগতে রসাদি ধাতূৎ পন্ন বিশেষকথন নাম পঞ্চমোল্লাসঃ। ❋ ❋ ❋

ইতি পঞ্চমোল্লাসঃ

| অশুদ্ধ | শুদ্ধ | পৃষ্ঠাঙ্ক | শ্লোকাঙ্ক |
|---|---|---|---|
| হৃংপদ্ম | হৃৎপদ্ম | ১ | ১ |
| দুরীকরণাথ | দূরীকরণার্থ | ১ | ১ |
| কৃয়তে | ক্রিয়তে | ২ | ৪ |
| সপণ্ডিত | সুপণ্ডিত | ২ | ৫ |
| আমুষ্মান | আয়ুষ্মৎ | ৪ | ১১ |
| অনায়ুষ্মান্ | অনায়ুষ্মৎ | ৪ | ১১ |
| আয়ুলাভ | আয়ুর্লাভ | ৪ | ১১ |
| ত্রিয়া | স্ত্রিয়া | ৭ | ৩১ |
| অথাৎ | অর্থাৎ | ৭ | ৩০ |
| তপকুশাং | তপঃকুশাং | ৮ | ৩২ |
| বাজ্যে | রাজ্যে | ৮ | ৩৪ |
| উপদেশ | উপদেশ | ৮ | ৩৬ |
| যোগোধারি | যোগধারি | ১১ | ৪৮ |
| ঈন্দ্রিয় | ইন্দ্রিয় | ১২ | ৪৯ |
| আযব | আয়ুর | ১১ | ৪৯ |
| লব্ধাং | লব্ধাং | ১৩ | ৬৪ |
| সংস্বয়ুং | সম্বয়ং | ১৭ | ৮২ |
| রচক | চরক | ১৭ | ৮৫ |
| খিত্তি | ক্ষিতি | ২৪ | ৯ |
| তদ/থা | তদ্যথা | ২৪ | ১০ |
| ব্রুক্ষা | ব্রহ্মা | ২৬ | ১৬ |
| রিষ্ণু | বিষ্ণু | ২৬ | ১৬ |

| | | | |
|---|---|---|---|
| অতউৰ্দ্ধ | অতউৰ্দ্ধ | ২৭ | ১৯ |
| স্বচেনা | স্বচেতনা | ২৭ | ২০ |
| বৃদ্ধি | বুদ্ধি | ২৮ | ২৪ |
| অহর্নিশং | অহর্নিশং | ২৯ | ২৬ |
| বৃদ্ধি | বুদ্ধি | ৩০ | ৩১ |
| দ্রব্য | দ্রব | ৩৪ | ৫২ |
| নিলিত্ত | নিমিত্ত | ৩৭ | ১ |
| অথাৎ | অর্থাৎ | ৩৮ | ৭ |
| ওষ্ঠ | ওষ্ঠ | ৩৯ | ১৫ |
| সথ্যো | মধ্যে | ৪০ | ২০ |
| ঘর্শন | ঘর্ষণ | ৪৩ | ৩৫ |
| শঙ্খনাড্যা | শঙ্খনাভ্যা | ৪৩ | ৩৮ |
| মত্‌স্যের | মৎস্যের | ৪৪ | ৩৯ |
| রমণো | রসনো | ৪৫ | ৪৪ |
| বজ্ঞা | বক্তা | ৪৫ | ৪৪ |
| তুত্র | পুত্রঃ | ৪৫ | ৪৭ |
| প্রছাব | প্রস্রাব | ৪৬ | ৪৯ |
| বিদ্যাৎ | বিদ্যাদ্ | ৪৬ | ৫১ |
| করিতেছেন | কহিতেছেন | ৪৬ | ৫১ |
| সুপষ্ট | সুপুষ্টঃ | ৪৮ | ৫৭ |
| চেক্ষাতে | চেক্ষ্যন্তে | ৪৮ | ৫৯ |
| ধ্বজোচ্ছায় | ধ্বজোচ্ছায়ং | ৪৯ | ৬১ |
| নসংশায়ং | নসংশয়ঃ | ৪৯ | ৬২ |
| পাল্লি | পালি | ৫২ | ৭৯ |
| জিহ্ণা | জিহ্বা | ৫২ | ৭৯ |

| | | | |
|---|---|---|---|
| দুদ্ধ | দুগ্ধ | ৫৩ | |
| প্রুফল্ল | প্রফুল্ল | ৫৩ | ৮৫ |
| হৃদ্বধিস্থান | হৃদধঃস্থান | ৫৫ | ৯৭ |
| লাড্যা | লাভ্যা | ৫৫ | ৯৮ |
| পুংস | পুংসঃ | ৫৬ | ১০৪ |
| অষ্টমং | চাষ্টমং | ৫৭ | ১০৬ |
| কূর্ব্বাশ্চ | কূর্চ্চাশ্চ | ৫৮ | ৩ |
| সংশ্রুয়া | সংশ্রয়াঃ | ৫৮ | ৬ |
| ধাত্র | রাত্র | ৫৮ | ৬ |
| পান | পানঃ | ৬১ | ২৫ |
| ওম্রো | তর্মো | ৬৩ | ৩৫ |
| সিথা | শিখা | ৬৪ | ৩৭ |
| বিশোষিভি | বিশোষয়ন্তি | ৬৬ | ৪৯ |
| পল্বনানি | পল্লবানি | ৬৬ | ৪৯ |
| জলনো | জ্বলনো | ৬৬ | ৪৯ |
| মমুখৈ | ময়ুখৈ | ৬৬ | ৫০ |
| তিষ্ঠভঃ | তিষ্ঠন্তি | ৬৬ | ৫১ |
| কেদনঃ | ক্লেদন | ৬৮ | ৬০ |
| ভব | ভবে | ৭০ | ৬৬ |
| পক্ক | পক্ব | ৭১ | ৭৬ |
| অর্থাৎ | অর্থাৎ | ৭২ | ৭৭ |
| যম্মাসং | যস্মাংসং | ৭৪ | ৮৫ |
| কার্য্যভি | কার্য্যান্তি | ৭৪ | ৮৫ |

| | | | |
|---|---|---|---|
| মদস্বিনো | মেদস্বিনে | ৭৪ | ৮৬ |
| শপ্ত | সপ্ত | ৭৫ | ৯২ |
| পঙ্কাশা | পঙ্কশো | ৭৫ | ৯৩ |
| নলকাস্থি | নলাকারাস্থি | ৭৭ | ৯৮ |
| রহু | রাহু | ৭৮ | ৩ |
| উত্তরো | উরো | ৭৮ | ৪ |
| ব্যালেন | ব্যানেন | ৮০ | ১৫ |
| গাগঃ | ভাগঃ | ৮৩ | ২৫ |
| স্থল | স্থূল | ৮৬ | ৪৩ |
| শিরাস্তি | শিরাস্থি | ৮৭ | ৪৫ |
| লিখিল | নিখিল | ৮৯ | ৫৯ |
| শরীরমাশ | শরীরনাশ | ৮৯ | ৬০ |
| রক্তাৎপত্তে | রক্তোৎপত্তে | ৯১ | ৬৮ |
| ছেরন | রেচন | ৯২ | ৭১ |
| মিগ্ধ | স্নিগ্ধ | ৯৩ | ৭৫ |
| শোণীত | শোণিত | ৯৪ | ৮৩ |
| পীতন | পীড়ন | ৯৫ | ৮৯ |
| কৃৎস | কৃৎস্ন | ৯৬ | ৯১ |
| দশন | দর্শন | ৯৬ | ৯৩ |
| শুশ্রূষু | সুশ্রান্ত | ৯৬ | ৯৪ |

IMPERIAL LIBRARY.